Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

ITI করুন ট্রাস্টের ডোনেশনে মাত্র ২০০০০/-
Naihati Pvt. ITI
NCVT স্বীকৃত
ইলেক্ট্রিশিয়ান ও ফিটার
8282824274, 8282983625
Web : www.naihatipvtiti.org

বর্ষ ৪০ সংখ্যা ১২ কলকাতা বুধবার, ১৬ অক্টোবর ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৯ আশ্বিন ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলে ২৫৯০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ২,৫৯০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেল। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ অনুসারে উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলের একাধিক ইউনিটের ডিভিশন ও ওয়ার্কশপে এক বছরের ট্রেনিং দেওয়া হবে মেশিনিস্ট, ওয়েল্ডার, ফিটার-সহ বিবিধ ট্রেডে। এই প্রশিক্ষণের নোটিফিকেশন নম্বর: NF/ACT APPRENTICES/01/2019 (Shortfall of 2018).

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। ম্যাসন ট্রেডের ক্ষেত্রে বিল্ডিং কনস্ট্রাক্টর, লাইনম্যান ট্রেডের ক্ষেত্রে ওয়্যারম্যান ট্রেড গ্রাহ্য হবে।

**কোন ডিভিশনে কত আসন: ডিভিশন আলিপুরদুয়ার: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: ওয়েল্ডার:** ১৪টি (সাধারণ ১৩, তফসিলি উপজাতি ১)। **ফিটার:** ৩৩টি (সাধারণ ১৮, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১০)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৫টি (সাধারণ ৯, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১,

এরপর চোদ্দোর পাতায়

## দিল্লি পুলিশে ৫৫৪ হেড কনস্টেবল

**শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক**

হেড কনস্টেবল (মিনিস্টেরিয়াল) পদে ৫৫৪ জন উচ্চমাধ্যমিক পাশ তরুণ-তরুণী নেবে দিল্লি পুলিশ। 'ডাইরেক্ট রিক্রুটমেন্ট ফর দ্য পোস্ট অব হেড কনস্টেবল (মিনিস্টেরিয়াল) ইন দিল্লি পুলিশ এক্সামিনেশন, ২০১৯'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে।

**শূন্যপদের বিন্যাস: পুরুষ:** ৩৭২টি (সাধারণ ১৪০, তফসিলি জাতি ৫৬, তফসিলি উপজাতি ৫৩, ও বি সি ৮৬, আর্থিকভাবে অনগ্রসর ৩৭)। **মহিলা:** ১৮২টি (সাধারণ ৬৯, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ২৬, ও বি সি ৪২, আর্থিকভাবে অনগ্রসর ১৮)।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে কম্পিউটারে ইংরেজিতে

এরপর চোদ্দোর পাতায়

শুভ বিজয়া



'কর্মক্ষেত্র'র পাঠক, লেখক, বিজ্ঞাপনদাতা, বিক্রেতা ও শুভানুধ্যায়ী সকলকে বিজয়ার প্রীতি ও শুভেচ্ছা জানাই।

## ম্যাঙ্গালোর রিফাইনারিতে ২১৩

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি, জুনিয়র কেমিস্ট ট্রেনি এবং ট্রেনি অ্যাসিস্ট্যান্ট পদে ২১৩ জনকে নেবে ম্যাঙ্গালোর রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যালস। প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফলভাবে প্রশিক্ষণ সম্পূর্ণ হওয়ার পর সংস্থায় চাকরির সুযোগ পাওয়া যেতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 78/2019.

শূন্যপদের বিবরণ: **টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি: কেমিক্যাল:** ১১৩টি (সাধারণ ৪৫, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩১, আর্থিকভাবে অনগ্রসর ১১)। এর মধ্যে ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত ও ১টি শূন্যপদ একটি পা ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল বা পলিমার বা রিফাইনারি ইঞ্জিনিয়ারিং/টেকনোলজিতে ডিপ্লোমা।

**মেকানিক্যাল:** ২৭টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**ইলেক্ট্রিক্যাল:** ৩৬টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং একটি পা ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

এরপর পনেরোর পাতায়

## বর্ডার রোডস অর্গানাইজেশনে ৫৪০ মাল্টি স্কিল্ড ওয়ার্কার

৫৪০ জন মাল্টি স্কিল্ড ওয়ার্কার (ড্রাইভার ইঞ্জিন স্ট্যাটিক) নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। এটি কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে নিয়োগ করা হবে। শুধুমাত্র পুরুষরা আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৩/২০১৯।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২২১, তফসিলি জাতি ৮১, তফসিলি উপজাতি ৪০, ও বি সি ১৪৫, আর্থিকভাবে অনগ্রসর ৫৩। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। পাশাপাশি, স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক মোটর বা ভেহিক্যল বা ট্র্যাক্টরে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে। অথবা ডিফেন্স সার্ভিস রেগুলেশন্স অনুসারে ড্রাইভার প্ল্যান্ট এবং মেকানিক্যাল ট্রান্সপোর্টে ক্লাস টু কোর্স পাশ করে থাকতে হবে। **বয়স:** ২৪-১১-২০১৯ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** ইস্টার্ন প্লেন রিজিয়নের অন্তর্গত পশ্চিমবঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেমি।

এরপর পনেরোর পাতায়

## ইসরোয় ৩২৩ সায়েন্টিস্ট

৩২৩ জন সায়েন্টিস্ট/ইঞ্জিনিয়ার এস সি' নেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। এটি কেন্দ্রীয় সরকারের মহাকাশ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ISRO:ICRB:03:2019.

**শাখা অনুসারে শূন্যপদ: পোস্ট কোড BE 001: ইলেক্ট্রনিক্স:** শূন্যপদ ১৩১টি (১০টি শূন্যপদ দৈহিক

এরপর পনেরোর পাতায়

## চণ্ডীগড় প্রশাসনে ৩০০ ক্লার্ক, স্টেনো-টাইপিস্ট

৩০০ জন ক্লার্ক ও স্টেনো-টাইপিস্ট (ইংলিশ) নেওয়া হবে চণ্ডীগড় প্রশাসনে। প্রথমে ৩ বছরের প্রবেশন। তবে কর্তৃপক্ষ মনে করলে প্রবেশনের মেয়াদ বাড়াতে পারে।

**শূন্যপদের বিন্যাস:** পোস্ট কোড CC#01: **ক্লার্ক:** শূন্যপদ ২৬৪টি (সাধারণ ১৬২, তফসিলি জাতি ৬৮, আর্থিকভাবে অনগ্রসর ৩৪)। এর মধ্যে ১৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৫০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। পোস্ট কোড CC#02: **স্টেনো-টাইপিস্ট (ইংলিশ):** শূন্যপদ ৩৬টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** উভয় ক্ষেত্রেই যে-কোনও শাখায় স্নাতক। পাশাপাশি, কোনও সরকারি বা আই এস ও ৯০০১ সার্টিফায়েড বা ডোয়েক বা এন আই ই

এরপর ষোলোর পাতায়

## কোস্টগার্ডে নাবিক

**শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক**

ট্রেনিং দিয়ে বেশ কিছু নাবিক নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। ১০ পাশ এন্ট্রিতে নিয়োগ হবে ডোমেস্টিক ব্রাঞ্চে কুক এবং স্টুয়ার্ড পদে। শুধুমাত্র ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০১/২০২০ ব্যাচে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক পাশ। তফসিলি, জাতীয় স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড় এবং কোস্টগার্ডে কর্মরত

এরপর ষোলোর পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




## ভিলাই স্টিল প্ল্যান্টে ২৯৪

অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি, অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি (ট্রেনি/বয়লার অপারেটর), জুনিয়র স্টাফ নার্স (ট্রেনি)-সহ বিভিন্ন পদে ২৯৪ জনকে নেবে ভিলাই স্টিল প্ল্যান্ট। এটি স্টিল অথরিটি অব ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BSP-30 (Rectt)./19-20.

ট্রেনি পদের ক্ষেত্রে প্রথমে ২ বছরের ট্রেনিং, পরে ১ বছরের প্রবেশন। অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান (বয়লার অপারেটর), মাইনিং মেট, মাইনিং ফোরম্যান এবং সার্ভেয়র পদের ক্ষেত্রে ১ বছরের প্রবেশন।

**শূন্যপদের বিবরণ: অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি:** মোট শূন্যপদ ১২১টি। **শাখা অনুসারে শূন্যপদ: মেকানিক্যাল** ৩৭টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১২, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য এবং ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **মেটালার্জি** ৩৪টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১২, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইলেক্ট্রিক্যাল** ৩৮টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইলেক্ট্রনিক্স** ৮টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ইনস্ট্রুমেন্টেশন** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় তিন বছরের ডিপ্লোমা।

**অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান (ট্রেনি/বয়লার অপারেটর):** মোট শূন্যপদ ৫৩টি। ট্রেড অনুসারে শূন্যপদ: **ফিটার** ১৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী

এরপর পনেরোর পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# ডাই সাবলিমেশন মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** এই মেশিনটির সাহায্যে টি-শার্ট, কাপ, প্লেট, টুপি, কুশন কভার, টাইলস, চাবির রিং প্রভৃতিতে বিভিন্ন ডিজাইন বা ছবি প্রিন্ট করা সম্ভব।

**কীভাবে করবেন:** যে ডিজাইন বা ছবি প্রিন্ট করতে চান অর্ডার অনুযায়ী সেই স্টিকার প্রথমে সংশ্লিষ্ট জিনিসের ওপর রেখে মেশিনের নির্দিষ্ট জায়গায় দিয়ে দিতে হবে। রাজাবাজার অঞ্চলে পছন্দমতো ডিজাইন বা ছবির স্টিকার কিনতে পাওয়া যায়। এবার মেশিন চালু করলে কয়েক সেকেন্ডের মধ্যে সেই স্টিকার জিনিসটির ওপর প্রিন্ট হয়ে বেরিয়ে আসবে। সবশেষে স্টিকারটিকে টেনে তুলে ফেলতে হবে। মেশিনটি চালাতে ½ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটরসমেত এই মেশিনটির দাম পড়বে ৮৫,০০০ টাকা। আরেকটি ছোট মেশিন আছে, তার দাম পড়বে ৪০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক’টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।**

□ ***আমি সবজি ও ফল রপ্তানি বিষয়ে** আগ্রহী। একাই পুরো কাজটা হয়তো পেরে উঠব না। আমি ‘কর্মক্ষেত্র’র ২ অক্টোবর সংখ্যায় ‘বাংলার সবজি ফল ফুল দেশে-বিদেশে বিপণনের অপার সম্ভাবনা’ শিরোনামের প্রতিবেদনটি পড়েছি। এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের কোর্সটি করব বলেও ঠিক করেছি। কিন্তু অন্তত আরও একজন সঙ্গী পেলে কাজটা ভাগ করে করা যায়। পুঁজির ব্যাপারেও খানিকটা সুরাহা হয়। কোর্সটি যাঁরা করবেন তাঁদের মধ্যে থেকে এরকম কোনও সঙ্গী পাওয়া যেতে পারে কি? —নামপ্রকাশে অনিচ্ছুক, কোলাঘাট, পূর্ব মেদিনীপুর।*

□□ যাঁরা কোর্সটি করবেন, তাঁরা আপনার মতো একই লক্ষ্য নিয়ে ব্যবসার প্রস্তুতি নিচ্ছেন। কোর্স চলাকালীনই একে অন্যের সঙ্গে পরিচিত হবেন। আলাপ আলোচনাও চলবে। ফলে সহমর্মী একজন সম্ভাব্য অংশীদার পেতেই পারেন এবং এরকমটা হয়েও থাকে।

□ ***আমি মধুর ব্যবসায় আগ্রহী।** মধু সংগ্রহ করার পরে মেশিনে পরিক্রুত করে পাইকারি ও খুচরো বিক্রি করতে চাই। আমার বিভিন্ন তথ্যের প্রয়োজন। মধু উৎপাদকদের কোনও সংস্থা থাকলে তার ঠিকানা জানতে চাই। —সুব্রত ঘোষ, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ আপনি ওয়েস্ট বেঙ্গল বি কিপার্স অ্যাসোসিয়েশনের সঙ্গে যোগাযোগ করতে পারেন। ঠিকানা: মা সারদা রোড, পোঃ বারাসাত, উত্তর ২৪ পরগনা। ফোন: ২৫৪২-৪২৩৭। অ্যাসোসিয়েশনের জেনারেল সেক্রেটারি তরুণ হালদারের সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৯৩৩৫৭২৪৭৭। অ্যাসোসিয়েশনের ওয়েবসাইট: www.bengalhoney.com

□ ***সুসংহত কৃষি খামার গড়ার খুব ইচ্ছা।** কৃষি ও কৃষি-সংক্রান্ত অন্যান্য কাজে আগ্রহী। আমি উচ্চমাধ্যমিক পরীক্ষা দেব এবার। তারপর কৃষি-বিষয়ক প্রশিক্ষণ নেব। কোথায় প্রশিক্ষণ দেওয়া হয় জানতে চাই। —সুদীপ দত্ত, তারকেশ্বর, হুগলি।*

□□ রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির কৃষি, বাগিচা চাষ, মাছ চাষ, মুরগি পালন, পশুপালন, খাদ্য তৈরি ইত্যাদির সম্মিলিত প্রশিক্ষণ দেয়। ১০ মাসের আবাসিক প্রশিক্ষণ। থাকা-খাওয়া ও প্রশিক্ষণ বাবদ মোট খরচ ৭০০ টাকা। এর মধ্যে কশান মানি বাবদ জমা রাখা ২০০ টাকা কোর্স শেষে ফেরত পাওয়া যায়। মাধ্যমিক পাশ হলেই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যায়। ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তবেই আবেদন করা যাবে। ‘কর্মক্ষেত্র’য় সময় মতোই ভর্তি সংক্রান্ত বিষদ তথ্য জানানো হবে। ফর্ম সংগ্রহ করতে হবে প্রতিষ্ঠানের ঠিকানা থেকে। ঠিকানা: রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির, বেলুড় মঠ, হাওড়া। ফোন: ২৬৫৪-৮৯০৮। ওয়েবসাইট: www.rkmsssm.org

□ ***পুরুলিয়ায় আঙুর চাষের পরিবেশ** রয়েছে বলে শুনেছি। কথাটা কি সঠিক? কোথা থেকে এ বিষয়ে বিশদ তথ্য পেতে পারি? —সুবীর মৈতে, হুরা কেশবপুর, পুরুলিয়া।*

□□ পুরুলিয়া জেলার অযোধ্যা পাহাড়-সংলগ্ন অঞ্চল এবং বলরামপুরের কিছু অংশে আঙুর চাষের ভালো সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে ন্যাশনাল রিসার্চ সেন্টার ফর গ্রেপস। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: পুরুলিয়া জেলা হর্টিকালচার অফিস, জেলা পরিষদ ভবন (পুরনো), পুরুলিয়া। ফোন: (০৩২৫২) ২২৭২৪৮।

□ ***রপ্তানির বাজারে কোন কোন রঙিন** মাছের চাহিদা আছে জানতে চাই। —তপন পাল, রাজচন্দ্রপুর, হুগলি।*

□□ সাধারণত যে সব প্রজাতির রঙিন মাছ রপ্তানি হয়ে থাকে সেগুলি হল: বার্ব, লোয়াচে, দানিও, শার্ক, গৌরামি, ক্যাটফিশ, ইল, বাডি, পাফার ফিশ, স্নেকহেড, গ্লাস ফিশ, শার্ক ক্যাটফিশ, গাপ্পি, মলি, গোল্ড ফিশ, গোবি, ট্রিগার ফিশ, ব্লেনিস, অ্যাঞ্জেল ফিশ, ক্লাউন ফিশ ইত্যাদি। আরও তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন মেরিন প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি, ৪বি, মারুতি বিল্ডিং, ১২, লাউডন স্ট্রিট, কলকাতা-১৭। ফোন: ২২৮৭-৫৯০৮।


পশ্চিমবঙ্গ সরকার
ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তর
UNDER STATE YOUTH CENTRE, MOULALI
VOCATIONAL TRAINING INSTITUTE
Department of YOUTH SERVICE & SPORTS (Youth Services Wing), Govt. of West Bengal & WB URBAN ACADEMY-একটি যৌথ উদ্যোগ

| ADVANCE DIPLOMA/DIPLOMA | | | CERTIFICATE | | |
|---|---|---|---|---|---|
| COURSE | DURATION | AMOUNT | COURSE | DURATION | AMOUNT |
| INTERIOR DECORATING & DESIGN | 18 Months | 10,100/- | TEXTILE DESIGNING | 6 Months | 2,500/- |
| FASHION DESIGNING | 18 Months | 8,150/- | BEAUTICIAN | 6 Months | 2,100/- |
| COMPUTER HARDWARE & NETWORKING | 12 Months | 5,000/- | AIR CONDITION & REFRIGERATOR ENGINEERING | 6 Months | 2,500/- |
| TELEPHONE & MOBILE REPAIRING | 12 Months | 5,000/- | ANCHORING | 6 Months | 2,100/- |
| STILL PHOTOGRAPHY | 12 Months | 3,350/- | ELECTRICAL/ ELECTRONICS EQUIPMENT SERVICE & REPAIRING | 6 Months | 2,500/- |

সমস্ত কোর্সের টাকা মাসিক কিস্তিতে দেওয়ার সুবিধা আছে।

**MOULALI :**
New Campus - (Creek Row), IMA Building, Gr. Floor, (Behind GD Hospital, Lenin Sarani & From Moulali towards Subodh Mallick Square through Creek Row) Kolkata - 700 014, Bus Stop Taltala.
Ph. : 9433153569 / 033 2249 2552

**DURGAPUR :**
2nd Administrative Building, City Centre,
Ph. : 0343 2544432 / 7679668354

**HOWRAH :**
158/12, Bellious Road (Near Pusposree Cinema)
Hazra Building, Howrah - 711101
Ph.: 9230704344

**SOUTH KOLKATA YOUTH VOCATIONAL TRAINING CENTRE**
Kalikapur, Embyepass, Avisikta, 3 No. Hospital Road, 1st Lane Connector (Near Hdfc/Bandu Tirtha Club) Kol-78, Ph. : 7980468623

ভর্তি চলিতেছে | ভর্তি চলিতেছে



উৎকর্ষ বাংলা UTKARSH BANGLA
যুবক যুবতীদের স্বনির্ভরতা লক্ষ্যে বিনা ফি তে স্কিল ডেভলাপমেন্ট ট্রেনিং এর বিশেষ সুযোগ

■ প্রকল্পটি পশ্চিমবঙ্গ সরকারের স্বশাসিত সংস্থা Paschim Banga Society For Skill Development (PBSSD) এর অনুমোদিত।

| Training Centre | Course Name |
|---|---|
| TALTALA : 53, Sir Niranjan Sarkar Sarani, Ground Floer, Near Subodh Mallick Square, Kolkata - 14 Ph. : 9230625624 | ■ Domestic Data Entry Operator ■ Garment Tailoring ■ Beautician ■ CCTV |
| KALIKAPUR : 3 No. Hospital Road, 1st Lane, Kolkata - 700 078 (Near HDFC Bank Ph. : 9230704346 | ■ Domestic Data Entry Operator |
| HOWRAH : Bellious Road Howrah - 711101 Ph.: 9433045288 | ■ Garment Tailoring ■ Beautician ■ Computer Hardware ■ Domestic Data Entry Operator |
| BASIRHAT : Gopalpur More, Ghorarash Kalingram North 24 Pargs. Ph. : 8918783798 / 8170019227 | ■ Beautician ■ Garment Tailoring ■ Domestic Data Entry Operator ■ Computer Hardware |
| NARENDRAPUR : SD Math, Kusumba, Narendrapur, 24 Parg. (South) Ph. : 9230704345 9874543702 | ■ Domestic Data Entry Operator ■ Beautician ■ Nursing |
| SARBERIA : Akunji Bldgs., Sarberia Natun Bazar, Sandeshkhali 24 Pargs. (N), Ph. : 9831064347 | ■ Domestic Data Entry Operator ■ Beautician |
| DURGAPUR : Ceragem Bldgs., Rajmahal Road, Bhiringi, Durgapur-713213 Ph. : 9332458186/9240604125 | ■ Domestic Data Entry Operator ■ Beautician ■ Garment Tailoring ■ Nursing |

■ প্রশিক্ষণে কোনও বা ভর্তি ফি নেই। ■ প্রশিক্ষণ শেষে সফলভাবে উত্তীর্ণ হলে STIPEND ও শংসাপত্র (CERTIFICATE) দেওয়া হবে যা কর্ম সংস্থানে সহায়ক হবে।

■ নাম নথিভুক্তির জন্য / ভর্তির জন্য আধার কার্ড, ব্যাঙ্কের পাশবই, শিক্ষাগত যোগ্যতা / মাধ্যমিক বা সমতুল যোগ্যতা নথি ও দুই প্রস্থ রঙিন পাশপোর্ট ছবি আনতে হবে।

■ প্রার্থীদের সপ্তাহে ৬ দিন / ৪ ঘন্টা করে উপস্থিত থাকতে হবে।


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*কোনও কিছুর পথেই তুমি নির্দিষ্ট কোনও সীমারেখা টেনে দিতে পার না। তুমি আরও স্বপ্ন দেখতে পার, আরও এগোতে পার।*
*— মাইকেল ফেল্পস*
*(প্রবাদপ্রতিম মার্কিন অলিম্পিয়ান সাঁতারু)*

## পেশার প্রয়োজনে নিজেকে উন্নত করার কোনও সীমা নেই



**ডঃ উৎপল রায়চৌধুরী**
প্রফেসর, ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিভাগ,
মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অব টেকনোলজি, পশ্চিমবঙ্গ

আজকের দিনে চাকরির জন্য নিজেকে সফলভাবে বিপণন করতে হয়। সেক্ষেত্রে আপনার পড়াশোনার পরিধি, জ্ঞান, দক্ষতা ইত্যাদি তো বিচার্য বিষয় হবেই। সেইসঙ্গে জরিপ করা হবে আপনার ব্যক্তিত্ব, প্রত্যুৎপন্নমতিত্ব, যোগাযোগের দক্ষতা, অনেকের সঙ্গে মিলেমিশে কাজ করার মানসিকতা প্রভৃতির মতো গুণগুলো।

কর্পোরেট জগতে নানা রকমের চাকরি আছে। সাধারণত ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হয়ে থাকে। অভিজ্ঞ ব্যক্তিরা ইন্টারভিউ পরিচালনার দায়িত্বে থাকেন। প্রয়োজনে একাধিক ইন্টারভিউও নেওয়া হতে পারে। ওই ইন্টারভিউয়ের মধ্য দিয়েই সংশ্লিষ্ট চাকরির জন্য প্রয়োজনীয় গুণগুলো পরখ করা হবে।

যে চাকরিটির জন্য আপনি ইন্টারভিউ দিতে গেলেন, তা নিয়ে আপনি আগে থেকেই ভাবনাচিন্তা বা একটা হোমওয়ার্ক করেছেন কিনা সেটা কিন্তু ইন্টারভিউয়ে বিশেষ গুরুত্ব পাবে। কেননা এই প্রক্রিয়াটির মধ্য দিয়েই চাকরির ব্যাপারে আপনার প্রবণতা, কোনও একটি ধারার কাজের প্রতি আপনার টান সম্পর্কে আন্দাজ পাওয়া যায়। অনেক সময় প্রার্থীর ফেসবুক অ্যাকাউন্ট দেখা হয়, প্রার্থীর আগ্রহ, রুচি ইত্যাদি সম্পর্কে একটা ধারণা পাওয়ার জন্য। আপনি বড় একটা হোটেলে ফ্রন্ট ডেস্কে চাকরির ইন্টারভিউ দিতে গেছেন, কিন্তু ফ্রন্ট ডেস্কের গুরুত্ব, কাজের ধরন সম্পর্কে আপনার একটা মোদ্দা ধারণা নেই, সেরকমটা হলে তো চলবে না। আবার দেখুন, এই চাকরিটি সম্পর্কে আপনার আকুতি যদি তীব্র হয়, তবে এরকম চাকরি করেন এমন অন্তত দু'-একজনের সঙ্গে আপনার পরিচয় হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে, সেরকম পরিচিতদের সঙ্গে কাজটির ধরনধারণ নিয়ে আলাপ-আলোচনাও খুবই স্বাভাবিক, এতে বোঝা যায় চাকরিটিতে আপনি সত্যিই আগ্রহী। যে কোনও বড় সংস্থাতেই প্রশিক্ষণের ব্যবস্থা থাকে। কিন্তু কর্তৃপক্ষ তো অনাগ্রহী কাউকে প্রশিক্ষণ দিতে চাইবেন না।

তার মানে চাকরি পাওয়ার জন্য নিজেকে যত্ন করে গুছিয়ে তোলার দরকার রয়েছে। প্রস্তুত হওয়ার জন্য প্রশিক্ষণ নেওয়া যায়। আবার নিজের উদ্যোগেই প্রস্তুতি নেওয়া যেতে পারে। নিজের উদ্যোগে যতখানি পারা যায়, প্রস্তুতি নিতে হবে অবশ্যই। কিছু কিছু পেশাদারি চাকরির জন্য প্রশিক্ষণ নেওয়াটা জরুরি হয়েই পড়ে। কিন্তু আন্তরিকতার বিকল্প নেই। হোটেল ম্যানেজমেন্ট পড়েই ভালো শেফ হওয়া যায় না। শেফ হওয়ার জন্য একটা প্যাশনের দরকার হয়।

ফলে আগে ভালোলাগা কাজের ধারাটিকে বাছুন। তারপর সেই কাজের জন্য নিজেকে তৈরি করুন। বিপণনের চাকরির জন্য মানুষের সঙ্গে সহজভাবে মিশতে হয়, ভাষাগত যোগাযোগের দক্ষতা থাকতে হয়, প্রচুর ঘোরাঘুরি করে কাজ করতে হয়। যদি মনে করেন এইগুলো আপনার আছে, তবে বুঝবেন আপনি বিপণনের চাকরিকে পেশা হিসেবে অবলম্বন করতে পারেন। বাংলা, ইংরেজি ছাড়া অন্য কোনও ভারতীয় ভাষা শিখে নিতে পারলে দেখবেন আপনার কাজের পরিধি বাড়বে। সময়-সুযোগ মতো মার্কেটিংয়ে এম বি এ করে নিতে পারেন। নিজেকে উন্নত করে গড়ে তোলার কোনও সীমা নেই।

---

*✓ স্টেনোগ্রাফি জানি। পাশ গ্র্যাজুয়েট। একজন আইনজীবীর পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট হিসেবে চাকরি করি। সরকারি চাকরির সন্ধান দিলে উপকৃত হব।*
*নাম প্রকাশে অনিচ্ছুক, কৈখালি, কলকাতা।*

☐ স্টেনোগ্রাফারের চাকরি আছে বিভিন্ন সরকারি সংস্থাতেই। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট ও সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে দেশের শীর্ষ আদালত সুপ্রিম কোর্ট। শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট। মিনিটে যথাক্রমে ১০০টি ও ১১০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার এবং মিনিটে ৪০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকলে আবেদন করা যাবে। সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট পদের প্রার্থীদের ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ২ অক্টোবর সংখ্যায় 'সুপ্রিম কোর্টে পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। **২৪ অক্টোবরের মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sci.gov.in

কিছু পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট ও সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে দেশের শীর্ষ আদালত সুপ্রিম কোর্ট। শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট। মিনিটে যথাক্রমে ১০০টি ও ১১০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার এবং মিনিটে ৪০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকলে আবেদন করা যাবে। সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট পদের প্রার্থীদের ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও কার্যালয়ে কয়েকশো স্টেনোগ্রাফার নিয়োগ করা হবে। শিক্ষাগত যোগ্যতা যে কোনও শাখায় উচ্চমাধ্যমিক। মিনিটে অন্তত ১০০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকলে গ্রুপ 'সি' পদে আবেদন করা যাবে। মিনিটে অন্তত ৮০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার গতি থাকলে 'ডি' গ্রুপে আবেদন করতে পারবেন। দক্ষতা থাকতে হবে টাইপিংয়েও। 'কর্মক্ষেত্র'-র ১১ সেপ্টেম্বর সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত আগাম খবর জানানো হয়েছিল। খুঁটিনাটি তথ্য-সহ এই নিয়োগের খবরটি পাবেন ২ অক্টোবর সংখ্যাতেও, 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো স্টেনোগ্রাফার' শিরোনামে। অনলাইন দরখাস্ত করা যাবে **১৮ অক্টোবর পর্যন্ত**, এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থায় স্টেনোগ্রাফার নিয়োগ করা হয়। আপনি আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে স্টেনোগ্রাফার পদে চাকরির সুযোগ আছে। পশ্চিমবঙ্গ বিধানসভায় রিপোর্টার পদে আবেদন করতে পারবেন।

*✓ ইলেক্ট্রনিক্স ও টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি টেক করেছি। ডিগ্রি কোর্স সম্পূর্ণ হয়েছে সম্প্রতি। চাকরির খোঁজ চলছে। চাকরির সন্ধান দিলে বাধিত হব।*
*শোভরাজ গুহ, দুর্গাপুর, বর্ধমান।*

☐ চাকরি আছে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ৪৯৫জন সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি কমিউনিকেশন ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থা ও সার্ভিসের বিভিন্ন পদে। শুধু ডিগ্রি ইঞ্জিনিয়াররা আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ২ অক্টোবর সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে ৪৯৫ ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। **১৫ অক্টোবরের মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে স্পেশালিস্ট অফিসার পদে আবেদন করতে পারবেন। তবে এ জন্য আপনাকে আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের (আই বি পি এস) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। একমাত্র স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ছাড়া অন্য যে-কোনও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের ক্ষেত্রেই এই নিয়ম প্রযোজ্য হবে। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কর্তৃপক্ষ নিজেরাই প্রার্থী বাছাই করে থাকেন। অর্থাৎ এ ক্ষেত্রে আই বি পি এস-এর পরীক্ষায় বসতে হয় না। চাইলে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের প্রবেশনারি অফিসার পদেও আপনি আবেদন করতে পারবেন ওই আই বি পি এসের পরীক্ষার মাধ্যমে। এ ক্ষেত্রেও স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার স্পেশালিস্ট অফিসার পদের ক্ষেত্রে সরাসরি প্রার্থী বাছাই করবেন ব্যাঙ্ক কর্তৃপক্ষই। বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থাতেই ইলেক্ট্রনিক্স এবং টেলি কমিউনিকেশন শাখার ডিগ্রি ইঞ্জিনিয়ারদের দরকার রয়েছে। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও চাকরির খবর পাবেন।

*✓ ইতিহাসের স্নাতক। কম্পিউটারের ডিপ্লোমা কোর্স করেছি। চাকরির খোঁজ দেবেন।*
*তিমির মাইতি, রামনগর, পূর্ব মেদিনীপুর।*

☐ বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। নিজের মতো করে চাকরি বাছাই করে সেই চাকরিগুলির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ১৪৭জন রিভিউ অফিসার ও কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট নেবে এলাহাবাদ হাইকোর্ট। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই দুই পদে আবেদনের যোগ্য। কম্পিউটারের একটা কোর্স করে থাকতে হবে। যে-কোনও একটি পদে আবেদন করবেন। 'কর্মক্ষেত্র'-র ২ অক্টোবর সংখ্যায় এলাহাবাদ হাইকোর্টে রিভিউ অফিসার, কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **২১ অক্টোবরের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.allahabadhighcourt.in

১৪৭জন রিভিউ অফিসার ও কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট নেবে এলাহাবাদ হাইকোর্ট। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই দুই পদে আবেদনের যোগ্য। কম্পিউটারের একটা কোর্স করে থাকতে হবে। যে-কোনও একটি পদে আবেদন করবেন।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলে ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড পদে আবেদন করতে পারবেন। ডব্লু বি এস ই ডি সি এল-এর অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার, রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি। পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, পুরসভাগুলিতে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন।

*✓ ম্যাথমেটিক্সের গ্র্যাজুয়েট। বয়স ২২ বছর। চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা চলছে। চাকরির খবর দেবেন।*
*শ্রীকান্ত মৌলিক, কাশীপুর, কলকাতা।*

☐ সরকারি বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। চাকরি বাছাই করে নিতে পারলে প্রস্তুতি নিতে সুবিধে হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু কার্টোগ্রাফার নিয়োগ করবে সেনাবাহিনী। স্নাতকে এবং উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে গণিত পড়ে থাকতে হবে। উচ্চতা অন্তত ১৬৯ সেমি এবং বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি হলে এই পদের জন্য আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ২ অক্টোবর সংখ্যায় 'সেনাবাহিনীতে কার্টোগ্রাফার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **৩০ অক্টোবরের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in

কিছু কার্টোগ্রাফার নিয়োগ করবে সেনাবাহিনী। স্নাতকে এবং উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে গণিত পড়ে থাকতে হবে। উচ্চতা অন্তত ১৬৯ সেমি এবং বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি হলে এই পদের জন্য আবেদন করা যাবে।

***পরে আবেদন করতে পারবেন:*** আপনি পরে আবেদন করতে পারবেন এরকম চাকরিগুলির জন্য এবারের 'কর্মসহায়ক'-এর তৃতীয় চিঠিটির 'পরে আবেদন করতে পারবেন' অংশটি দেখুন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও চাকরির খবর পাবেন।

---

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:*
*(নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কী পড়বেন, কোথায় পড়বেন

## নিখরচায় রাজ্যের ৫০০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ

৫০০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দিচ্ছে সি এম আই লার্নিং অ্যান্ড ডেভেলপমেন্ট প্রাইভেট লিমিটেড। প্রশিক্ষণ দেওয়া হবে ডিস্ট্রিবিউটর সেলসম্যান-রিটেল সেক্টর বিষয়ে। কোর্সটি পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন বিত্ত নিগমের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। প্রশিক্ষণ দেওয়া হবে কলকাতা, হুগলি, দক্ষিণ চব্বিশ পরগনা, উত্তর চব্বিশ পরগনা, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, শিলিগুড়ি এবং জলপাইগুড়ি প্রশিক্ষণ কেন্দ্রে।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক পাশ।

**বয়স:** ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩ লাখের নীচে।

অনলাইন আবেদন করতে হবে দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.wbscstcorp.gov.in, www.cmilead.com আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর। হেল্প লাইন নম্বর: ৭৫৯৫০৪৯৫৭০, ৮৩৩৬৯৮৮৫৩৬, ৯২৩০৫০৭৫২৮।

প্রশিক্ষণ কেন্দ্রে যোগাযোগের ফোন নম্বর-সহ অন্যান্য তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট দু'টি।

## ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেন ট্রেডে এম বি এ



ইন্টারন্যাশনাল বিজনেসে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেন ট্রেড। প্রার্থী বাছাই করা হবে 'আই আই এফ টি এম বি এ (আই বি) এন্ট্রান্স এক্সামিনেশন'-এর মাধ্যমে। পরীক্ষা পরিচালনা করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১ ডিসেম্বর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nta.ac.in আবেদনের শেষ তারিখ ২৫ অক্টোবর। আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (১০ থেকে ২০০ কেবি), সই (৪ থেকে ৩০ কেবি), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (৫০ থেকে ৩০০ কেবি) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ২,০০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ১,০০০ টাকা)।

আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## নিখরচায় রাজ্যের ৫০০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ



৫০০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দিচ্ছে দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট। প্রশিক্ষণের নাম অটোমোটিভ সার্ভিস টেকনিশিয়ান টু অ্যান্ড থ্রি হুইলার এবং হ্যান্ডসেট রিপেয়ার ইঞ্জিনিয়ার। কোর্সগুলি পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন বিত্ত নিগমের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। প্রশিক্ষণ দেওয়া হবে শিলিগুড়ি, পশ্চিম বর্ধমান, মালদা, মুর্শিদাবাদ, নদিয়া এবং সোনারপুর প্রশিক্ষণ কেন্দ্রে।

কোর্সের বিবরণ: **অটোমোটিভ সার্ভিস টেকনিশিয়ান টু অ্যান্ড থ্রি হুইলার:** আসনসংখ্যা ২০০টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক পাশ। **হ্যান্ডসেট রিপেয়ার ইঞ্জিনিয়ার:** আসনসংখ্যা ৩০০টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত উচ্চমাধ্যমিক পাশ।

বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩ লাখের নীচে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbscstcorp.gov.in আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর। হেল্প লাইন নম্বর: ৯০৭৩৩২৩৩৪৪।

প্রশিক্ষণ কেন্দ্রে যোগাযোগের ফোন নম্বর-সহ অন্যান্য তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কলকাতা বিশ্ববিদ্যালয়ে আর্বান ম্যানেজমেন্ট অ্যান্ড প্ল্যানিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

আর্বান ম্যানেজমেন্ট অ্যান্ড প্ল্যানিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর আর্বান ইকনমিক স্টাডিজ বিভাগ। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে নভেম্বরে। ক্লাস হবে প্রতি শনিবার, সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

**আসনসংখ্যা:** ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইকনমিক্স, জিওগ্রাফি, পলিটিক্যাল সায়েন্স, সোশিওলজি, হিস্ট্রি বা কমার্সে স্নাতক। টাউন প্ল্যানিং বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতকরাও আবেদনের যোগ্য। নগর-পরিকল্পনা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**কোর্স ফি:** ৪৫,০০০ টাকা। কিস্তিতে ফি দেওয়ার সুবিধা আছে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৯ অক্টোবর, সকাল ১১টা থেকে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা। ড্রাফটটি 'Urban Management and Planning Course'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্রের নকল এবং ডিমান্ড ড্রাফট-সহ আবেদনপত্র ১৮ অক্টোবরের মধ্যে সকাল সাড়ে ১১টা থেকে বিকেল সাড়ে ৪টের মধ্যে সরাসরি গিয়ে জমা দিতে হবে এই ঠিকানায়: Centre for Urban Economic Studies, University of Calcutta, 1, Reformatory Street, Kolkata-700 027. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। ফোন: ০৩৩-২৪৭৯-০১৫৬।

## সমাজসেবার কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** সোশ্যাল ওয়ার্কের ৬ মাসের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশনের (বেঙ্গল) স্কুল অব সোশ্যাল ওয়ার্ক অ্যান্ড কমিউনিটি সার্ভিস। মাধ্যমিক পাশ হলেই ভর্তির জন্য আবেদন করা যাবে। সোশ্যাল ওয়ার্ক তথা সমাজসেবার পেশার জন্য প্রয়োজনীয় বিভিন্ন বিষয়ের পাঠ দেওয়া হবে এই কোর্সে। সঙ্গে থাকবে যোগাযোগের দক্ষতা বৃদ্ধি, ইংরেজি ও কম্পিউটারের পাঠ। শনি ও রবিবার বেলা আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত ক্লাস। সঙ্গে থাকবে অন্তত ১৫ দিনের ফিল্ড ও প্রোজেক্ট ওয়ার্ক। ফি ২ হাজার টাকা। একটি ইন্টারভিউয়ের মাধ্যমে ভর্তি নেওয়া হবে। ইন্টারভিউ ১৫ ডিসেম্বর। ভর্তির ফর্ম সংগ্রহ করতে হবে কাউন্সিলের অফিস থেকে, কাজের দিন বেলা ১২টা থেকে বিকেল ৫টার মধ্যে। ৫ নভেম্বর থেকে ১৪ ডিসেম্বরের মধ্যে ফর্ম সংগ্রহ করতে হবে। পূরণ করা আবেদনপত্র জমা দিতে হবে ১৪ ডিসেম্বরের মধ্যে। যোগাযোগের ঠিকানা: ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশন (বেঙ্গল), যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস (বেঙ্গল ল্যাম্প বাস স্টপ), যাদবপুর, কলি-৩২। ফোন: (০৩৩) ২৪১৪-৬২৮২।

## অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনে টু-হুইলার টেকনিশিয়ানের কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** মোটর বাইক, স্কুটার, স্কুটি প্রভৃতির মতো টু-হুইলার রিপেয়ারিং ও মেন্টেন্যান্সের প্রশিক্ষণ দেবে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের স্কিল অ্যান্ড এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। টু-হুইলার টেকনিশিয়ানের এই কোর্সটি ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এন এস ডি সি) কর্তৃক স্বীকৃত।

৩ মাসের এই প্রশিক্ষণ কোর্সটিতে আধুনিক পদ্ধতিতে টু-হুইলার রিপেয়ারিংয়ের প্রশিক্ষণ দেওয়া হবে হাতে-কলমে, জানিয়েছেন অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের মুখ্য আধিকারিক পার্থ মণ্ডল।

প্রশিক্ষণ শেষে পরীক্ষা হবে। সফলদের এন এস ডি সি-র সার্টিফিকেট দেওয়া হবে। পার্থবাবু জানিয়েছেন, প্রশিক্ষিতদের বিভিন্ন টু-হুইলার প্রস্তুতকারী সংস্থা ও সার্ভিস সেন্টারে চাকরির ব্যাপারে প্রতিষ্ঠানের তরফে সহায়তা করা হবে।

অন্তত ক্লাস এইট পাশ তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। ভর্তির ফি ১ হাজার টাকা। ভর্তির শেষ তারিখ ২৪ অক্টোবর। প্রশিক্ষণ শুরু হবে ২৬ অক্টোবর থেকে।

যোগাযোগের ঠিকানা: সেডি, অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন, সাঁকরাইল, ধুলাগড়ী, হাওড়া। সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে হবে। ফোন: ৯৬৮১৪-৬৪১৫৬, ৮২৪০৮-৫০১৮১।


পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও
অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম
SLIEM SKILLS
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সি.এফ. ২১৭/এ/১, সেক্টর -১, সল্টলেক, কোলকাতা -৭০০০৬৪

তপশিলী জাতি ও আদিবাসী যুবক/যুবতীদের কর্মসংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনাব্যয়ে | অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ

| বিষয় | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| Assistant Electrician (CON/Q0602) | ন্যুনতম দশম শ্রেণী উত্তীর্ণ |
| Retail ( RAS/Q0104) | ন্যুনতম দশম শ্রেণী উত্তীর্ণ |
| Assistant Beauty Therapist (BWS/Q0101) | ন্যুনতম অষ্টম শ্রেণী উত্তীর্ণ |

যোগ্যতা ঃ বয়স ১৮ বছর থেকে ৩৫ বছর
পারিবারিক বার্ষিক আয় সর্বাধিক ৩,০০,০০০.০০ টাকা।
প্রশিক্ষণ কেন্দ্র ঃ

| জেলা | প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা | বিষয় | আসন সংখ্যা |
|---|---|---|---|
| বাঁকুড়া | SLIEM Bankura Centre, Vill+PO+PS-Simlapal, Dist-Bankura, West Bengal, Pin-722151 (Above MLA Office) | Assistant Electrician | ১০০ |
| কোচবিহার | SLIEM Mathavanga Centre, Thana Para, Ward No- 5 PO- Mathabhanga, Dist- CoochbeharWest Bengal, Pin-736146 | Assistant Beauty Therapist | ১৫০ |
| পঃ মেদিনীপুর | SLIEM Medinipur Centre, Vill-Deorigeri, P.O- Satbankura P.S-Garhbeta, Dist-Paschim Medinipur, Pin-721253 | Assistant Electrician | ১০০ |
| দার্জিলিং | SLIEM Siliguri Centre, Patel Road, Pradhan Nagar Siliguri -734403 | Retail | ১৫০ |

অনলাইনে সরাসরি আবেদন করুন এই ঠিকানায় ঃ www.wbscstcorp.gov.in
বিশদ জানতে যোগাযোগ করুন ঃ ৮৬১৭২৫৮৪১৯, ৯৮৩০৫৯৯৭০৯, ৯৮৩০৫১৪৯৮৩
আবেদানের শেষ তারিখ ঃ- ২০শে অক্টোবর, ২০১৯।
প্রকল্প রুপায়নে - Salt Lake Institute of Engineering & Management Ltd.
GN-34/2 Ashram Building, Sector-V, Saltlake, Kolkata-700091, West Bengal



পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও
অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম
NIIT Yuva Jyoti skills for jobs
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সি.এফ. ২১৭/এ/১, সেক্টর - ১, সল্টলেক, কোলকাতা - ৭০০০৬৪

তপশিলী জাতি ও আদিবাসী যুবক/যুবতীদের কর্মসংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনা ব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ।

যোগ্যতা ঃ বয়স ১৮ বছর থেকে ৩৫ বছর, পারিবারিক বার্ষিক আয় সর্বাধিক ৩,০০,০০০.০০ টাকা।

| District | Centre | Contact # | Course | Total Seats |
|---|---|---|---|---|
| North 24 Parganas | NIIT BARRACKPORE | 9883317313 9339291016 | Retail Trainee Associate | 200 |
| | | | Business Correspondent (Banking & Finance) | 100 |
| North 24 Parganas | NIIT BARASAT | 9830220822 9874517275 | Retail Trainee Associate | 100 |
| | | | Business Correspondent (Banking & Finance) | 100 |
| Burdwan-EAST | NIIT BURDWAN | 7384090919 8653365767 | Retail Trainee Associate | 100 |
| | | | Business Correspondent (Banking & Finance) | 50 |
| Purba Midnapur | NIIT HALDIA | 9433427851 | Retail Trainee Associate | 100 |
| South 24 Parganas | NIIT JADAVPUR | 9836812465 | Business Correspondent (Banking & Finance) | 150 |
| Midnapur-West | NIIT DANTAN | 8001295637 | Business Correspondent (Banking & Finance) | 50 |
| Midnapur-West | NIIT GHATAL | 7866971421 | Retail Trainee Associate | 100 |
| Bankura | NIIT RAIPUR | 8918408465 | Business Correspondent (Banking & Finance) | 50 |
| Bankura | NIIT SARENGA | 7029845324 | Retail Trainee Associate | 100 |

আবেদন করুন অনলাইনে ঃ www.wbscstcorp.gov.in
আবেদনের শেষ তারিখ - ৩১ অক্টোবর, ২০১৯
প্রশিক্ষণের শেষে সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে
কর্মসূচী রূপায়নে ঃ NIIT Yuva Jyoti (NSDC)-র প্রশিক্ষণ অংশীদার
NIIT Yuva Jyoti skills for jobs
NIIT REGIONAL OFFICE :
6B, Pretoria Street, Krebs House, Kolkata - 700071


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট এক্সামিনেশন'-এ কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকলে বসা যায়? প্রিলিমিনারি পরীক্ষার ধরনধারণ সম্পর্কে বিস্তারিত জানাবেন। —দীপালী বরাট, মৌগ্রাম, পূর্ব বর্ধমান।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট এক্সামিনেশন'-এ বসার জন্য শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। প্রার্থীকে অবশ্যই বাংলা পড়তে, লিখতে, বলতে জানতে হবে। প্রিলিমিনারি পরীক্ষা শুধুমাত্র একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। এই পরীক্ষায় সফল হলে ফাইনাল পরীক্ষায় বসার ছাড়পত্র পাওয়া যাবে। ২০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে ১৫০ নম্বরের জেনারেল স্টাডিজ ও ৫০ নম্বরের এরিথমেটিক। সময় ৯০ মিনিট। দেখুন এই ওয়েবসাইট: www.pscwbapplication.in

## ইউ পি এস সি

□ *ইউ পি এস সি-র মাধ্যমে কেন্দ্রীয় সরকারে ইলেক্ট্রিক্যাল শাখায় ডিগ্রি ইঞ্জিনিয়ার নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —প্রবীর সাহা, পায়রাগাছা, হুগলি।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সার্ভিস ও সংস্থায় ইলেক্ট্রিক্যাল শাখায় ডিগ্রি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক ডিগ্রি অথবা সমতুল। অথবা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) -এর সেকশন 'এ', 'বি' পাশ। অথবা ইনস্টিটিউশন অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) -এর গ্র্যাজুয়েট মেম্বারশিপ পরীক্ষায় পাশ। অথবা অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়ার অ্যাসোসিয়েট মেম্বারশিপ এক্সামিনেশন (পার্ট-টু, পার্ট-থ্রি/সেকশন 'এ', 'বি') পাশ। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

□ *জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায় ইউ পি এস সি কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট এক্সামিনেশন, ২০২০'-র মাধ্যমে জিওলজিস্ট পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —দিব্যেন্দু ধর, খালোর, হাওড়া।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট এক্সামিনেশন, ২০২০'-র মাধ্যমে জিওলজিস্ট পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। বিষয়গুলি হল: জিওলজিক্যাল সায়েন্স, জিওলজি, অ্যাপ্লায়েড জিওলজি, জিও-এক্সপ্লোরেশন, মিনারেল এক্সপ্লোরেশন, ইঞ্জিনিয়ারিং জিওলজি, মেরিন জিওলজি, আর্থ সায়েন্স অ্যান্ড রিসোর্সেস ম্যানেজমেন্ট, ওশানোগ্রাফি অ্যান্ড কোস্টাল এরিয়াজ স্টাডিজ, পেট্রোলিয়াম জিও-সায়েন্সেস, জিও-কেমিস্ট্রি, পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন, জিওলজিক্যাল টেকনোলজি, জিও-ফিজিক্যাল টেকনোলজি। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও সংশ্লিষ্ট বিষয়ে দু'টি পত্রে মোট ৪০০ নম্বরের প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা করে। মেন পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে মোট তিনটি পত্রে প্রশ্ন হবে। প্রতিটি পত্রে ২০০ নম্বরের, মোট ৬০০ নম্বরের প্রশ্ন থাকবে। প্রতিটি পেপারের জন্য সময় ৩ ঘণ্টা। সব বিষয়েই বর্ণনামূলক প্রশ্ন হবে। ইন্টারভিউ ২০০ নম্বরের। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## ব্যাঙ্ক

□ *স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —দেবাঞ্জন পাল, হলদিয়া, পূর্ব মেদিনীপুর।*

□□ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা (১০০ নম্বর) এবং হিন্দি ভাষার দক্ষতা যাচাইয়ের মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড বিষয়ে। সময় ১ ঘণ্টা। পরীক্ষা ২৩ অক্টোবর। ওয়েবসাইট: www.sbi.co.in/careers

□ *রিজার্ভ ব্যাঙ্কে জেনারেল বিভাগে অফিসার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —অশোক সামন্ত, কদমতলা, হাওড়া।*

□□ রিজার্ভ ব্যাঙ্কে জেনারেল বিভাগে অফিসার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষা ৯ নভেম্বর। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা ১ ডিসেম্বর। প্রথম পর্যায়ে পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, বৃহত্তর কলকাতা, আসানসোল, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষাকেন্দ্র কলকাতা। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে একটি পত্র। পরীক্ষায় জেনারেল অ্যাওয়্যারনেস, ইংরেজি ল্যাঙ্গুয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও রিজনিং বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। ২০০ নম্বর। সময় ২ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ে থাকবে তিনটি পত্র। প্রথম পত্রে ইকনমিক অ্যান্ড সোশ্যাল ইস্যু বিষয়ে অবজেক্টিভ ধরনের, দ্বিতীয় পত্রে ইংরেজি বিষয়ে ডেসক্রিপ্টিভ ধরনের এবং তৃতীয় পত্রে ফিনান্স অ্যান্ড ম্যানেজমেন্ট বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। প্রতি পত্র ১০০ নম্বরের। সময় ৯০ মিনিট করে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.rbi.org.in

□ *আই বি পি এসের ক্ল্যারিক্যাল ক্যাডারে প্রবেশিকা পরীক্ষায় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন? লিখিত পরীক্ষা সম্পর্কে বিশদে জানালে উপকৃত হব। —রাজা পাত্র, গৌরবাজার, বাঁকুড়া।*

□□ আই বি পি এসের ক্ল্যারিক্যাল ক্যাডারের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক ডিগ্রি। সেই সঙ্গে কম্পিউটার জ্ঞান থাকা বাধ্যতামূলক। কম্পিউটার বিষয়ক সার্টিফিকেট, ডিপ্লোমা বা ডিগ্রি কোর্স করে থাকতে হবে। অথবা স্কুল বা কলেজ বা কোনও প্রতিষ্ঠানে অন্যতম বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকলেও চলবে। আই বি পি এস পরিচালিত ক্ল্যারিক্যাল ক্যাডারের প্রবেশিকা পরীক্ষাটির নাম 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব ক্লার্কস ইন পার্টিসিপেটিং অর্গানাইজেশনস'। অনলাইন পরীক্ষাটি হয় দু'পর্যায়ে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হয় এইসব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর)। মোট সময়সীমা ১ ঘণ্টা। এই পরীক্ষায় সফল হলে মেন পরীক্ষায় বসা যাবে। মেন পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে: রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), ব্যাঙ্কিং শিল্প-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (৪০ নম্বর), কম্পিউটার নলেজ (২০ নম্বর)। মোট সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং রয়েছে। বিস্তারিত জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ibps.in

## কোর্স, ট্রেনিং

□ *স্কুল অব আর্কাইভাল স্টাডিজে (নিউ দিল্লি) নথিপত্রের আধুনিক সংরক্ষণ ব্যবস্থা-সংক্রান্ত কী কী কোর্স করা যায়? শিক্ষাগত যোগ্যতা কীরকম থাকা প্রয়োজন? —পৌলমী প্রামাণিক, ঝ্যাংরা, মালদা।*

□□ ভারত সরকারের প্রতিষ্ঠান স্কুল অব আর্কাইভাল স্টাডিজে (নিউ দিল্লি) আর্কাইভস অ্যান্ড রেকর্ডস ম্যানেজমেন্টের ১ বছরের ডিপ্লোমা কোর্স পড়া যায়। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ইতিহাসে স্নাতকোত্তর ডিগ্রি। পাশাপাশি, একটি ঐচ্ছিক বিষয় হিসেবে ভারতের আধুনিক ইতিহাস (১৭৫০ পরবর্তী সময়কাল) পড়ে থাকতে হবে। এ ছাড়া অ্যানথ্রোপলজি, সোশিওলজি, লিঙ্গুইস্টিকসের স্নাতকোত্তর ডিগ্রিধারীরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে এই ডিপ্লোমা কোর্সটি করতে পারেন। অ্যাপ্লায়েড বা ফিজিক্যাল সায়েন্সের এম এসসি ডিগ্রিধারীরাও মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলেও আবেদন করতে পারেন। এ ছাড়াও সংশ্লিষ্ট বিষয়ে কয়েকটি স্বল্পমেয়াদি সার্টিফিকেট কোর্সও পড়া যায়— (১) রেকর্ডস ম্যানেজমেন্ট। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। (২) আর্কাইভস ম্যানেজমেন্ট: ৬ সপ্তাহের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। (৩) রেপোগ্রাফি: ৬ সপ্তাহের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: অন্তত দ্বিতীয় শ্রেণিতে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। বিজ্ঞান শাখার গ্র্যাজুয়েটরা অগ্রাধিকার পাবেন (৪) কেয়ার অ্যান্ড কনজার্ভেশন অব বুকস, ম্যানুস্ক্রিপ্টস অ্যান্ড আর্কাইভস: ৮ সপ্তাহের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: অন্তত দ্বিতীয় শ্রেণিতে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। বিজ্ঞান শাখার গ্র্যাজুয়েটরা অগ্রাধিকার পাবেন (৫) সার্ভিসিং অ্যান্ড রিপেয়ারিং অব রেকর্ডস: ৬ সপ্তাহের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ। বিস্তারিত জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.nationalarchives.nic.in

## অন্যান্য চাকরি

□ *বোকারো স্টিল প্ল্যান্টে অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সত্যেন দাস, গড়িয়া।*

□□ বোকারো স্টিল প্ল্যান্টে অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট বা ট্রেড টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় জেনারেল ইংরেজি (১০ নম্বর), জেনারেল নলেজ (১০ নম্বর), রিজনিং (১৫ নম্বর), ম্যাথমেটিক্স (১৫ নম্বর) এবং সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখা বিষয়ে (৫০ নম্বর) বিষয়ে প্রশ্ন হবে। দেখুন এই ওয়েবসাইট: www.sail.co.in

□ *সেনাবাহিনীতে পণ্ডিত পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —নির্মল পাণিগ্রাহী, কোন্নগর, হুগলি।*

□□ সেনাবাহিনীতে পণ্ডিত পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে সংস্কৃতে আচার্য বা শাস্ত্রী-সহ 'কর্ম কাণ্ড'-এ এক বছরের ডিপ্লোমা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ধর্মীয় সংস্কৃতি সম্পর্কে সম্যক ওয়াকিবহাল হতে হবে। পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৬০ সেমি এবং বুকের ছাতি ৭৭ সেমি। ওজন অন্তত ৫০ কেজি হতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। দু'টি পত্রে পরীক্ষা হবে। পরীক্ষা হবে ২৩ ফেব্রুয়ারি। প্রথম পত্রে জেনারেল অ্যাওয়্যারনেস সংক্রান্ত অবজেক্টিভ টাইপ ও দ্বিতীয় পত্রে সংশ্লিষ্ট ধর্মবিষয়ক প্রশ্ন হবে। প্রতি পত্রের মান ১০০ নম্বর। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৮ মিনিটে ১,৬০০ মিটার দৌড়। ২৯ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.joinindianarmy.nic.in

□ *ভারতীয় বিমানবাহিনীতে এয়ারম্যান পদে খেলোয়াড় নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত ও খেলাধুলার যোগ্যতা এবং দৈহিক মাপজোক থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —উত্তম অধিকারী, বলরামপুর, পুরুলিয়া।*

□□ ভারতীয় বিমানবাহিনীতে এয়ারম্যান পদে খেলোয়াড় নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। খেলাধুলার যোগ্যতা: প্রার্থীদের আন্তর্জাতিক স্তরের প্রতিযোগিতায় দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে অথবা জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে রাজ্যের প্রতিনিধিত্ব করে অন্তত পঞ্চম স্থান পেয়ে থাকতে হবে অথবা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতায় যথাক্রমে রাজ্য ও ইউনিভার্সিটির প্রতিনিধিত্ব করে থাকতে হবে। টিম ইভেন্টের ক্ষেত্রে জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ এবং স্কুল গেমস ফেডারেশন পরিচালিত ন্যাশনাল স্কুল টুর্নামেন্টে রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। ক্রিকেটের ক্ষেত্রে বি সি সি আই পরিচালিত অনূর্ধ্ব১৯, অনূর্ধ্ব-২৩, রঞ্জি ট্রফি, দলীপ ট্রফি, দেওধর ট্রফি বা উচ্চতর প্রতিযোগিতায় খেলে থাকতে হবে। শুটিংয়ের ক্ষেত্রে জাতীয় স্তরে অন্তত ২০তম স্থান পেয়ে থাকতে হবে অথবা আন্তর্জাতিক স্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা অন্তত ১৫২.৫ সেমি হতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। উচ্চতা ও বয়স অনুসারে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি চশমা ছাড়া উভয় চোখে ৬/৬ হতে হবে। ভালো শ্রবণশক্তির অধিকারী হতে হবে। ৬ মিটার দূরত্ব থেকে চাপা স্বরের কথা দু'কানে স্পষ্ট শোনার ক্ষমতা থাকতে হবে। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। ২৫ অক্টোবরের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত সাধারণ ডাকে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। ঠিকানা: SECRETARY, AIR FORCE SPORTS CONTROL BOARD, C/O AIR FORCE STATION, NEW DELHI, RACE COURSE, NEW DELHI-110003.

□ *র‍্যালির মাধ্যমে সেনাবাহিনীতে ফার্মাসিস্ট পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাইয়ে দৈহিক সক্ষমতার পরীক্ষায় কী কী থাকবে? —দীপেন সেন, গঙ্গারামপুর, দক্ষিণ দিনাজপুর।*

□□ ভারতীয় সেনাবাহিনীতে ফার্মাসিস্ট পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে— সর্বাধিক ৫.৪৫ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড় (আগে দৌড় শেষ করলে বোনাস নম্বর পাওয়া যাবে), জিগজ্যাগ ব্যালান্স, ১০টি বিম ও ৯ ফুট লং জাম্প (ডিচ)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষা নেওয়া হবে।

□ *নেভিতে পাইলট পদের জন্য প্রস্তুতি নিতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানালে উপকৃত হব। —অঙ্কুর পাত্র, কালীগঞ্জ, নদিয়া।*

□□ ভারতীয় নৌবাহিনীতে পাইলট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক ডিগ্রি। সেই সঙ্গে অবশ্যই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্স নিয়ে পড়ে থাকতে হবে। কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীদের ক্ষেত্রে অবশ্যই ডিরেক্টরেট জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন কর্তৃক প্রদত্ত কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। এর সঙ্গে উচ্চতা ১৬২.৫ সেমি থাকতে হবে। পা-থাইয়ের দৈর্ঘ্য ও ওজন মানানসই থাকতে হবে। দৃষ্টিশক্তি থাকতে হবে ন্যূনতম দূরত্বের ক্ষেত্রে ৬/৬ ও ৬/৯; ৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। বর্ণান্ধতা বা রাতকানা অসুখ থাকলে চলবে না। প্রার্থী বাছাই করা হয় সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউয়ের মাধ্যমে। মোট ৫ দিনের ইন্টারভিউ। প্রার্থী বাছাই হয় ব্যাঙ্গালোরে। প্রথমদিনেই থাকে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন ও গ্রুপ ডিসকাশন। সফল না হলে সেদিনই ফেরত পাঠানো হবে। দ্বিতীয় পর্যায় চলবে চার দিন ধরে। এতে থাকে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক টেস্ট ও ইন্টারভিউ। এই পর্বের পরীক্ষায় সফল হলে পাইলটদের ক্ষেত্রে হয় পাইলট অ্যাপ্টিটিউড ব্যাটারি টেস্ট ও অ্যাভিয়েশন মেডিকেল এক্সামিনেশন। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *উচ্চমাধ্যমিক যোগ্যতায় আর্মির ১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের টেকনিক্যাল শাখার ক্ষেত্রে প্রার্থী বাছাই কীভাবে করা হয়ে থাকে? কত দিনের ট্রেনিং হয়? —মৃগাঙ্ক গাঙ্গুলি, বাগদা, উত্তর ২৪ পরগনা।*

□□ উচ্চমাধ্যমিক যোগ্যতায় আর্মির ১০ + ২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের টেকনিক্যাল শাখার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রার্থীদের প্রাথমিক ভাবে বাছাই করে তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউতে ডাকা হয়। ইন্টারভিউটি হয়ে থাকে ভোপাল বা বেঙ্গালুরু বা এলাহাবাদে। এ ছাড়া সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্টও হয়। প্রথম ধাপে ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হয়। সফল প্রার্থীদের দ্বিতীয় ধাপে ডাকা হয় মেডিক্যাল এক্সামিনেশনের জন্য। ৫ বছরের ট্রেনিং। প্রথমে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে এক বছরের ট্রেনিং, তারপর পুনে বা মধ্যপ্রদেশ বা সেকেন্দ্রাবাদে ৩ বছরের প্রি-কমিশন ট্রেনিং এবং আরও এক বছরের পোস্ট কমিশন ট্রেনিং। দেখুন এই ওয়েবসাইট: www.joinindianarmy.nic.in

## বি বি ধ

□ *নবোদয় বিদ্যালয় সংগঠনে কম্পিউটার সায়েন্স বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —নন্দিনী মৈত্র, কল্যাণী, নদিয়া।*

□□ নবোদয় বিদ্যালয় সংগঠনে কম্পিউটার সায়েন্স বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স অথবা আই টিতে বি ই অথবা বি টেক ডিগ্রি। সমতুল ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য। অথবা যে-কোনও শাখায় বি ই বা বি টেক-সহ কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটারের স্নাতকোত্তর ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। অথবা কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এম সি এ বা কম্পিউটার সায়েন্সে এম এসসি ডিগ্রি থাকলেও আবেদনের যোগ্য। যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন, সেক্ষেত্রে বি সি এ ডিগ্রি বা কম্পিউটার সায়েন্সে বি এসসি ডিগ্রি থাকতে হবে। অথবা কম্পিউটারে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং সঙ্গে যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। ডোয়েকের 'বি' লেভেল সার্টিফিকেটধারীরা যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকলে আবেদন করতে পারবেন। যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট-সহ ডোয়েক 'সি' লেভেল কোর্স করে থাকলেও আবেদন যোগ্য। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.kvsangathan.nic.in

নাম : ..................................................

ঠিকানা : ..............................................

..........................................................

..........................................................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## সিনিয়র লোকজনের থেকে নিয়মিত পরামর্শ নাও



সায়ন চক্রবর্তী
ট্রেড মার্কেটিং ম্যানেজার-পূর্ব ভারত
অ্যালায়েড ব্লেন্ডারস অ্যান্ড ডিস্টিলারস প্রাইভেট লিমিটেড

এখনকার দিনে চাকরির জগৎ মানেই প্রবল প্রতিযোগিতার আবহে ঢুকে পড়া। সুযোগ পাওয়ার জন্য নতুন চাকরিপ্রার্থীর তাই দীর্ঘমেয়াদী প্রস্তুতি প্রয়োজন।

ছাত্রজীবনেই চাকরি-সংক্রান্ত সোশ্যাল সাইটে নিজের অ্যাকাউন্ট তৈরি করো। নিজের পড়াশোনার বিষয় আপডেট করো। কলেজের কোনও কমিটিতে যোগ দিয়েছ বা কোনও সামাজিক কাজ করছ— এই ধরনের তথ্যও সেখানে আপলোড করো। যে-ধরনের কাজে আগ্রহ বা যে-কাজ করবে বলে ভাবছ, সেই ক্ষেত্রের লোকজনকে কানেকশন রিকোয়েস্ট পাঠাতে পারো। দশজনের মধ্যে হয়তো তিনজন রিকোয়েস্ট অ্যাকসেপ্ট করবেন। এই ভাবেই একটু একটু করে নেটওয়ার্ক তৈরি হবে। মেসেজ করে তাঁদের বলতে পারো, এই ভাবে পড়াশোনা করছি, কীভাবে এগোলে আরও ভালো হবে সেই সংক্রান্ত পরামর্শ চাই। একান্তই সময়াভাব হলে আলাদা কথা, না হলে উত্তর দিতে কেউই আপত্তি করবেন না। মোট কথা নিজের পড়াশোনা ও চাকরির অন্যান্য প্রস্তুতি চালিয়ে যাওয়ার পাশাপাশি সিনিয়র লোকজনের থেকে নিয়মিত পরামর্শ নাও।

### ছোটখাটো কোর্সের খোঁজ রাখো

পড়াশোনার সঙ্গে ভ্যালু অ্যাড করতে থাকো। ছোট কোর্স, অনলাইন অনেক ফ্রি কোর্স হয়, সেগুলো সম্ভব হলে করতে পারো। মনে করো, কমিউনিকেশনের উপর কোনও কোর্স করে রাখলে। সব বিষয়েরই বিভিন্ন আঙ্গিক তৈরি হচ্ছে। যেমন, মার্কেটিং কমিউনিকেশন, ভার্বাল কমিউনিকেশন, সফট-স্কিল কমিউনিকেশন। নিজের প্রয়োজন ও আগ্রহ অনুযায়ী কোর্স বাছো। এই ধরনের কোর্স করে রাখলে পরবর্তী কালে ইন্টারভিউয়ে কথা বলার সময় সুবিধা হবে। সেলস, পাবলিক রিলেশনসের কাজের প্রস্তুতিতেও অনেক সুবিধা হবে।

### নতুন চিন্তাভাবনা করার ক্ষমতা আছে কিনা দেখা হয়

চারপাশের খবর রাখলে তোমার চিন্তাভাবনাতেও তার ছাপ পড়বে। সেলসের ইন্টারভিউয়ে একজন ফ্রেশারকে টেকনিক্যাল প্রশ্ন কেউ করবে না। কিন্তু পরিস্থিতিতে ফেলে যাচাই করা হবে। হয়তো বলা হল, মাসে তোমার এত বিক্রি করার টার্গেট আছে, কীভাবে করবে? আমরা জানি, এর উত্তর অভিজ্ঞতা না থাকলে দেওয়া সম্ভব নয়। এখানে তার আইডিয়া জানতে চাওয়া হয়। ইন্টারভিউয়াররা দেখতে চান, প্রার্থীর নতুন চিন্তাভাবনা আছে কিনা, কীভাবে ভাবছে, কীভাবে দেখছে গোটা পরিস্থিতিকে।

প্রার্থীর কাছে এই চাকরির প্রয়োজন কতটা, সেকথা অনেক সময় ইন্টারভিউয়ে বোঝার চেষ্টা করি। অনেকে সময় কাটানোর জন্য কয়েক মাস কাজ করবে বলে আসে। কথোপকথনের মাধ্যমেই এই প্রবণতা ধরে ফেলা যায়। একজন ফ্রেশার মানে সংস্থার কাছে শূন্য। তাকে গড়েপিটে তৈরি করতে হবে। তাই যার চাকরির প্রয়োজন বেশি, তাকেই বেছে নেওয়ার চেষ্টা করা হয়। সহজ, সৎ, সপ্রতিভ প্রার্থী অবশ্যই অগ্রাধিকার পায়।

"প্রার্থীর কাছে এই চাকরির প্রয়োজন কতটা, সেকথা অনেক সময় ইন্টারভিউয়ে বোঝার চেষ্টা করি। অনেকে সময় কাটানোর জন্য কয়েক মাস কাজ করবে বলে আসে। কথোপকথনের মাধ্যমেই এই প্রবণতা ধরে ফেলা যায়। একজন ফ্রেশার মানে সংস্থার কাছে শূন্য। তাকে গড়েপিটে তৈরি করতে হবে। তাই যার চাকরির প্রয়োজন বেশি, তাকেই বেছে নেওয়ার চেষ্টা করা হয়। সহজ, সৎ, সপ্রতিভ প্রার্থী অবশ্যই অগ্রাধিকার পায়।

### মন দিয়ে পড়াশোনা করতে হবে

তোমার আত্মবিশ্বাসই কিন্তু অন্যের সঙ্গে তোমার তফাত গড়ে দিতে পারে। আত্মবিশ্বাস তৈরি করার সবচেয়ে সহজ উপায় হল, তুমি যে-বিষয় নিয়ে পড়াশোনা করেছ সেই বিষয়ে যথেষ্ট জ্ঞান এবং কার্যক্ষেত্রে তার প্রয়োগ করতে জানা।

পড়াশোনা নিয়ে প্রশ্ন আসতে পারে। মনে করো তুমি ইতিহাসে স্নাতক আর ইন্টারভিউয়ারদের মধ্যেও কেউ ইতিহাস নিয়ে পড়েছেন। এখানে বিষয়ভিত্তিক প্রশ্ন আসার সম্ভাবনা প্রবল। তাই বেসিক জ্ঞান থাকতেই হবে।

অনেক সময় চাকরির জন্য ইন্টারভিউ বোর্ডে ঢোকার প্রথম যোগ্যতা হয় নম্বর। এই নিয়ে আমার এখনও একটা আফসোস আছে। আমাদের ক্যাম্পাসিংয়ে অনেক বিখ্যাত সংস্থা আসত। তার মধ্যে কয়েকটিতে ইচ্ছে থাকলেও সুযোগ হয়নি ইন্টারভিউ দেওয়ার। আবেদন করার জন্য যে-নম্বর প্রয়োজন তার থেকে সামান্যই কম ছিল।

তাই এমন ভাবে পড়াশোনার ভিত তৈরি করো যাতে প্রাথমিক ধাপগুলো পেরোতে সুবিধা হয়।

## সিমেন্ট কর্পোরেশনে ট্রেনি

৫৯ জন আর্টিসান ট্রেনি নেবে সিমেন্ট কর্পোরেশন অব ইন্ডিয়া। ১ বছরের ট্রেনিং দেওয়া হবে ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, ফিটার-সহ বিভিন্ন ট্রেডে, সংস্থার তেলঙ্গানা ও হিমাচল প্রদেশের ইউনিটে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর AT/ 04/2019.

শাখা অনুসারে আসনসংখ্যার বিবরণ: পোস্ট কোড ১: **সিভিল**: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১)। পোস্ট কোড ২: **ইলেক্ট্রিশিয়ান**: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ৩, প্রাক্তন সমরকর্মী ১)।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। সিভিলের ক্ষেত্রে ড্রাফটসম্যান এবং ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্ট মেকানিক্স বা ইন্ডাস্ট্রিয়াল ইনস্ট্রুমেন্টেশন ট্রেডে আই টি আই কোর্স পাশ করে থাকতে হবে।

পোস্ট কোড ৩: **ইনস্ট্রুমেন্টেশন**: ৬টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১, প্রাক্তন সমরকর্মী ১)। পোস্ট কোড ৪: **ওয়েল্ডার**: ১৩টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, প্রাক্তন সমরকর্মী ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড ৫: **ফিটার**: ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১, প্রাক্তন সমরকর্মী ১)। পোস্ট কোড ৬: **মেশিন টুল**: ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ২, প্রাক্তন সমরকর্মী ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। সিভিলের ক্ষেত্রে ড্রাফটসম্যান এবং ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্ট মেকানিক্স বা ইন্ডাস্ট্রিয়াল ইনস্ট্রুমেন্টেশন ট্রেডে আই টি আই কোর্স পাশ করে থাকতে হবে।

পোস্ট কোড ৮: **প্রোডাকশন**: ৯টি (সাধারণ ৩, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১, প্রাক্তন সমরকর্মী ১, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি, স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই কম্পিউটারের জ্ঞান থাকতে হবে।

**বয়স**: ৩০-৯-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড**: প্রতি মাসে ৮,৪০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে নেওয়া হবে ট্রেড টেস্ট বা পারফর্ম্যান্স অ্যাসেসমেন্ট টেস্ট। উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগ করা হবে ডব্লু-থ্রি লেভেলে। তখন **বেতনক্রম**: ৮,৪০০-২০,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি জাতীয় স্তরের পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে দু'টি পার্টে। প্রথম পার্টে প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে এবং দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ এবং রিজনিং বিষয়ে। নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cciltd.in আবেদনের শেষ তারিখ ২৫ অক্টোবর। প্রার্থীর বৈধ ই-মেল আই ডি এবং চালু মোবাইল নম্বর থাকতে হবে। আবেদনের সময় প্রার্থীর ফটো (২০ থেকে ৬০ কেবি-র মধ্যে), সই (১০ থেকে ২০ কেবি-র মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি দেওয়া যাবে অনলাইনে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট এবং সাবমিট করা আবেদনপত্রের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

**RW Promotions Pvt Ltd**
Company: **RW Promotions Pvt Ltd**
Position Title: **Sales Promoter**
Experience, Location: **1 year - 5 year, Kolkata**
Profile: Candidate must have experience in Laptop/Desktop sales. Good knowledge in selling IT products. Candidate Should handle the Customer and demonstrated the product and explain the features of the products (Brand Laptop).
To apply for this job, log on to www.shine.com and search using **10367908** as keyword.

**Zivanta Analytics**
Company: **Zivanta Analytics**
Position Title: **Account Manager**
Experience, Location: **5 year - 7 year, Kolkata**
Profile: We are looking for a full-time accountant/ bookkeeper. The candidate must demonstrate an interest in managing daily accounting activities using QuickBooks software and manage international accounts. The ideal candidate should also have excellent organizational and interpersonal skills and should be able to handle a fast- paced office environment.
To apply for this job, log on to www.shine.com and search using **10313209** as keyword.

**SOFTTHINK Intelligent Solutions Pvt Ltd**
Company: **SOFTTHINK Intelligent Solutions Pvt Ltd**
Position Title: **HR Recruiter**
Experience, Location: **3 year - 5 year, Kolkata**
Profile: Achieve staffing objectives of Information Technology sector by sourcing, screening, evaluating, and on-boarding qualified and suitable personnel. The goal is to attract top talent into our resource pool, gain competitive advantage and fuel Company's growth.
To apply for this job, log on to www.shine.com and search using **10212342** as keyword.

**AQUAD YAMAHA**
Company: **FOURSIS TECHNICAL SOLUTION**
Position Title: **Back Office Manager**
Experience, Location: **2year - 4 year, Kolkata**
Profile: Accomplishes accounting human resource objectives by recruiting, selecting, orienting, training, assigning, scheduling, coaching, counseling, and disciplining employees; communicating job expectations; planning, monitoring, appraising, and reviewing job contributions; planning and reviewing compensation actions; enforcing policies and procedures.
To apply for this job, log on to www.shine.com and search using **10226540** as keyword.

**The Wadia Group**
Company: **The Wadia Group**
Position Title: **Project Coordinator**
Experience, Location: **2 year to 4 year**
Profile: Organize office administration, operations and procedures;Raising Bills/ Invoices of all projects in consultation with Project Team Leaders and following up till realization of payment.Maintaining up to date project schedule/ project MIS/ project Budget etc., as required by HO and ensuring timely submission of the same;
To apply for this job, log on to www.shine.com and search using **10363260** as keyword.

**Yes Tech Solutions Inc**
Company: **Yes Tech Solutions Inc**
Position Title: **Female Telecaller**
Experience, Location: **1 to 3 Yrs., Kolkata**
Profile: Should have Excellent Communication Skills and Convincing Power. Should Be Able to Work with a Team. Explain the Customers - Based On Product Offers / Benefits Promoting the Products.Customer Follow-up
To apply for this job, log on to www.shine.com and search using **9871899** as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203***
*Not for Candidates

shine.com
Great careers start here

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স ১

২৫ সেপ্টেম্বর-৯ অক্টোবর

**২৫ সেপ্টেম্বর** প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদ থেকে সরিয়ে দেওয়া হল অর্থনীতিবিদ রথীন রায়কে। দেশের অর্থনীতি 'মাঝারি আয়ের ফাঁদে' পড়তে চলেছে বলে সম্প্রতি সতর্ক করেছিলেন তিনি। প্রশ্ন তুলেছিলেন বাজেটে হিসেবের গরমিল নিয়েও। রথীন বর্তমানে দিল্লির ন্যাশনাল ইনস্টিটিউট অব পাবলিক ফিনান্স অ্যান্ড পলিসির ডিরেক্টর। বাদ গেলেন আর এক সদস্য, ব্রুকিংস ইন্ডিয়ার রিসার্চ ডিরেক্টর শমিকা রবিও। রথীনকে সমর্থন জানিয়েছিলেন তিনি। এদিন প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদ নতুন করে গঠন করা হয়েছে। বিবেক দেবরায়ই চেয়ারম্যানের পদে থাকছেন।

## রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভায় ভাষণ মোদীর



**২৭ সেপ্টেম্বর:** নিউইয়র্কে রাষ্ট্রপুঞ্জের ৭৪তম সাধারণ সভায় একদিকে উন্নয়নের খতিয়ান দিলেন, অন্যদিকে সন্ত্রাসের বিরুদ্ধে সুর চড়ালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আন্তর্জাতিক শান্তি ও উন্নয়নে ভারত তথা তাঁর সরকারের গত পাঁচ বছরের ভূমিকার কথা ব্যাখ্যা করে জানালেন, আমরা যখন সন্ত্রাসের বিরুদ্ধে আওয়াজ তুলি, তখন তার মধ্যে গোটা বিশ্বকে সতর্ক করার জন্য আমাদের দায়বদ্ধতা থাকে। আমি বিশ্বাস করি, কোন একটি দেশ নয়, গোটা বিশ্ব মানবতার সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ এই মুহূর্তে সন্ত্রাসবাদ। এক দিকে বলেছেন দূষণ রোধ থেকে ডিজিটাল ভারত গড়ার কথা। অন্য দিকে সন্ত্রাসের বিরুদ্ধে সরব হয়ে বলেন, 'আমাদের দেশ যুদ্ধ নয়, বুদ্ধ দিয়েছে বিশ্বকে।'

**২৬ সেপ্টেম্বর** পশ্চিমবঙ্গের নতুন মুখ্যসচিব হচ্ছেন রাজীব সিংহ। বর্তমানে তিনি স্বাস্থ্য দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব পদে রয়েছেন। এদিনই নিয়োগ সংক্রান্ত নির্দেশ প্রকাশিত হয়েছে। রাজ্যের বর্তমান মুখ্যসচিব মলয় দে ৩০ সেপ্টেম্বর অবসর নেওয়ার দিনই দায়িত্ব নিয়েছেন রাজীব সিংহ।

**নারদ কাণ্ডে গ্রেপ্তার হলেন রাজ্যের** আইপিএস অফিসার সৈয়দ মহম্মদ হোসেন মির্জা। ষড়যন্ত্র ও দুর্নীতি দমন আইনে তাঁর বিরুদ্ধে মামলা করেছে সিবিআই। নারদ মামলায় এটাই প্রথম গ্রেপ্তার।

**২৭ সেপ্টেম্বর** উত্তরপ্রদেশের গোরক্ষপুরের হাসপাতালে শিশু-মৃত্যুর ঘটনায় গ্রেপ্তার হওয়া চিকিৎসক কাফিল খানকে 'ক্লিনচিট' দিল উত্তরপ্রদেশ প্রশাসন। ২০১৭ সালে হাসপাতালে দু'দিনে ৬০টিরও বেশি শিশু-মৃত্যুর ঘটনায় অভিযোগের তির উঠেছিল কাফিলের বিরুদ্ধে। এই ঘটনার পরেই কাফিল দাবি করেছেন, যে পরিবারগুলি শিশু হারিয়েছে তাদের কাছে যোগী আদিত্যনাথ সরকারের ক্ষমা চাওয়া উচিত।

**২৮ সেপ্টেম্বর** রাষ্ট্রপুঞ্জের মঞ্চে পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানের ভারতকে সরাসরি আক্রমণ করার জবাব দিল ভারত। ভারতীয় নাগরিকদের হয়ে অন্য কারও কথা বলার প্রয়োজন নেই বলে মন্তব্য করলেন রাষ্ট্রপুঞ্জে ভারতীয় প্রতিনিধি বিদিশা মৈত্র। কূটনীতিক বিদিশার বক্তব্য, 'বিশেষত ঘৃণার দর্শনে বলিয়ান হয়ে সন্ত্রাসের কারখানা চালাচ্ছে এমন কারও তো ভারতীয়দের হয়ে কথা বলার কোনও অধিকারই নেই। পাক প্রধানমন্ত্রীর বক্তৃতায় খুনে নীতির পরিচয় পাওয়া গিয়েছে।' রাষ্ট্রপুঞ্জের সাধারণ সম্মেলনে পাক প্রধানমন্ত্রীর বক্তব্যের জবাবে (রাইট টু রিপ্লাই) এ ভাবেই সরব হল ভারত। রাষ্ট্রপুঞ্জে ভারতের স্থায়ী মিশনের ফার্স্ট সেক্রেটারি বিদিশা মৈত্র সন্ত্রাস নিয়ে আরও বলেছেন, 'পাক প্রধানমন্ত্রী ইমরান খান যে ভাবে সন্ত্রাসবাদকে মান্যতা দেওয়ার চেষ্টা করছেন তা একদিকে যেমন নির্লজ্জ অন্যদিকে তেমনই আগুন লাগানোর চেষ্টা। ওই দেশ তাদের সমস্ত মূল্যবোধকে বিসর্জন দিয়ে একচেটিয়া ভাবে সন্ত্রাসবাদের কারখানা চালিয়ে যাচ্ছে।'

## রাষ্ট্রপুঞ্জের সভায় পরমাণু যুদ্ধের প্রসঙ্গ ইমরানের মুখে



**২৭ সেপ্টেম্বর:** রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভায় বক্তব্য রাখতে গিয়ে পরমাণু যুদ্ধের ভয়াবহতার কথা সারা বিশ্বকে মনে করিয়ে দিলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। তাঁর কথায়, 'আমি কোনও হুমকি দিচ্ছি না, কিন্তু আন্তর্জাতিক গোষ্ঠীকেও ভাবতে হবে, তারা ১২০ কোটির ভারতীয় বাজারকে তোষণ করবে, নাকি নিরপরাধ নির্যাতিত মানুষের ন্যায়ের জন্য লড়বে? তা না-হলে ভাল আশা আপনারা করতেই পারেন, কিন্তু খারাপের জন্যও তৈরি থাকুন।' নিজের বক্তৃতায় নরেন্দ্র মোদীকে সরাসরি গুজরাত দাঙ্গার কথা তুলে আক্রমণ করেছেন পাক প্রধানমন্ত্রী। সঙ্ঘকে তুলনা করেছেন ফাসিস্তদের সঙ্গে।

**সুপ্রিম কোর্টকে দু'ভাগ করার পক্ষে** সওয়াল করলেন উপরাষ্ট্রপতি বেঙ্কাইয়া নাইডু। বিচার পেতে মাত্রাতিরিক্ত দেরি নিয়ে বলতে গিয়ে এই প্রস্তাব করেন তিনি। সুপ্রিম কোর্টকে সাংবিধানিক বিভাগ ও আপিল আদালতে ভাগ করার জন্য সম্প্রতি সুপারিশ করেছে আইন কমিশন। সেই সুপারিশকেই সমর্থন করেছেন বেঙ্কাইয়া।



“চিন যখন কাশ্মীর পরিস্থিতি নিয়ে কথা বলছে, তখন মোদী সরকার কেন এটা বলছে না যে আমরাও হংকংয়ের বিক্ষোভের দিকে নজর রাখছি। তিব্বত আর শিনজিয়াংয়ে মানবাধিকার লঙ্ঘনের বিষয়টিও নজরে আছে। এমনকি দক্ষিণ চিন সাগরে বেজিং কী কী পদক্ষেপ করছে, তা-ও আমাদের চোখ এড়ায়নি।”

**মনীশ তিওয়ারি,** *কংগ্রেস নেতা ও সাংসদ*
সরকারের চিনা নীতির সমালোচনা করে

## হাজা-আল-মনসুরি প্রথম আরবি নভশ্চর



**২৫ সেপ্টেম্বর:** প্রথম আরবি নভশ্চর হিসেবে মহাকাশে গেলেন হাজা-আল-মনসুরি। এদিন কাজাখস্তানের বৈকানুর মহাকাশ উৎক্ষেপণ কেন্দ্র থেকে রকেটে যাত্রা করলেন তিনি। মনসুরি-র সঙ্গী হলেন রাশিয়ার নভশ্চর ওলেগ স্ক্রিপোশকা এবং নাসা-র নভশ্চর জেসিকা মেয়ার। আট দিন মহাকাশকেন্দ্রে কাটাবেন তাঁরা।

**২৯ সেপ্টেম্বর** সারা দেশে পেঁয়াজের অগ্নিমূল্য নিয়ন্ত্রণ করতে আপাতত পেঁয়াজ রপ্তানি বন্ধ রাখা-সহ একগুচ্ছ পদক্ষেপ করল কেন্দ্র। পাইকারি ও খুচরো ব্যবসায়ীদের মজুতের ঊর্ধ্ব সীমা বাঁধার পাশাপাশি রাজ্যগুলিকে কড়া হাতে কালোবাজারি রুখতে বলল নরেন্দ্র মোদীর সরকার।

**ভারতের অর্থনীতির ঝিমিয়ে পড়া** অবস্থায় এ দেশে ১০ হাজার কোটি ডলার লগ্নির ইঙ্গিত দিল সৌদি আরব। ভারতের পেট্রোকেমিক্যাল, পরিকাঠামো, খননের মতো ক্ষেত্রে ১০ হাজার কোটি ডলার লগ্নির ইঙ্গিত দিলেন নয়াদিল্লিতে সৌদি রাষ্ট্রদূত সৌদ বিন মহম্মদ আল সাতি। এক সাক্ষাৎকারে তিনি দাবি করেছেন, তাঁদের কাছে ভারত লগ্নির আকর্ষণীয় ঠিকানা। সে ক্ষেত্রে সৌদি লগ্নির গন্তব্য হতে পারে তেল, গ্যাস, পেট্রোকেমিক্যাল, শোধনাগার থেকে শুরু করে পরিকাঠামো, কৃষি, খনিজ ও খননের মতো ক্ষেত্র।

**৩০ সেপ্টেম্বর** বাজেটে করা ঘোষণা থেকে সরে এসে কেন্দ্র জানাল, এই অর্থবর্ষে বিদেশের বাজারে ডলারে বন্ড ছেড়ে ঋণ নেওয়ার পথে যাচ্ছে না তারা। সুদের বোঝা বাড়া সত্ত্বেও এই সিদ্ধান্তই বহাল থাকবে বলে জানা যাচ্ছে। এমনকি অর্থনীতি চাঙ্গা করার নানা পদক্ষেপে রাজস্ব লোকসান হবে জেনেও, আগামী ছ'মাসে বাজার থেকে ২.৬৮ লক্ষ কোটি টাকার বেশি ধার করা হবে না বলেও জানিয়েছে কেন্দ্র।

**বিলকিস বানো মামলায় ক্ষতিপূরণ** দিতেই হবে বলে ফের নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের নির্দেশ সত্ত্বেও গুজরাট দাঙ্গায় গণধর্ষণের শিকার বিলকিসকে ক্ষতিপূরণ দেয়নি গুজরাট সরকার। পাঁচ মাস কেটে যাওয়ার পর এদিন ওই নির্দেশের পর্যালোচনা চেয়ে ফের সুপ্রিম কোর্টে আর্জি পেশ করে তারা। প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের বেঞ্চ জানিয়ে দিয়েছে ওই নির্দেশের কোনও পর্যালোচনা হবে না। দু'সপ্তাহের মধ্যেই ক্ষতিপূরণ দিতে হবে। প্রধান বিচারপতির মন্তব্য, 'চাইলে আপনারা দু'সপ্তাহের আগেই কাজটা করতে পারেন।' এরপরেই গুজরাট সরকারের হয়ে কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহতা লিখিত প্রতিশ্রুতি দিয়েছেন, দু'সপ্তাহের মধ্যেই বিলকিস বানোর ক্ষতিপূরণ, চাকরি ও বাসস্থানের বন্দোবস্ত করা হবে।

**এক মার্কিন চ্যানেলে দেওয়া সাক্ষাৎকারে** সৌদি যুবরাজ মহম্মদ বিন সলমন স্বীকার করে নিলেন, তাঁর দেশের সংবাদিক জামাল খাসোগির হত্যার দায় সম্পূর্ণ তাঁরই। কারণ সৌদি সরকারের কর্মীরাই তাতে জড়িত ছিলেন। তবে দায়িত্ব নিলেও যুবরাজ পরে স্পষ্ট করে দিয়েছেন, খাশোগি খুনের নির্দেশ তিনি কখনওই দেননি। যদিও মার্কিন গুপ্তচর সংস্থা সিআইএ-র তদন্তে উঠে এসেছিল, বিন সলমন এই খুনে সায় দিয়েছিলেন। সাক্ষাৎকারে যুবরাজ সেই দাবি উড়িয়ে দিয়ে বলেন, 'আমার বিরুদ্ধে সত্যিই যদি সে ধরনের কোনও অভিযোগ উঠে থাকে, তা হলে সেটা প্রকাশ্যে আনা হোক।'

## মন্ট্রিয়লেও মিছিল গ্রেটার, অভিযোগ ট্রুডোর বিরুদ্ধে



**২৮ সেপ্টেম্বর:** পরিবেশ রক্ষার দাবিতে মন্ট্রিয়লে মিছিল করল জলবায়ু পরিবর্তন নিয়ে আন্দোলনকারী সুইডিশ কিশোরী গ্রেটা থুনবার্গ। মিছিলে যোগ দিয়েছেন পাঁচ লক্ষ মানুষ। পরিবেশ রক্ষার আর্জি নিয়ে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সঙ্গে দেখাও করে গ্রেটা। পরে সাংবাদিক বৈঠকে গ্রেটা অভিযোগ করে, বিশ্ব উষ্ণায়ণ রুখতে প্রধানমন্ত্রী ট্রুডো যথেষ্ট পদক্ষেপ করছেন না।

## ক্রিকেট প্রশাসনে আজহারউদ্দিন



**২৭ সেপ্টেম্বর:** হায়দরাবাদ ক্রিকেট সংস্থার প্রেসিডেন্ট পদে নির্বাচিত হলেন মহম্মদ আজহারউদ্দিন। প্রাক্তন ভারত অধিনায়ক ১৪৭-৭৩ ব্যবধানে হারালেন প্রকাশ চাঁদ জৈনকে। ২০০০ সালে ম্যাচ ফিক্সিংয়ে অভিযুক্ত হওয়ার পর কার্যত শেষ হয়ে গিয়েছিল তাঁর ক্রিকেট জীবন। যদিও অন্ধ্রপ্রদেশের শীর্ষ আদালত জানিয়েছিল, আজহারের বিরুদ্ধে অভিযোগের তদন্ত ঠিক মতো করা হয়নি। সেটাই তাঁর ক্রিকেট প্রশাসনে প্রবেশ করার রাস্তা প্রশস্ত করে দিয়েছে।

**১ অক্টোবর** লোকসভা ভোটে পশ্চিমবঙ্গে ১৮ আসনে জয়ের পর প্রথমবার কলকাতায় এসে নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে বক্তব্য রাখলেন বিজেপি সভাপতি ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। ভাষণে এনআরসি নিয়ে দলের অবস্থান ব্যাখ্যা করেন তিনি। এনআরসি চালু করার ব্যাপারে সতর্ক পদক্ষেপ করে মূলত নাগরিকত্ব সংশোধনী বিলের (সিএবি) উপরেই জোর দেন। তিনি বলেন ওই বিল কার্যকর করে তবেই এনআরসি করা হবে। বিলে হিন্দু, বৌদ্ধ, শিখ, জৈন, খ্রিস্টানদের এ দেশে শরণার্থীর মর্যাদা দেওয়া হবে। শরণার্থীদের ঘরে ঘরে এটা প্রচার করতে হবে দলীয় নেতা কর্মীদের।

**দেশে ধাপে ধাপে প্লাস্টিক নিষেধাজ্ঞা হবে** বলে ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সরকার এখনই প্লাস্টিকের ব্যাগ, কাপ, প্লেট, গ্লাস বা স্ট্র-এর মতো একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের পণ্যের উপর পুরোপুরি নিষেধাজ্ঞার পথে হাঁটছে না। তার বদলে ধাপে ধাপে ২০২২-এর মধ্যে এই সব প্লাস্টিকের পণ্য ব্যবহার বন্ধ করা হবে। ২ অক্টোবর গান্ধীজির দেড়শো-তম জন্মবার্ষিকীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক পণ্য ব্যবহার বন্ধ করার লক্ষ্যে ঘোষণা করেছেন। কিন্তু একবারে নিষেধাজ্ঞা আরোপ না করে একে জন-আন্দোলনের চেহারা দিতে চেয়েছেন প্রধানমন্ত্রী।

**২ অক্টোবর** ব্রিটেনের ব্যাঙ্কে থাকা হায়দরাবাদের প্রয়াত নিজামের ৩ কোটি ৫০ লক্ষ পাউন্ডের অধিকার নিয়ে আইনি লড়াইয়ে জয়ী হল ভারত। ওই অর্থের উপর পাকিস্তানের দাবি খারিজ করে দিয়েছে ব্রিটিশ হাইকোর্ট। রায় দিতে গিয়ে আদালত জানিয়েছে, ওই অর্থের উত্তরাধিকারী নিজামের বংশধরেরা। তাঁদের সঙ্গে হাত মিলিয়েই আইনি লড়াই লড়ছিল ভারত।

## হংকং নিয়ে এক রাষ্ট্র, দুই নীতি চিনফিংয়ের কথায়



**৩০ সেপ্টেম্বর:** হংকংয়ে চলতে থাকা অশান্তি নিয়ে এ বার মুখ খুললেন চিনা প্রেসিডেন্ট শি চিনফিং। জানালেন, এক রাষ্ট্র দুই নীতিতে বিশ্বাস করেন তাঁরা। শি-য়ের বক্তব্য, স্বায়ত্তশাসিত এই এলাকার মানুষের অধিকার রক্ষাতেও তৎপর বেজিং। এর আগেই দু'দিন ধরে লক্ষাধিক মানুষের বিক্ষোভে উত্তাল হয়ে উঠেছে হংকং। আন্দোলনকারীদের মূল দাবিই হচ্ছে চিনের হস্তক্ষেপ থেকে হংকং প্রশাসনের মুক্তি। তার পরেই চিনা প্রেসিডেন্টের মুখে এই বার্তা যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। প্রেসিডেন্ট যদিও আশ্বাস দিয়েছেন জোর করে বেজিং কোনও আইন হংকংয়ের উপর চাপিয়ে দেবে না, তবে হংকংয়ের একাধিক কূটনৈতিক কর্তা দাবি করেছেন, গত কয়েকদিন ধরে হংকং সীমান্তে চিনা সামরিক বাহিনীর সংখ্যা প্রায় দ্বিগুণ করেছে চিন সরকার। বিক্ষোভ বিরোধী অভিযানে প্রয়োজনে এই বাহিনীকেই এগিয়ে দেওয়া হবে বলে আশঙ্কা করছেন তাঁরা।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স ২

**ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)-এর কাছে** নতুন 'ব্রেক্সিট নকশা' পেশ করল ব্রিটেন। এই নকশায় উত্তর আয়ারল্যান্ড, যা কি না ব্রিটেনের অংশ তার সঙ্গে রিপাবলিক অব আয়ারল্যান্ডের নতুন বাণিজ্যচুক্তির একটি দিশা দেখানো হয়েছে। ইইউ জানিয়েছে, এই নকশা তারা বিবেচনা করে দেখবে। ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসন দাবি করেছেন, এই নতুন নকশা ইইউ-তে পাশ না-হলে চুক্তিহীন ব্রেক্সিট ছাড়া ব্রিটেনের সামনে কোনও পথ খোলা থাকবে না। নির্ধারিত সময়সূচি অনুযায়ী, ৩১ অক্টোবর ইইউ থেকে বেরিয়ে যাওয়ার কথা ব্রিটেনের।

## ভারত সফরে এলেন হাসিনা



**৩ অক্টোবর:** ভারত সফরে এসে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানালেন মজবুত অর্থনীতির জোরে বাংলাদেশ এখন বিনিয়োগের আকর্ষণীয় গন্তব্য। এদিন ওয়ার্ল্ড ইকনমিক ফোরাম আয়োজিত 'ইন্ডিয়া ইকনমিক সামিট'-এ হাসিনা বলেন, বাংলাদেশ শুধু তার নিজস্ব ১৬ কোটি ২০ লক্ষ মানুষের বাজার নয়। তার ভৌগোলিক অবস্থান এমন যে, এই দেশ হয়ে উঠতে পারে ৩০০ কোটি মানুষের বিপুল বাজারের সংযোগস্থল। আর এই ভূ-কৌশলগত অবস্থান ব্যাখ্যা করতে গিয়েই চিনের অবস্থানের কথা মনে করিয়ে দিয়েছেন তিনি। বাংলাদেশে ভারতীয় বিনিয়োগ যে স্বাগত, সেই বার্তা এ দিনের বক্তৃতায় হাসিনা দিয়েছেন। অন্যদিকে, শ্রীলঙ্কা ও পাকিস্তানের পাশাপাশি এই মুহূর্তে বাংলাদেশেও প্রভাব বাড়ানোর চেষ্টা করে চলেছে বেজিং। তারা উৎসাহ দেখাচ্ছে, পরিকাঠামো নির্মাণ থেকে শুরু করে বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগে। কূটনীতিকদের মতে, চিনের নাম না করেও হাসিনা বার্তা দিয়ে রাখতে চেয়েছেন, সম্ভাবনাময় বাজার, লগ্নিবান্ধব পরিবেশ, প্রযুক্তিতে উন্নতি ইত্যাদি কারণে বাংলাদেশকে লগ্নির লক্ষ্য হিসেবে বাছতে পারে ভারতীয় সংস্থাগুলো। না-হলে অপেক্ষায় আছে বেজিংও।

**জম্মু-কাশ্মীরের ব্লক স্তরের নির্বাচন** ঘোষণার পর জম্মুর সব রাজনৈতিক নেতাকে মুক্তি দিল প্রশাসন। তবে কাশ্মীরের নেতারা এখনও বন্দিই রয়েছেন বলে জানা গেছে।

**গান্ধী জয়ন্তীর দিনেই মধ্যপ্রদেশের** রেওয়ার 'বাপু ভবন মেমোরিয়াল' থেকে চুরি গেল গান্ধীজির ভস্মাধার। দুষ্কৃতীরা শুধু তাঁর ভস্মাধারই চুরি করেনি, গান্ধীজির ছবিও রঙ দিয়ে বিকৃত করে দিয়েছে। স্মৃতি ভবনের কেয়ারটেকার মঙ্গলদীপ তিওয়ারি চুরির কথা জানিয়েছেন। স্থানীয় এক কংগ্রেস নেতার অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্তে নেমেছে।

**৩ অক্টোবর** ভারত ও পাকিস্তানের মধ্যে পরমাণু যুদ্ধ হলে প্রায় সাড়ে বারো কোটি মানুষের মৃত্যু হবে এবং পৃথিবীর জলবায়ুতেও খুব বড় প্রভাব পড়বে বলে জানালেন বিশেষজ্ঞরা। একটি মার্কিন বিজ্ঞান-পত্রিকার প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৫ সাল নাগাদ যদি এমন ঘটনা ঘটে, সারা বিশ্বে তা 'পরমাণবিক শৈত্য'-এর সূচনা করতে পারে। রাজার্স বিশ্ববিদ্যালয়-নিউ ব্রান্সউইকের অধ্যাপক অ্যালান রোবকের দাবি, ৯টি দেশের হাতে পরমাণু অস্ত্র রয়েছে। কিন্তু ভারত আর পাকিস্তানই ক্রমাগত তাদের পরমাণু অস্ত্রের ভাণ্ডার বাড়িয়ে চলেছে।

## ২০০ উইকেটের নজির জাদেজার



**৫ অক্টোবর:** ভারতের রবীন্দ্র জাদেজা বাঁ-হাতি বোলার হিসেবে দ্রুততম ২০০ উইকেট সংগ্রহ করলেন। দক্ষিণ আফ্রিকার সঙ্গে বিশাখাপত্তনমে প্রথম টেস্টের তৃতীয় দিনে ২০০ তম উইকেটটি তুলে নিলেন তিনি। এর আগে এই কৃতিত্ব ছিল শ্রীলঙ্কার রঙ্গনা হেরাথের। ৪৭তম টেস্টে ২০০ উইকেট নিয়েছিলেন তিনি। জাদেজা নিজের ৪৪তম টেস্টেই সেই নজির গড়লেন।

## হাইপোক্সিয়া নিয়ে গবেষণায় চিকিৎসায় নোবেল



*বাঁদিক থেকে: গ্রেগ এল সেমেনজা, স্যার পিটার জে র‍্যাটক্লিফ ও উইলিয়াম জি কায়লিন জুনিয়র*

**৭ অক্টোবর:** এ বছর চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কার পেলেন উইলিয়াম জি কায়লিন জুনিয়র, স্যার পিটার জে র‍্যাটক্লিফ ও গ্রেগ এল সেমেনজা। এই বিজ্ঞানীরা দেখিয়েছেন, শরীরে অক্সিজেনের মাত্রার হেরফের হলে কোষ তার হদিস পায় ও সেই অনুযায়ী ঠিক করে পরিস্থিতির সঙ্গে খাপ খাওয়ানোর কৌশল। তাঁদের গবেষণার বিষয় শরীরে অক্সিজেনের মাত্রা কমে যাওয়া অর্থাৎ হাইপোক্সিয়া। এত দিন ধারণা ছিল, হাইপোক্সিয়ার জেরে লোহিত রক্তকণিকা তৈরি হওয়া বেড়ে যায়। কিন্তু জন্স হপকিন্স ইউনিভার্সিটির অধ্যাপক সেমেনজা দেখিয়েছেন, অক্সিজেন ঠিক কী ভূমিকা পালন করে এই প্রক্রিয়ায়। অক্সফোর্ড ইউনিভার্সিটির অধ্যাপক স্যর র‍্যাটক্লিফ ও হার্ভার্ড মেডিক্যাল স্কুলের অধ্যাপক উইলিয়াম কায়লিনও যোগ্য সহযোগিতা করেন এই গবেষণায়।

**৪ অক্টোবর** চা শ্রমিকদের বোনাসের দাবিতে ১২ ঘন্টার বনধে স্তব্ধ হয়ে রইল দার্জিলিংয়ের পাহাড়। সাতটি শ্রমিক সংগঠনের যৌথ কমিটি চা বাগান শ্রমিকদের ২০ শতাংশ বোনাসের দাবিতে কয়েক দিন আগে থেকেই আন্দোলন শুরু করেছে। এই কমিটিতে আছে বিনয়পন্থী মোর্চা, তৃণমূল, সিপিএম, হিল কংগ্রেস, হরকা বাহাদুর ছেত্রীর দল জাপ, গোর্খা লিগ এবং আরসিপিএম।

## পদার্থ বিজ্ঞানে নোবেল তিন বিজ্ঞানীর



*বাঁদিক থেকে: জেমস পিবলস, মাইকেল মেয়র ও দিদিয়ের কেলজ*

**৮ অক্টোবর:** মহাকাশ গবেষণায় বিশেষ অবদানের জন্য এ বছর পদার্থ বিজ্ঞানে নোবেল পুরস্কার পেলেন জেমস পিবলস, দিদিয়ের কেলজ এবং মাইকেল মেয়র। দু'দশক ব্যাপী গবেষণার মাধ্যমে প্রিন্সটন ইউনিভার্সিটির অ্যালবার্ট আইনস্টাইন নামাঙ্কিত পদের অধ্যাপক পিবলস তৈরি করেছেন সেই তত্ত্ব যা মহাবিশ্বের ইতিহাস নিয়ে আমাদের বুনিয়াদি ভাবনাচিন্তা তৈরি করেছে। পাশাপাশি ইউনিভার্সিটির দুই অধ্যাপক মাইকেল মেয়র ও দিদিয়ের কেলজ সন্ধান দিয়েছিলেন সৌরজগতের বাইরের প্রথম গ্রহটির।

**বালাকোট অভিযানের পরের দিন পাক** যুদ্ধ-বিমানের সঙ্গে লড়াই চলার সময় ভারতীয় বায়ুসেনা নিজেদের একটি হেলিকপ্টার নিজেরাই ক্ষেপণাস্ত্র ছুড়ে ধ্বংস করে দিয়েছিল বলে প্রমাণিত হল। সরকারি ভাবে এ দিন প্রথম এই কথা স্বীকার করলেন বায়ুসেনার সদ্য দায়িত্বপ্রাপ্ত প্রধান রাকেশ কুমার সিং ভাদৌরিয়া। কপ্টার ধ্বংসকে মস্ত ভুল বলে বর্ণনা করেছেন তিনি। জানিয়েছেন, এই ঘটনায় শৃঙ্খলাভঙ্গের দায়ে দুই বায়ুসেনা অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। উল্লেখ্য, ২৭ ফেব্রুয়ারির ওই ঘটনায় ৬ সেনাকর্মী ও একজন সাধারণ নাগরিক নিহত হন।

**৫ অক্টোবর** বন্যা-বিধ্বস্ত কর্নাটক ও বিহারের জন্য কেন্দ্র অতিরিক্ত ১৮১৩.৭৫ কোটি টাকার সাহায্য দেওয়ার কথা ঘোষণা করল। স্বরাষ্ট্র মন্ত্রক সূত্রে জানানো হয়েছে ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স ফান্ড থেকে ওই টাকা দেওয়া হবে। স্বরাষ্ট্র মন্ত্রক আরও জানিয়েছে এ বছরের বন্যায় মোট ১৩টি রাজ্য গুরুতর ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এই দুই রাজ্যই জানিয়েছিল সংশ্লিষ্ট স্টেট ডিজাস্টার রেসপন্স ফান্ডের অপ্রতুলতার কারণে বন্যায় বাস্তুহারা ও নানা ভাবে ক্ষতিগ্রস্ত মানুষদের ত্রাণ দেওয়া যাচ্ছে না। কেন্দ্রের কাছে সাহায্যের আর্জি জানিয়েছিল দুই রাজ্যই।

**পাঞ্জাবের নতুন লোকপাল নিযুক্ত** হলেন বিচারপতি বিনোদ কুমার শর্মা। বিচারপতি সতীশ কুমার মিত্তাল ২৩ এপ্রিল ২০১৮-তে অবসর নেওয়ার পর থেকে পদটি এতদিন খালিই ছিল। ছ'বছরের জন্য এই পদে থাকবেন বিচারপতি শর্মা।

**৬ অক্টোবর** রাষ্ট্রপুঞ্জের সংস্থা ইউনেস্কো (ইউনাইটেড নেশনস এডুকেশনাল, সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশন) মেক্সিকোর অভিনেত্রী ইয়ালিৎজা অ্যাপারিসিওকে আদিবাসী মানুষদের শুভেচ্ছা দূত নিযুক্ত করল। গোটা বিশ্ব জুড়ে আদিবাসী মানুষদের জন্যে ইউনেস্কোর কাজে সাহায্য করবেন ইয়ালিৎজা। আদিবাসী মানুষদের সংস্কৃতি রক্ষা, পরিবেশ রক্ষায় তাঁদের জ্ঞানকে সম্মান করা ও শিক্ষায় সমানাধিকার নিয়ে ইয়ালিৎজা উদ্যোগী হবেন বলে জানা গিয়েছে।

## নয়াদিল্লিতে বৈঠকে মোদী-হাসিনা



**৬ অক্টোবর:** ভারত সফরে আসা বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে নয়াদিল্লিতে বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রতিরক্ষা, নিরাপত্তা, বাণিজ্য ও যোগাযোগের ক্ষেত্রে তিনটি প্রকল্পের উদ্বোধন করেন তাঁরা। এছাড়া পরিবহণ ও যোগাযোগের ক্ষেত্রে সাতটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে দুই দেশের মধ্যে। মোদী-হাসিনা যে প্রকল্প গুলির উদ্বোধন করেছেন তার মধ্যে রয়েছে বাংলাদেশ থেকে এলপিজি আমদানি। অসমে এনআরসি-র বিষয়টি নিয়েও কথা হয়েছে দুই রাষ্ট্রপ্রধানের মধ্যে।

**৮ অক্টোবর** উত্তর-পূর্ব সিরিয়া থেকে সেনা প্রত্যাহার শুরু করল আমেরিকা। পাশের দেশ তুর্কি ইতিমধ্যেই অবশ্য মার্কিন সমর্থিত কুর্দিশ সেনাদের উপর মিসাইল হামলা চালানোর হুমকি দিয়েছে। এরপরই সিরিয়া-তুর্কি সীমান্ত সংলগ্ন পরিদর্শন এলাকাগুলি থেকে মার্কিন সেনা সরতে শুরু করেছে বলে স্থানীয় সংবাদ সংস্থা সূত্রের খবর। খবরে প্রকাশ তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তায়িপ এর্দোগান বলেছেন সিরিয়া-তুরস্ক সীমান্ত সুরক্ষিত করতে আমেরিকার সঙ্গে যে চুক্তি হয়েছিল তা ফলপ্রসূ হয়নি। যে কোনও মুহূর্তে মার্কিন সমর্থিত কুর্দিশ সেনাদের সিরিয়ান ডেমোক্র্যাটিক ফোর্সের উপর হামলা চালাতে পারে আঙ্কারা।

**৯ অক্টোবর** আগামী বছরের মাঝামাঝি ভারতের হাতে আসতে চলেছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্য তৈরি দু'টি বিশেষ বোয়িং বিমান। আমেরিকার ডালাসে বোয়িং সংস্থার কারখানায় তৈরি হচ্ছে ৭৭৭-৩০০ইআর বিমানগুলি। ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা ও অন্যান্য নিরাপত্তার দিক থেকে এগুলি মার্কিন প্রেসিডেন্টের ৭৪৭-২০০বি বিমানের সমতুল। কেন্দ্রীয় সরকার সূত্রে খবর, বিমানগুলি এয়ার ইন্ডিয়ার বদলে ভারতীয় বায়ুসেনার তদারকিতে রাখা হতে পারে।

**স্বাধীনতার পরে পাক-অধিকৃত কাশ্মীর** থেকে উদ্বাস্তু হয়ে চলে আসা সাড়ে পাঁচ হাজার পরিবারকে সাড়ে পাঁচ লক্ষ টাকা করে আর্থিক সাহায্য দেওয়ার সিদ্ধান্ত নিল নরেন্দ্র মোদী সরকার। এ দিন প্রধানমন্ত্রীর বাসভবনে এক মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। ওই সব পরিবারের সদস্যেরা যাতে ধারাবাহিক ভাবে উপার্জনে সক্ষম হন সে জন্যও পদক্ষেপ করার সিদ্ধান্ত নিয়েছে মোদী সরকার। ২০১৫ সালে প্রধানমন্ত্রী জম্মু-কাশ্মীরের জন্য যে উন্নয়নমূলক প্যাকেজ ঘোষণা করেছিলেন তারই অঙ্গ হিসেবে ওই সাহায্য করা হচ্ছে বলে জানিয়েছেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচারমন্ত্রী প্রকাশ জাভড়েকর।

## অর্থনীতির বিপদ নিয়ে আশঙ্কা প্রকাশ ক্রিস্টালিনার



**৯ অক্টোবর:** দেশীয় অর্থনীতির বিপদ নিয়ে আশঙ্কা প্রকাশ করলেন আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার (আইএমএফ)-এর প্রধান ক্রিস্টালিনা জর্জিভা। তাঁর মতে বিশ্বের অধিকাংশ দেশের অর্থনীতিই এখন ঝিমিয়ে পড়ছে। তাতে সব দেশই কম-বেশি প্রভাবিত হচ্ছে ঠিকই, কিন্তু বিপদ বেশি করে ফুটে উঠতে শুরু করেছে ভারতের মতো উন্নয়নশীল দেশে। ক্রিস্টালিনার কথায়, '২০১৯ সালে বৃদ্ধি ঢিমে হওয়ার সম্ভাবনা বিশ্বের ৯০ শতাংশ এলাকাতেই। প্রায় থমকে গিয়েছে বাণিজ্য। আমেরিকা, জাপান, ইউরোপ, চিন— আর্থিক কর্মকাণ্ড কমছে প্রায় সর্বত্রই। ভারত, ব্রাজিলের মতো উন্নয়নশীল দেশে এর প্রভাব সব থেকে স্পষ্ট। চিনেও শ্লথ হচ্ছে বৃদ্ধি।'

## রিচার্জ করার ব্যাটারি আবিষ্কার করে নোবেল রসায়নে



*বাঁদিক থেকে: আকিরা ইয়োশিনো, জন বি গুডেনাফ ও এম স্ট্যানলি হুইটিংহাম*

**৯ অক্টোবর:** রিচার্জ করার ব্যাটারি আবিষ্কার করে রসায়নে নোবেল পুরস্কার পেলেন এম স্ট্যানলি হুইটিংহাম, জন বি গুডেনাফ ও আকিরা ইয়োশিনো। মোবাইল, ল্যাপটপ থেকে বিভিন্ন যন্ত্রে এখন ব্যবহার হয় লিথিয়াম-আয়ন ব্যাটারি। এই ব্যাটারি বাজারে এসেছে ১৯৯১ সালে। ওজনে হাল্কা অথচ শক্তিশালী এই ব্যাটারি মানুষের জীবনই বদলে দিয়েছে। যাঁরা এই বৈপ্লবিক পরিবর্তনের মূলে সেই তিনজনকেই রসায়নের নোবেল পুরস্কারে ভূষিত করল নোবেল কমিটি।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## রাজ্য সরকারে ক্লার্ক

### পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 3):** *Insert the appropriate words to fill in the blanks.*

1. With reference to your ______ in today's newspaper for an accountant.
(a) Advertising (b) Advertisement (c) Advertise (d) Advertised

2. Litte boys _____ in this field.
(a) play (b) plays (c) playing (d) played

3. Success in life _____ on good health.
(a) depending (b) dependable (c) depend (d) depends

**Direction (4 to 6):** *Choose the correct preposition to fill in the blank in sentence given.*

4. The boy was admitted _____ class x.
(a) at (b) to (c) in (d) of

5. He was a victim _____ flood last year.
(a) of (b) in (c) from (d) to

6. Visva Bharati will open a museum solely dedicated ___ Rabindranath Tagore.
(a) on (b) in (c) of (d) to

**Direction (7 and 8):** *Choose the appropriate words from the given option to suit the meaning of the following most nearly.*

7. A fourteen-lined poem is called:
(a) Acrostic (b) Sonnet (c) Limerick (d) Haiku

8. One knowing many languages is called:
(a) Interpreter (b) Polyglot (c) Almighty (d) Linguistic

**Direction (9 and 10):** *Choose the correct form of pronouns among the given options.*

9. This is the man ______ has taken my pen.
(a) whom (b) who (c) which (d) it

10. The baby _____ was crying is now quiet.
(a) which (b) who (c) it (d) whom

**Direction (11 to 13):** *Fill in the blank with appropriate phrasal verb or group verbs given below.*

11. The thief ____ from the jail.
(a) broke in (b) broke away (c) broke down (d) broke into

12. He will _____ charge tomorrow.
(a) take over (b) take from (c) take off (d) take in

13. When Virat is _____ he wants to be an animator.
(a) make of (b) go by (c) look after (d) grown up

**Direction (14 and 15):** *Replace the underlined words by using proper idioms from the options given below.*

14. The price of the rice is going up very rapidly.
(a) ups and downs (b) by leaps and bounds (c) rise and fall (d) ins and outs

15. Mass education is the urgent need of India.
(a) crying need (b) indeed on (c) part and parcel (d) get rid of

16. The plural of brother-in-law is:
(a) Brothers-in-law (b) Brothers-in-laws (c) Brother-in-law (d) None of these

17. Choose the correct adverb.
I praise him _____ when he deserves it.
(a) for (b) only (c) ever (d) never

**Direction (18 to 20):** *Each of the following items in this section consists of sentence, the parts of which have been jumbled. These parts have been labelled as P, Q, R and S given below each sentence are four sequences namely (a), (b), (c) and (d). You are required to re-arrange the jumbled parts of the sentence and mark your response accordingly.*

18. Vivekananda entered (P)/Netaji Subhas was (Q)/barley fifteen when (R)/his life (S)
(a) QRSP (b) QRPS (c) PRSQ (d) RQSP

19. in India (P)/development of rural life (Q)/community developments projects (R)/are schems for (S)
(a) QRSP (b) QRSP (c) RPSQ (d) RSPQ

20. Most of the stars are (P)/astronomers to measure (Q)/too far away for (R)/this distance (S)
(a) PRSQ (b) PRQS (c) RPSQ (d) RSPQ

**Direction (21 to 23):** *Choose the word which is most opposite in meaning in the given words.*

21. Reveal
(a) Publish (b) Hide (c) Disclose (d) Proclaim

22. Confidence

এরপর এগারোর পাতায়

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. শেরশাহের আসল নাম কী?
(a) ফরিদ (b) ফৈজি (c) হিমু (d) আলম

2. 'প্রার্থনা সমাজ' কোথায় স্থাপিত হয়েছিল?
(a) কলকাতা (b) চুঁচুড়া (c) মুম্বই (d) অমৃতসর

3. ভারতের কোন অঞ্চলে বছরে দু'বার বৃষ্টি হয়?
(a) পশ্চিমবঙ্গ (b) মহারাষ্ট্র (c) তামিলনাড়ু (d) অসম

4. সৌরজগৎ কে প্রথম আবিষ্কার করেন?
(a) কেপলার (b) ফেরেল (c) গ্যালিলিও (d) কোপারনিকাস

5. 'সর্বোদয়' কথাটির অর্থ কী?
(a) গণতন্ত্র (b) সমাজতন্ত্র (c) সকলের কল্যাণ (d) সকলের বিশ্বাস

6. জাতীয় আয় পরিমাপ করে কোন সংস্থা?
(a) CSO (b) RBI (c) ISI (d) IES

7. নিউটনের মাধ্যাকর্ষণ নিয়ম প্রযোজ্য হয়:
(a) পৃথিবীতে (b) চাঁদে (c) গবেষণাগারে (d) সর্বত্র

8. বায়ুমণ্ডলে মেঘ ভাসার কারণ হল:
(a) উষ্ণতা (b) গতি (c) চাপ (d) ঘনত্ব

9. বৃষ্টির জলের ফোঁটা গোলাকার, তার কারণ:
(a) পৃষ্ঠটান (b) সান্দ্রতা (c) বায়ুমণ্ডলীয় চাপ (d) স্থিতিস্থাপকতা

10. ঝড়ে কুঁড়েঘরের চাল উড়ে যাওয়ার সঙ্গে নীচের কোন বৈজ্ঞানিক সূত্রটি সম্পর্কিত?
(a) আর্কিমিডিসের নীতি (b) পাস্কালের সূত্র (c) বার্নোলির উপপাদ্য (d) হুকের সূত্র

11. বরফ-জমা হ্রদে মাছ বাঁচে কীভাবে?
(a) মাছেরা অনুষ্ণশোণিত (b) বরফের ভিতর দিয়ে মাছ শ্বাস-প্রশ্বাস চালাতে পারে (c) হ্রদের নীচে জলের উষ্ণতা 4°C হওয়ায় মাছেরা হ্রদের নীচের দিকে চলে যায় (d) জলের ওপরের দিকে উষ্ণতা 4°C হওয়ায় বরফ জমতে পারে না

12. দন্ত চিকিৎসকরা ব্যবহার করেন:
(a) সমতল আয়না (b) বিশেষ ধরনের আয়না (c) অবতল আয়না (d) উত্তল আয়না

13. নীচের রংগুলির মধ্যে অন্যগুলির থেকে বেমানান কোন রং?
(a) সবুজ (b) বেগুনি (c) বাদামি (d) লাল

14. আকাশের নীলিমার প্রধান কারণ:
(a) প্রতিসরণ (b) প্রতিফলন (c) অপবর্তন (d) বিচ্ছুরণ

15. সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে প্রায়:
(a) 7 minutes (b) 6 minutes (c) 8 minutes (d) 16 minutes

16. ক্যামেরার কোন অংশটি মানব চক্ষুর রেটিনার সমতুল্য?
(a) লেন্স (b) ফিল্ম (c) উন্মেষ (d) পর্দা

17. গাছের পাতা সবুজ দেখায় কেন?
(a) পাতা সবুজ রং শোষণ করে (b) গাছের পাতা সবুজ রঙের আলো প্রতিফলিত করে (c) গাছের পাতায় ক্লোরোফিল থাকে (d) ওপরের কোনওটিই নয়

18. রঙিন কাচকে গুঁড়ো করলে সাদা দেখায়, কারণ আলোর:
(a) প্রতিসরণ (b) শোষণ (c) বিক্ষেপণ (d) বিচ্ছুরণ

19. যৌগিক অণুবীক্ষণ যন্ত্র কে আবিষ্কার করেন?
(a) রবার্ট হুক (b) লিউয়েন হুক (c) জ্যানসেন ভ্রাতৃদ্বয় (d) ডুজারডি

20. সম্পূর্ণ নষ্ট হয়ে যাওয়া স্মৃতিকে বলা হয়:
(a) স্মৃতিক্ষয় (b) তীব্র আঘাতপ্রাপ্ত স্মৃতি (c) সম্পূর্ণ চেতনারহিত অবস্থা (d) আংশিক স্মৃতিক্ষয়

21. ক্যানসারের কারণ যে জিনগুলির সক্রিয়তা, সেগুলি হল:
(a) রেগুলেটরি জিন (b) অনকোজিন (c) স্ট্রাকচারাল জিন (d) জাম্পিং জিন

22. ব্যাক্টেরিয়াকে কী বলা হয়?
(a) ছত্রাক (b) প্রোটোজোয়া (c) প্রোটিস্টা (d) এগুলির কোনওটিই নয়

23. নারকেলের যে অংশটি আমরা খাই তা হল:
(a) ফলের ত্বক (b) সস্য (c) বীজপত্র (d) ভ্রূণ

24. ফুলকপি কোন ধরনের মুকুল?
(a) অঙ্গজ মুকুল (b) পুষ্পমুকুল (c) জায়মান মুকুল (d) জনন মুকুল

25. নীচের প্রাণীদের মধ্যে কোনটির দেহখণ্ডক সর্বাপেক্ষা কম?
(a) কৃমি (b) কেঁচো (c) চিংড়ি (d) আরশোলা

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. একটি মিশ্র স্নায়ুর উদাহরণ হল:
(a) গ্লসোফ্যারিঞ্জিয়াল (b) অলফ্যাক্টরি (c) অপটিক (d) অকিউলমোটর

2. নীচের কোনটি মেনিনজেস-এর অংশ নয়?
(a) ডুরামেটর (b) অ্যারাকনয়েড (c) গ্রে ম্যাটার (d) পিয়ামেটার

3. সুষুম্নাকাণ্ডের কেন্দ্রীয় নালিতে বর্তমান সান্দ্র তরলটি হল:
(a) CNS (b) CSF (c) IAA (d) অ্যাসিটাইলকোলিন

4. অক্সিপিটাল লোব দেখা যায়:
(a) গুরুমস্তিষ্কে (b) চোখে (c) লঘুমস্তিষ্কে (d) পেশিতে

5. দু'টি নিউরোনের সংযোগস্থলে এটি উপস্থিত থাকে:
(a) ভিট্রিয়াস হিউমর (b) নিউরোহিউমর (c) অ্যাকুয়াস হিউমর (d) কোনওটিই নয়

6. কোন প্রাণীটির কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রটি ফাঁপা?
(a) ফিতাকৃমি (b) স্পঞ্জ (c) কেঁচো (d) মানুষ

7. শ্বাসক্রিয়ার হার নিয়ন্ত্রণ করে মস্তিষ্কের কোন অংশ?
(a) সেরিবেলাম (b) পনস (c) থ্যালামস (d) সবগুলি

8. কোনটি একটি আজ্ঞাবহ স্নায়ু?
(a) অপটিক (b) অকিউলোমোটর (c) হাইপোগ্লসাল (d) অডিটরি

9. মানব মস্তিষ্কের যে অংশ দেহের ভারসাম্য নিয়ন্ত্রণ করে তা হল:
(a) সেরিব্রাম (b) সেরিবেলাম (c) থ্যালামাস (d) হাইপোথ্যালামাস

10. কোন উপাদানটি CSF-এর মধ্যে থাকে না (Cerebrospinal fluid):
(a) ফ্যাট (b) প্রোটিন (c) শর্করা (d) সবক'টি

11. চোখের রেটিনার কোন অংশে সবথেকে স্পষ্ট প্রতিবিম্ব গঠিত হয়?
(a) পীতবিন্দু (b) অন্ধবিন্দু (c) চক্ষুবিন্দু (d) তারারন্ধ্র

12. হাইপারমেট্রোপিয়াতে বা হাইপারোপিয়াতে ব্যবহৃত হয়:
(a) উত্তল লেন্স (b) অবতল লেন্স (c) উভতল লেন্স (d) সাধারণ লেন্স

13. 'মায়োপিয়া' ত্রুটি দূর করতে যে লেন্সযুক্ত চশমা ব্যবহৃত হয় তা হল:
(a) দ্বি-উত্তল (b) দ্বি-অবতল (c) উত্তল (d) অবতল

14. মানুষের অক্ষিগোলকের যে অংশটি আলোক সুবেদী তা হল:
(a) কোরয়েড (b) স্ক্লেরা (c) কর্নিয়া (d) রেটিনা

15. ফ্লাজেলীয় গমন দেখা যায়:
(a) অ্যামিবাতে (b) প্যারামেসিয়ামে (c) ইউগ্লিনাতে (d) নেরিসে

16. পায়রার লেজের পালককে বলে:
(a) রেমিজেস (b) বার্ব (c) বার্বিউল (d) রেকট্রিসেস

17. যে পেশির সংকোচনে অঙ্গ দেহ মধ্যরেখা থেকে দূরে সরে যায়:
(a) ফ্লেক্সর (b) এক্সটেন্সর (c) রোটেটর (d) অ্যাবডাকটর

18. যে পেশির সংকোচনে অঙ্গ দেহ মধ্যরেখা বরাবর ফিরে আসে:
(a) ফ্লেক্সর (b) অ্যাডাকটর (c) এক্সটেন্সর (d) অ্যাবডাকটর

19. দু'টি অস্থির মধ্যবর্তী শূন্যস্থানে থাকে:
(a) সাইনোভিয়াল ফ্লুইড (b) সেরিব্রোস্পাইনাল ফ্লুইড (c) এন্ডোলিম্ফ (d) কোনওটিই নয়

20. যে পেশি পায়ের পাতা পদতলের পেশিকে প্রসারিত করে তা হল:
(a) ফ্লেক্সর (b) অ্যাবডাকটর (c) অ্যাডাকটর (d) এক্সটেনশর

21. 'বিশ্বভারতী' কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়:
(a) 1950 সালে (b) 1951 সালে (c) 1952 সালে (d) 1953 সালে

22. ক-স্তম্ভের সঙ্গে খ-স্তম্ভ মিলিয়ে লিখুন:

| স্তম্ভ-ক | স্তম্ভ-খ |
|---|---|
| A. ইউ রায় অ্যান্ড সন্স | 1. রবীন্দ্রনাথ |
| B. কলকাতা বিজ্ঞান কলেজ | 2. জগদীশচন্দ্র বসু |
| C. বসু বিজ্ঞান মন্দির | 3. আশুতোষ মুখোপাধ্যায় |
| D. বিশ্বভারতী | 4. উপেন্দ্রকিশোর রায়চৌধুরী |

(a) 4, 3, 2, 1 (b) 2, 3, 4, 1 (c) 3, 4, 2, 1 (d) 1, 2, 3, 4

23. ক-স্তম্ভের সঙ্গে খ-স্তম্ভ মিলিয়ে লিখুন:

| স্তম্ভ-ক | স্তম্ভ-খ |
|---|---|
| A. সংস্কৃত প্রেস ডিপোজিটারি | 1. রবীন্দ্রনাথ |
| B. স্কুল বুক সোসাইটি | 2. বিদ্যাসাগর |
| C. ফ্রেন্ড অফ ইন্ডিয়া | 3. ডেভিড হেয়ার |
| D. শিক্ষা সমন্বয় | 4. শ্রীরামপুর মিশনারি |

(a) 4, 3, 2, 1 (b) 2, 3, 4, 1 (c) 3, 4, 2, 1 (d) 1, 2, 3, 4

24. ক-স্তম্ভের সঙ্গে খ-স্তম্ভ মিলিয়ে লিখুন:

| স্তম্ভ-ক | স্তম্ভ-খ |
|---|---|
| A. সন্দেশ | 1. এশিয়াটিক সোসাইটি |
| B. ইন্ডিয়ান ন্যাশনাল কলেজ | 2. আই এ সি এস |
| C. বেঙ্গল ন্যাশনাল কলেজ | 3. অরবিন্দ ঘোষ |
| D. এশিয়াটিক রিসার্চেস | 4. উপেন্দ্রকিশোর রায়চৌধুরী |

(a) 4, 2, 3, 1 (b) 2, 3, 4, 1 (c) 3, 4, 2, 1 (d) 1, 2, 3, 4

25. 'হিন্দু প্যাট্রিয়ট' নীল চাষিদের সমর্থন করে:
(a) সম্পাদক হরিশচন্দ্র নিজেও নীল কৃষক ছিলেন (b) গ্রামের জমিদাররা এজন্য হরিশচন্দ্রকে অর্থসাহায্য করেন (c) হরিশচন্দ্র ব্রিটিশবিরোধী নির্ভীক সাংবাদিকতার পক্ষে ছিলেন (d) কোনওটিই নয়

26. 1906 সালে জাতীয় শিক্ষা পরিষদ গঠিত হয়।
(a) বৈজ্ঞানিক গবেষণার উন্নতির জন্য (b) কারিগরি শিক্ষার উন্নতির জন্য (c) জাতীয় শিক্ষাপ্রদানের জন্য (d) কোনওটিই নয়

27. বসু বিজ্ঞান মন্দিরের লক্ষ্য ছিল:
(a) বিজ্ঞানের উন্নতি (b) বিজ্ঞানের উন্নতি এবং বিজ্ঞানশিক্ষার প্রসার (c) বিজ্ঞান গবেষণায় উৎসাহদান (d) কোনওটিই নয়

এরপর বারোর পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## রাজ্য সরকারে ক্লার্ক

### পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) Skepticism (b) Symptom (c) Credence (d) Reliance
23. Inflame
(a) Exaggerate (b) Lose (c) Dampen (d) Burn
**Direction (24 to 26):** *Choose the word which is most similar in meaning.*
24. Anticipation
(a) Infection (b) Expectation (c) Apology (d) Excitement
25. Improvement
(a) Advancement (b) Preference (c) Promotion (d) Refreshment
26. Unusual
(a) Insignificant (b) Unnatural (c) Uncommon (d) Unwanted
**Direction (27 and 28):** *Choose the correct alternative.*
27. The first public show of a film is called:
(a) first show (b) premiere (c) tailor (d) teaser
28. A doctor who treats skin disease:
(a) Dermatologist (b) Cardiologist (c) Entomologist (d) Ophthalmologist
29. Choose the most appropriate question word for the following sentence.
_____ would you eat?
(a) Whom (b) When (c) Why (d) How
30. Change the following sentence from active to passive.
I will cook lunch today.
(a) Lunch will be cooked by me today (b) Lunch would be cook by me today (c) Lunch of today will be cook by me (d) Lunch will be cook by me today
31. নিউটনের কোন গতিসূত্র থেকে বলের সংজ্ঞা পাওয়া যায়?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) কোনওটিই নয়
32. 'সিদ্ধান্ত শিরোমণি' গ্রন্থটির লেখক হলেন:
(a) হরিষেণ (b) ভাস্করাচার্য (c) অশ্বঘোষ (d) পোদ্দন
33. ভারতের জাতীয় ক্রীড়া দিবস পালিত হয় কার জন্মদিনে?
(a) গোষ্ঠপাল (b) পান সিং তোমর (c) মিলখা সিং (d) ধ্যানচাঁদ
34. 'লন মেয়ার' হল:
(a) ঘাস কাটার যন্ত্র (b) কাচ কাটার যন্ত্র (c) কাগজ কাটার যন্ত্র (d) কাঠ কাটার যন্ত্র
35. 'পদাবলী' শব্দটি কোন গ্রন্থে প্রথম ব্যবহৃত হয়?
(a) মেঘদূত (b) পবনদূত (c) গীতগোবিন্দ (d) অভিজ্ঞানম শকুন্তলম
36. বেকিং সোডা হল:
(a) পটাশিয়াম ক্লোরাইড (b) সোডিয়াম কার্বনেট (c) ক্যালশিয়াম সালফেট (d) কপার সালফেট
37. নীচের কোন ছবিটি ঋত্বিক ঘটক পরিচালিত নয়?
(a) যুক্তি তক্কো গপ্পো (b) অযান্ত্রিক (c) সুবর্ণগোলক (d) নাগরিক
38. 'রঘুপতি রাঘব রাজা রাম' গানটির রচয়িতা কে?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) মদনমোহন মালব্য (c) বিষ্ণু দিগম্বর পালুসকর (d) মহাত্মা গান্ধী
39. জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন ধারায় পশ্চিমবঙ্গের কোন আমটি সংরক্ষিত নয়?
(a) আলফানসো (b) ফজলি (c) হিমসাগর (d) লক্ষ্মণ ভোগ
40. সিমলিপাল ব্যাঘ্র প্রকল্প কোন রাজ্যের অন্তর্ভুক্ত?
(a) অসম (b) ওড়িশা (c) ঝাড়খণ্ড (d) ছত্তিশগড়
41. প্রথম ফুটবল বিশ্বকাপ কত সালে ও কোন দেশে অনুষ্ঠিত হয়?
(a) 1935, ব্রাজিল (b) 1930, উরুগুয়ে (c) 1928, ইংল্যান্ড (d) 1940, ইতালি
42. সিমুক কোন বংশের রাজা ছিলেন?
(a) সাতবাহন (b) পল্লব (c) শুঙ্গ (d) নন্দ
43. ঈশ্বরচন্দ্রকে 'বিদ্যাসাগর' উপাধি দেওয়া হয় কোন প্রতিষ্ঠান থেকে?
(a) কলিকাতা বিশ্ববিদ্যালয় (b) সংস্কৃত কলেজ (c) প্রেসিডেন্সি কলেজ (d) মেট্রোপলিটন ইনস্টিটিউট
44. বিশুদ্ধতম আয়রন হল:
(a) কাস্ট আয়রন (b) রট আয়রন (c) স্টিল (d) ইনভার
45. 'Diplomatic Encounter' বইটি কার লেখা?
(a) অরুন্ধতী রায় (b) কিরণ দেশাই (c) ঝুম্পা লাহিড়ী (d) বিক্রম শেঠ
46. 'DRDO' পুরো কথা হল:
(a) Defence Research and Development Organisation (b) Defence Resources and Development Organisation (c) Development of Defence Research Organisation (d) Department of Research and Development Organisation
47. ভিটামিন $B_{12}$-তে কোন ধাতু বর্তমান?
(a) আয়রন (b) কোবাল্ট (c) তামা (d) সীসা
48. 'লুজুং' কোন রাজ্যের উৎসব:
(a) অরুণাচল প্রদেশ (b) মিজোরাম (c) সিকিম (d) মেঘালয়
49. 'কেন্দ্রীয় হিন্দি সমিতি'-র চেয়ারম্যান হলেন:
(a) ওম বিড়লা (b) নরেন্দ্র মোদি (c) রাজনাথ কোবিন্দ (d) অমিত শাহ
50. অমিত পাংঘাল কোন খেলার সঙ্গে যুক্ত:
(a) কুস্তি (b) বক্সিং (c) দাবা (d) হকি
51. 'ব্লু রেভেলিউশন' কীসের সঙ্গে যুক্ত:
(a) মাছ উৎপাদন (b) দুধ উৎপাদন (c) বন্যা নিয়ন্ত্রণ (d) কৃষি উৎপাদন
52. 'উইনিং লাইক সৌরভ: থিঙ্ক অ্যান্ড সাকসেস লাইক গাঙ্গুলি' বইটির লেখক হলেন:
(a) অভিরূপ ভট্টাচার্য (b) বোরিয়া মজুমদার (c) পার্থসারথি ভট্টাচার্য (d) রামচন্দ্র গুহ
53. নীচের কোনটি ব্যাক্টেরিয়াঘটিত রোগ?
(a) হাম (b) নিউমোনিয়া (c) পোলিও (d) এইডস
54. রাজ্যের পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান নিযুক্ত করেন:
(a) রাজ্যপাল (b) মুখ্যমন্ত্রী (c) বিধানসভার অধ্যক্ষ (d) শিক্ষামন্ত্রী
55. ভারতের সংবিধানে কতগুলি ভাষাকে স্বীকৃতি দেওয়া হয়েছে?
(a) 16টি (b) 22টি (c) 20টি (d) 18টি
56. তাঁতিয়া টোপির আসল নাম কী?
(a) রামচন্দ্র পান্ডুরাম (b) বাজিরাও (c) মির নাসের আলি (d) আত্মারাম রাও
57. 'চিন মিউজিক' কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) টেবিল টেনিস (b) ক্রিকেট (c) হকি (d) বেসবল
58. কোন ফুল সূর্যাস্তের পরে ফোটে আর ভোরে শুকিয়ে যায়?
(a) সূর্যমুখী (b) ঝিঙে (c) জবা (d) সরষে
59. প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা' কত সালে চালু হয়?
(a) 2016 (b) 2017 (c) 2015 (d) 2014
60. যমুনা নদী কোথায় গঙ্গার সঙ্গে মিলিত হয়েছে?
(a) হরিদ্বার (b) এলাহাবাদ (c) আগ্রা (d) উজ্জয়নী
61. 'খেচুপেরি' নামের হ্রদটি ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) সিকিম (b) অসম (c) কেরল (d) পশ্চিমবঙ্গ
62. মহাভারতে অজ্ঞাতবাসে থাকাকালীন অর্জুনের ছদ্মনাম কী ছিল?
(a) কীচক (b) সৌরিন্ধ্রী (c) বৃহন্নলা (d) কঙ্ক
63. ভারতের কোন ব্যাঙ্কে ব্যক্তিগত কোনও অ্যাকাউন্ট খোলা যায় না?
(a) ব্যাঙ্ক অব ইন্ডিয়া (b) রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া (c) স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া (d) কোনওটিই নয়
64. কোন কোষ অঙ্গাণুকে 'আত্মঘাতী থলি' নামে অভিহিত করা হয়?
(a) নিউক্লিয়াস (b) রাইবোজোম (c) মাইটোকনড্রিয়া (d) লাইসোজোম
65. '13'-নম্বরের ভীতিকে কী বলা হয়?
(a) অ্যামাক্সোফোবিয়া (b) ট্রিসকাইডেকাফোবিয়া (c) মনোফোবিয়া (d) হপলোফোবিয়া
66. 'রুজভেল্ট নগর'-এর বর্তমান নাম কী?
(a) চন্দননগর (b) কল্যাণী (c) ভাটপাড়া (d) শ্রীরামপুর
67. নীচের কোন উপন্যাসটি অদ্বৈত মল্লবর্মণের রচনা?
(a) হাঁসুলি বাঁকের উপকথা (b) প্রথম প্রতিশ্রুতি (c) তিতাস একটি নদীর নাম (d) সূর্যসাক্ষী
68. কে সর্বপ্রথম উর্দু ভাষাকে কবিতা লেখার ভাষা হিসেবে ব্যবহার করেন?
(a) রামপ্রসাদ বিসমিল (b) মির্জা গালিব (c) আমির খসরু (d) মির্জা মহম্মদ রফি
69. 'রসকলি' কোন লেখকের ছদ্মনাম?
(a) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (b) অমৃতলাল বসু (c) রজনীকান্ত সেন (d) শরৎচন্দ্র পণ্ডিত
70. প্রধানমন্ত্রী তাঁর কাজের জন্য কার কাছে দায়বদ্ধ থাকেন?
(a) লোকসভার অধ্যক্ষ (b) রাষ্ট্রপতি (c) লোকসভা (d) রাজ্যসভা
71. যদি 78*3945 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হয় এবং * একটি অঙ্ক হয় তবে * এর মান:
(a) 0 (b) 1 (c) 3 (d) 5
72. n এর কোন ক্ষুদ্রতম মানের জন্য 6135n2 সংখ্যাটি 9 দ্বারা বিভাজ্য হবে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
73. দু'টি সংখ্যার সমষ্টি 14 এবং অন্তর 10 হলে সংখ্যাদু'টির গুণফল:
(a) 18 (b) 20 (c) 24 (d) 22
74. 6টি ঘণ্টা একসঙ্গে সংকেত ধ্বনি দেওয়ার পর যথাক্রমে 2, 4, 6, 8, 10 এবং 12 সেকেন্ড অন্তর সংকেত ধ্বনি দেয়, 30 মিনিটে সব ক'টি ঘণ্টা থেকে একসঙ্গে কতবার সংকেত ধ্বনি পাওয়া যাবে?
(a) 4 (b) 10 (c) 15 (d) 16
75. একটি পাঠাগারে রবিবারে গড়ে 510 জন পাঠক এবং সপ্তাহের অন্য দিনগুলিতে গড়ে 240 জন পাঠক আসেন। একটি জুন মাস রবিবার দিয়ে আরম্ভ হলে ওই মাসের প্রতিদিনের গড় পাঠকের সংখ্যা:
(a) 250 (b) 276 (c) 280 (d) 285
76. চতুর্থ শ্রেণির অঙ্ক পরীক্ষায় 60 জন ছাত্রছাত্রীর প্রাপ্ত নম্বরের গড় 43; উত্তীর্ণদের গড় 52 এবং অনুত্তীর্ণদের গড় 16 হলে পরীক্ষায় অনুত্তীর্ণদের সংখ্যা:
(a) 25 (b) 20 (c) 15 (d) 18
77. একটি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীর শতকরা হার 65% , যদি অনুত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা 420 হয় তবে মোট পরীক্ষার্থীর সংখ্যা:
(a) 1000 (b) 1200 (c) 1400 (d) 1100
78. পারুলদি ₹ 32 কিলোগ্রাম দরে 25 কিলোগ্রাম চাল এবং ₹ 36 কিলোগ্রাম দরে 15 কিলোগ্রাম চাল কিনে মিশিয়ে ₹ 40.20 কিলোগ্রাম দরে বিক্রি করলেন। তাঁর শতকরা লাভ কত টাকা?
(a) 20 (b) 25 (c) 30 (d) 40
79. শিশু শ্রেণির ছাত্রছাত্রীদের বসার জন্য মোট 12টি ছোট টেবিল ও চেয়ার ₹ 500 য় কেনা হল। একটি টেবিল ও একটি চেয়ারের ক্রয়মূল্য যথাক্রমে ₹ 50 এবং ₹ 40 হলে চেয়ারের সংখ্যা:
(a) 8 (b) 10 (c) 12 (d) 9
80. একটি যৌথ কারবারে P ও Q-র মূলধনের অনুপাত 2 : 3; ব্যবসা আরম্ভের 1 বছর পরে P ব্যবসা থেকে মূলধন তুলে নিল কিন্তু Q আরও 1 বছর ব্যবসা চালিয়ে মোট লাভ ₹ 26000 হল। Q-র লভ্যাংশ:
(a) ₹ 10400 (b) ₹ 13000 (c) ₹ 15600 (d) ₹ 19500
81. A ও B-র বয়সের অনুপাত 6 : 5 এবং তাদের বয়সের সমষ্টি 44 বছর। 8 বছর পরে তাদের বয়সের অনুপাত হবে:
(a) 7 : 6 (b) 8 : 7 (c) 9 : 8 (d) 4 : 3
82. বিক্রয়মূল্য $3\frac{1}{2}$% থেকে $3\frac{1}{3}$% কমলে ₹ 8400 টাকার একটি টিভি সেটের দাম কত টাকা কমবে?

*এরপর তেরোর পাতায়*

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

26. সুলতানি আমলে 'ইক্তা' বলতে বোঝাত:
(a) একপ্রকার অভিবাদন (b) একজন গুরুত্বপূর্ণ কর্মচারী (c) কোনও গ্রাম বা বিশেষ অঞ্চলের ভূমি রাজস্ব অনুদান (d) কোনওটিই নয়
27. ক্ল্যাডোগ্রাম যে প্রকল্পটিকে ব্যাখ্যা করে:
(a) বিবর্তন সম্পর্ক (b) ফেনাটিক সম্পর্ক (c) জিনগত সম্পর্ক (d) ট্যাক্সনমিজনিত সম্পর্ক
28. পলিটিন ক্রোমোজোম যে কোষে পাওয়া যায়:
(a) পতঙ্গ লার্ভার লালাগ্রন্থি (b) মানুষের যকৃত কোষ (c) পতঙ্গের স্নায়ু কোষ (d) ওপরের কোনওটিই নয়
29. সত্যম কম্পিউটার অধিগ্রহণ করেছে:
(a) লার্সেন অ্যান্ড টুবরো (b) টি সি এস (c) টেক মহীন্দ্রা (d) ডব্লু এল রস
30. পঞ্চায়েত ভোট অনুষ্ঠিত করার সিদ্ধান্ত নেয়:
(a) জেলা ম্যাজিস্ট্রেট (b) রাজ্য সরকার (c) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক (d) ইলেকশন কমিশন
31. সিন্ধুবাসীদের কোন ধাতু অজানা ছিল?
(a) তাম্র (b) লৌহ (c) ব্রোঞ্জ (d) স্বর্ণ
32. মাইকা হল:
(a) তাপের সুপরিবাহী ও বিদ্যুতের সুপরিবাহী (b) তাপের সুপরিবাহী ও বিদ্যুৎতের কুপরিবাহী (c) কুপরিবাহী ও বিদ্যুতের সুপরিবাহী (d) তাপের কুপরিবাহী ও বিদ্যুতের কুপরিবাহী
33. গত কেন্দ্রীয় বাজেটের রেভিনিউ হিসেবে সর্ববৃহৎ ব্যয়ের খাতটি হল:
(a) প্রতিরক্ষা (b) সুদ প্রদান (c) সামাজিক সেবা (d) ভরতুকি
34. কোন জোড়টি সঠিক?
(a) মহারাষ্ট্র ও পারাদ্বীপ (b) তামিলনাড়ু ও ম্যাঙ্গালোর (c) গুজরাট ও কান্দালা (d) কর্নাটক ও টিউটোকোরিন
35. 'Union Powers Committee' —এই কমিটির চেয়ারম্যান কে ছিলেন?
(a) সর্দার প্যাটেল (b) ডঃ বি আর আম্বেদকর (c) ডঃ কে এম মুন্সী (d) পণ্ডিত জওহরলাল নেহরু
36. ভারতীয় গণপরিষদের খসড়া কমিটি (Drafting Committee) কবে গঠিত হয়েছিল?
(a) August 29, 1947 (b) May 26, 1948 (c) August 15, 1946 (d) June 20, 1946

GRADEUP OFFICIALS©

37. ভারতীয় সংবিধানের কোন সংশোধনীটিকে ক্ষুদ্র সংবিধান (Mini Constitution) বলে?
(a) 22nd (b) 42nd (c) 44th (d) 73rd
38. ভারতীয় গণপরিষদ কবে জাতীয় গীত গ্রহণ করেছিল?
(a) July 22, 1947 (b) January 24, 1950 (c) January 24, 1948 (d) January 24, 1947
39. 'লী কমিশন (Lee Commission) নীচের কোন বিষয়টির সঙ্গে যুক্ত?
(a) শিল্প (b) কৃষি (c) রাষ্ট্রকৃত্যক কমিশন গঠন (d) ভূমি সংস্কার
40. 'Man is bornfree, but he is everywhere in chains' (মানুষ স্বাধীন হয়েই জন্মগ্রহণ করেছিল, কিন্তু আজ সে সর্বত্র শৃঙ্খলিত) —উক্তিটি কার?
(a) গান্ধীজির (b) রুশোর (c) লক-এর (d) হবস-এর
41. ক্ষমতা-স্বতন্ত্রীকরণ নীতি (Separation of Powers)টির প্রবক্তা কে ছিলেন?
(a) কার্ল মার্কস (b) মহাত্মা গান্ধী (c) বেন্থাম (d) মন্তেস্কু
42. অর্থনীতির ওপর ঘাটতি বাজেট কী প্রভাব ফেলে?
(a) মুদ্রাস্ফীতি (b) মুদ্রাসংকোচন (c) মন্দা (d) পুনরুজ্জীবন/তেজি
43. আমদানি-রপ্তানি ব্যাঙ্ক কবে স্থাপিত হয়?
(a) 1962 (b) 1974 (c) 1982 (d) 1984
44. জাতীয় পরিকল্পনা কমিশনকে কার কাছে রিপোর্ট পেশ করতে হয়?
(a) জাতীয় উন্নয়ন পর্ষদ (b) গবেষণা কার্যসূচি কমিশন (c) কেন্দ্রীয় অর্থমন্ত্রী (d) প্রধানমন্ত্রী
45. 'অস্তিত্বের সংগ্রাম'-এর কথা উল্লেখ করেন বিজ্ঞানী:
(a) ল্যামার্ক (b) ডারউইন (c) ভাইসম্যান (d) কোনওটিই নয়
46. একটি শহরের মোট জনসংখ্যা 60% ভাত, 50% রুটি এবং 20% ভাত ও রুটি উভয় খাদ্য খায়। ওই শহরের কত শতাংশ মানুষ ভাত বা রুটি কোনওটিই খায় না?
(a) 12 (b) 10 (c) 8 (d) 6
47. একটি শহরে 32980 জন পুরুষ এবং 16490 জন মহিলা বাস করে। পুরুষদের 75% ও মহিলাদের 50% শিক্ষিত। ওই শহরে গড় শিক্ষিতের হার:
(a) $62\frac{1}{2}$% (b) $66\frac{2}{3}$% (c) $68\frac{1}{3}$% (d) 70%
48. এক ব্যবসায়ী ক্রয়মূল্যের ওপর 20% বাড়িয়ে মূল্য ধার্য করে এবং ক্রেতাকে $8\frac{1}{3}$% ছাড় দেয়। শতকরা লাভের হার:
(a) $11\frac{2}{3}$% (b) $10\frac{2}{3}$% (c) 10% (d) $16\frac{2}{3}$%
49. একটি ঘড়ির ধার্যমূল্য 160 টাকা। এক ব্যক্তি ঘড়িটি 122.40 টাকায় ক্রয় করার সময় দু'টি পৃথক ছাড় পায়। প্রথম ছাড়ের হার 10% হলে, দ্বিতীয় ছাড়:
(a) 5% (b) 7.5% (c) 10% (d) 15%

#### উত্তর

1(a), 2(c), 3(c), 4(d), 5(c), 6(a), 7(d), 8(d), 9(a), 10(c), 11(c), 12(c), 13(c), 14(d), 15(c), 16(b), 17(b), 18(c), 19(a), 20(a), 21(b), 22(c), 23(b), 24(d), 25(d), 26(c), 27(b), 28(d), 29(c), 30(b), 31(b), 32(b), 33(b), 34(c), 35(d), 36(a), 37(b), 38(b), 39(c), 40(b), 41(d), 42(a), 43(c), 44(a), 45(b), 46(b), 47(b), 48(c), 49(d).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

28. রবীন্দ্রনাথ ঠাকুর শান্তিনিকেতনে ব্রহ্মচর্যাশ্রম প্রতিষ্ঠা করেন:
(a) শান্তিনিকেতন ছিল প্রাকৃতিক সৌন্দর্যে ঘেরা (b) রবীন্দ্রনাথ শিক্ষাব্যবস্থায় প্রকৃতি ও মানুষের মানসিক সংযোগ ঘটাতে চেয়েছিলেন (c) তিনি শ্রেণিকক্ষে পঠনপাঠন পছন্দ করতেন না (d) কোনওটিই নয়

29. রবীন্দ্রনাথ ঔপনিবেশিক শিক্ষাব্যবস্থা পছন্দ করতেন না।
(a) কারণ, এই শিক্ষা ছিল ব্যয়সাপেক্ষ (b) কারণ, এই শিক্ষাব্যবস্থার মাধ্যম ছিল মাতৃভাষা (c) কারণ, এই শিক্ষাব্যবস্থায় শিক্ষার্থীদের মনের বিকাশ ঘটত না (d) কোনওটিই নয়

30. মোপালা বিদ্রোহ হয়েছিল:
(a) মালাবার অঞ্চলে (b) ওড়িশায় (c) গুজরাট অঞ্চলে (d) মেদিনীপুরে

31. 'সর্বভারতীয় কিষান সভা' প্রতিষ্ঠিত হয়:
(a) 1920 সালে (b) 1925 সালে (c) 1932 সালে (d) 1934 সালে

32. ওড়িশায় কৃষক সংঘ গড়ে ওঠে:
(a) 1930 সালে (b) 1931 সালে (c) 1932 সালে (d) 1934 সালে

33. 'একা' আন্দোলনের নেতা ছিলেন:
(a) মাদারি পাসি (b) ড. আম্বেদকর (c) মহাত্মা গান্ধী (d) বাবা রামচন্দ্র

34. 'হালি' প্রথা প্রচলিত ছিল:
(a) খেদায় (b) বারদৌলিতে (c) বীরভূমে (d) আমেদাবাদে

35. গান্ধীজি বারদৌলি সত্যাগ্রহের প্রচারকার্য চালিয়েছিলেন যে দু'টি পত্রিকায়, সেগুলি হল:
(a) ইয়ং ইন্ডিয়া ও নবজীবন (b) হরিজন ও বন্দেমাতরম (c) বেঙ্গলি ও বন্দেমাতরম (d) মারাঠা ও কেশরী

36. কোন সম্রাটকে 'ভারতের নেপোলিয়ান' বলা হয়?
(a) অশোক (b) কণিষ্ক (c) সমুদ্রগুপ্ত (d) দ্বিতীয় চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্য

37. কাকে ভারতের 'সাদা বিপ্লবের' জনক বলা হয়?
(a) ভার্গিস ক্যুরিয়েন (b) এম এস স্বামীনাথন (c) পি জি বানতোল (d) স্যাম পিত্রোদা

38. ___ প্রস্তাবগুলির উপর ভিত্তি করে গণপরিষদ গঠিত হয়।
(a) ক্রিপস মিশন, 1942 (b) ওয়াভেল পরিকল্পনা, 1945 (c) ক্যাবিনেট মিশন পরিকল্পনা, 1946 (d) মাউন্টব্যাটেন পরিকল্পনা, 1947

39. কে 'আইন-ই-আকবরি' রচনা করেন?
(a) আবুল ফজল (b) বাদাউনি (c) ফৈর্জী (d) গুলবদন বেগম

40. কার অনুপ্রেরণায় ইয়ংবেঙ্গল মুভমেন্ট সংগঠিত হয়?
(a) মধুসূদন দত্ত (b) হেনরি লুইস ভিভিয়ান ডিরোজিও (c) কৃষ্ণমোহন ব্যানার্জি (d) রামগোপাল ঘোষ

41. কাকে 'শের-ই-পাঞ্জাব' বলা হয়?
(a) রণজিৎ সিং (b) অমর সিং (c) লালা লাজপত রায় (d) ভগত সিং

42. কোন বৎসর সুভাষচন্দ্র বসু 'অন্তর্ধান' করেছিলেন?
(a) 1939 (b) 1940 (c) 1941 (d) 1942

43. ভারতের কোন অঞ্চলগুলি প্রথম ব্রিটিশ শাসন থেকে মুক্তি লাভ করে এবং 'শহিদ' ও 'স্বরাজ' হিসেবে নতুন নামকরণ হয়েছিল?
(a) কোহিমা (b) দিল্লি (c) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (d) নাগাল্যান্ড

44. ভারত সর্বপ্রথম কীভাবে ইসলাম ধর্মের সংস্পর্শে আসে?
(a) আরবদের সিন্ধু আক্রমণ দ্বারা (b) তুর্কীদের ভারত আক্রমণ দ্বারা (c) সুফি ফকির এবং আরবীয় পরিব্রাজক দ্বারা (d) মালাবার উপকূলের আরব বণিকদল দ্বারা

45. কোন বাঁধটি বর্তমানে কেরল ও তামিলনাড়ু রাজ্যের মধ্যে বিতর্কের কারণ?
(a) নাগার্জুন সাগর বাঁধ (b) মুল্লাপেরিয়ার বাঁধ (c) পেরুনচানি বাঁধ (d) মেত্তুর বাঁধ

46. ঝিলাম কোথাকার গুরুত্বপূর্ণ নদী?
(a) জম্মু ও কাশ্মীর (b) পাঞ্জাব (c) হরিয়ানা (d) রাজস্থান

47. অজয় নদী যে দুই নদীর মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে তা হল:
(a) দামোদর এবং রূপনারায়ণ (b) রূপনারায়ণ এবং কংসাবতী (c) সুবর্ণরেখা এবং রূপনারায়ণ (d) দামোদর এবং ময়ূরাক্ষী

48. ভারতের উচ্চতম শৃঙ্গ:
(a) নন্দাদেবী (b) কাঞ্চনজঙ্ঘা (c) কারাকোরাম (d) এভারেস্ট

49. গঙ্গা নদীর তীরে অবস্থিত সব থেকে বড় শহর:
(a) কানপুর (b) দিল্লি (c) লখনউ (d) কলকাতা

50. ভারতের উচ্চতম মালভূমি হল:
(a) তিব্বত (b) পামির (c) লাদাখ (d) পিরপঞ্জাল

51. ভীমসেন জোশী কোন ঘরানার শিল্পী ছিলেন?
(a) কিরানা (b) আগ্রা (c) জয়পুর (d) মেওয়াটি

52. জয়জয়ন্তী রাগ কোন সময়ে গাওয়া হয়?
(a) সকালে (b) দুপুরে (c) বিকেলে (d) রাতে

53. বৈশাখী কোন রাজ্যের একটি বিখ্যাত উৎসব?
(a) পাঞ্জাব (b) অসম (c) গুজরাট (d) ওড়িশা

54. কোন আদিবাসী নৃত্যে মুখোশের ব্যবহার দেখা যায়?
(a) গরবা (b) বিহু (c) ছৌ (d) ঝুমুর

55. কত সালে সাহিত্য অকাদেমি স্থাপিত হয়?
(a) 1952 (b) 1954 (c) 1955 (d) 1956

56. 'পাভেল' চরিত্রটি কোন লেখকের অমর সৃষ্টি?
(a) ম্যাক্সিম গোর্কি (b) ভিক্টর হুগো (c) ভি এস নইপল (d) জন মিলটন

57. মেঘ রাগের সঙ্গে সম্পর্ক কোন ঋতুর?
(a) বর্ষা (b) শরৎ (c) গ্রীষ্ম (d) হেমন্ত

58. রামন ম্যাগসেসে পুরস্কার নামকরণ হয়েছে কোন দেশের প্রাক্তন রাষ্ট্রপতির নামানুসারে?
(a) ফিলিপাইনস (b) ইন্দোনেশিয়া (c) থাইল্যান্ড (d) জাপান

59. কোন ক্ষেত্রে বি সি রায় পুরস্কার দেওয়া হয়?
(a) শিক্ষকতা (b) চিকিৎসা (c) সংগীত (d) পরিবেশ

60. পৈপা গানের ভাষার বৈশিষ্ট্য কী?
(a) গ্রাম্য ভাষা (b) আঞ্চলিক ভাষা (c) শহুরে ভাষা (d) কোনওটিই নয়

61. ভারতে কোন শহরে প্রথম প্লাস্টিক বর্জ্য দিয়ে রাস্তা নির্মিত হয়েছে?
(a) নয়াদিল্লি (b) মুম্বই (c) গুরুগ্রাম (d) লখনউ

62. মণিপুর, নাগাল্যান্ড এবং অসম সীমান্তে সন্ত্রাসবাদী কার্যকলাপ প্রতিহত করার উদ্দেশে গত 16 মে থেকে একসপ্তাহব্যাপী যৌথ সামরিক অভিযান পরিচালনা করে ভারত ও মায়ানমার, যার নাম:
(a) অপারেশন সানরাইজ (b) অপারেশন বিনাশ (c) অপারেশন পরাক্রম (d) অপারেশন সূর্যহোপ

63. রাষ্ট্রসংঘ প্রকাশিত 'The World Population Prospects 2019: Highlights' রিপোর্ট অনুযায়ী কোন বছরের মধ্যে ভারত বিশ্বের সর্বাধিক জনবহুল রাষ্ট্র হিসেবে চিনকে ছাড়িয়ে যাবে?
(a) 2035 (b) 2030 (c) 2027 (d) 2025

64. ক্যাথোড রশ্মির আবিষ্কর্তা হলেন:
(a) রাদারফোর্ড (b) জে জে থমসন (c) লর্ড কেলভিন (d) ডিরাক

65. m ভরের বস্তুকণা, r ব্যাসার্ধের বৃত্তপথে v দ্রুতি নিয়ে পরিভ্রমণ করলে, ওর অভিকেন্দ্র বল:
(a) $\frac{mr^2}{v}$ (b) $\frac{m^2}{v}$ (c) $\frac{vr^2}{m}$ (d) $\frac{mv^2}{r}$

66. সময়ের সাপেক্ষে কৌণিক সরণের হারকে বলে:
(a) কৌণিক ত্বরণ (b) কৌণিক মন্দন (c) কৌণিক বল (d) কোনওটিই নয়

67. ট্রান্সফর্মারের মজ্জা (core) নির্মিত হয় যা দিয়ে তা হল:
(a) কাঁচা লোহা (b) ইস্পাত (c) লোহা (d) অ্যালনিকো

68. বায়ুতে একটি সুরশলাকা শব্দ সৃষ্টি করলে বায়ু এবং সুরশলাকায় নিম্নোক্তগুলির মধ্যে কোনটি একই হবে?
(a) তরঙ্গদৈর্ঘ্য (b) কম্পাঙ্ক (c) গতিবেগ (d) বিস্তার

69. একটি বৈদ্যুতিক বাল্ব ফেটে গেলে একটি মৃদু শব্দ উৎপন্ন হয় যা হল:
(a) কাচ ভাঙার শব্দ (b) বাল্বের মধ্যে উচ্চচাপে রাখা গ্যাসের হঠাৎ মুক্তি (c) শূন্যস্থান পূরণ করতে হঠাৎ বেয়ে যাওয়া বাতাস (d) ফিলামেন্টের হঠাৎ জারণ

70. জল ফুটতে থাকলে এর উষ্ণতা:
(a) বৃদ্ধি পেতে শুরু করে (b) হ্রাস পেতে শুরু করে (c) ধ্রুবক থাকে (d) বাড়তে বা কমতে থাকে

71. জলকে $0^0C$ থেকে $10^0C$ পর্যন্ত উত্তপ্ত করা হলে, জলের আয়তন:
(a) নিয়মিত বৃদ্ধি পায় (b) নিয়মিত হ্রাস পায় (c) প্রথমে বৃদ্ধি পায় তারপর হ্রাস পায় (d) অপরিবর্তিত থাকে

72. এপসম লবণ হচ্ছে:
(a) $MgSO_4 . 7H_2O$ (b) $Al_2O_3 . 2H_2O$ (c) $CuSO_4 . 5H_2O$ (d) কোনওটিই নয়

73. কোন গ্যাসটি জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়?
(a) অক্সিজেন (b) নাইট্রোজেন (c) মিথেন (d) ফ্লুরিন

74. লাইম ওয়াটারে কী আছে?
(a) সোডিয়াম হাইড্রোক্সাইড (b) ক্যালশিয়াম হাইড্রোক্সাইড (c) সোডিয়াম কার্বনেট (d) ক্যালশিয়াম ক্লোরাইড

75. গাছপালা ধ্বংসের কারণে বায়ুতে কোন গ্যাসের পরিমাণ বাড়ছে?
(a) হাইড্রোজেন (b) কার্বন-ডাই-অক্সাইড (c) নাইট্রোজেন (d) ওজোন

76. 3 বছর আগে এক পরিবারের পাঁচ সদস্যের গড় বয়স 17 বছর, এই পরিবারে এক নতুন শিশু জন্মানোর পরও গড় বয়স একই থাকলে নতুন শিশুটির বয়স কত?
(a) 3 (b) 2 (c) $1\frac{1}{2}$ (d) 1

77. 8টি সংখ্যার গড় 20। তার মধ্যে প্রথম দু'টি সংখ্যার গড় $15\frac{1}{2}$ ও পরবর্তী তিনটি সংখ্যার গড় $21\frac{1}{3}$। ষষ্ঠ সংখ্যাটি সপ্তম ও অষ্টম সংখ্যা থেকে যথাক্রমে 4 ও 7 কম হলে অষ্টম সংখ্যাটি কত?
(a) 18 (b) 22 (c) 25 (d) 27

78. $\frac{(243)^{n/5} . 3^{2n+1}}{9^n . 3^{n-1}} = ?$
(a) 1 (b) 9 (c) 3 (d) $3^n$

79. $\frac{(0.96)^3 - (0.1)^3}{(0.96)^2 + 0.096 + (0.1)^2} = ?$
(a) 1.06 (b) 0.95 (c) 0.86 (d) 0.97

80. $\sqrt{\frac{0.25}{0.009}} \times \sqrt{\frac{0.09}{0.36}} = ?$
(a) $\frac{5}{6}$ (b) $7\frac{1}{6}$ (c) $7\frac{1}{3}$ (d) $8\frac{1}{3}$

81. একটি বৃত্তাকার পথের বাইরের ও ভেতরের পথের পরিসীমার অনুপাত 23 : 22। পথটি 5 মিটার চওড়া হলে ভেতরের বৃত্তাকার পথের ব্যাস কত মিটার?
(a) 110 (b) 55 (c) 220 (d) 230

82. একটি ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল 1,440 বর্গমিটার। তার দুটো সমান্তরাল বাহুদ্'টির মধ্যে বৃহত্তর বাহুটির দৈর্ঘ্য কত মিটার?
(a) 75 (b) 45 (c) 120 (d) 60

83. 120 মিটার পরিধিবিশিষ্ট একটি বর্গক্ষেত্রের মধ্যে সবচেয়ে বড় যে বৃত্তটি অঙ্কন করা যাবে, তার ক্ষেত্রফল কত?
(a) $\frac{22}{7} \times (15)^2$ (b) $\frac{22}{7} \times \left(\frac{7}{2}\right)^2$ (c) $\frac{22}{7} \times \left(\frac{15}{2}\right)^2$ (d) $\frac{22}{7} \times \left(\frac{9}{2}\right)^2$

84. এক ছাত্র ঘণ্টায় $2\frac{1}{2}$ কিমি বেগে স্কুলে পৌঁছতে 6 মিনিট লেট করে। কিন্তু 1 কিমি/ঘণ্টা বেশি বেগে স্কুলে 6 মিনিট আগে পৌঁছালে স্কুলের দূরত্ব কত কিমি?
(a) 2 (b) $1\frac{1}{2}$ (c) 1 (d) $1\frac{3}{4}$

85. এক ব্যক্তি একটি নির্দিষ্ট দূরত্ব ট্রেনে যায় ঘণ্টায় 25 কিমি বেগে ও হেঁটে ঘণ্টায় 4 কিমি বেগে ফিরে আসে। যাতায়াতে তার মোট 5 ঘণ্টা 48 মিনিট সময় লাগে। ওই স্থানের দূরত্ব কত কিমি?
(a) 25 (b) 30 (c) 20 (d) 15

86. 450 জন ছাত্রের মধ্যে 325 জন ফুটবল খেলে। 175 জন ক্রিকেট খেলে ও 50 জন ফুটবল বা ক্রিকেট কিছুই খেলে না। কতজন ছাত্র ফুটবল বা ক্রিকেট খেলে?
(a) 50 (b) 100 (c) 75 (d) 225

87. পাঁচ অঙ্কের কোন ক্ষুদ্রতম সংখ্যা 476 দ্বারা বিভাজ্য?
(a) 47600 (b) 10000 (c) 10476 (d) 10472

88. $2 + \sqrt{0.09} + \sqrt[3]{0.008} - 2.80$-এর 75% = ?
(a) 0 (b) 0.01 (c) -1 (d) 0.001

89. একটি শটপুট বলের ব্যাস 14 সেমি। সেই বলটিকে গলিয়ে একটি $2\frac{1}{3}$ সেমি লম্বা চোঙ করলে তার ব্যাস কত সেমি?
(a) 14 (b) 28 (c) $\frac{14}{3}$ (d) $\frac{28}{3}$

90. কোনও আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 10% কমলে ও প্রস্থ 10% বাড়লে তার ক্ষেত্রফল শতকরা কত কমবে?
(a) 0% (b) 1% (c) 5% (d) 1000%

91. একটি চৌবাচ্চা 6 মিটার লম্বা ও 4 মিটার চওড়া ও তার উচ্চতা 1 মিটার 25 সেমি। সেই চৌবাচ্চায় কত লিটার জল ধরে?
(a) 30 (b) 0.3 (c) 0.03 (d) 300

92. 120 মিটার দু'টি সমান দৈর্ঘ্যের ট্রেনের একটি খুঁটিকে অতিক্রম করতে 10 সেকেন্ড ও 15 সেকেন্ড সময় লাগে। পরস্পরকে কত সেকেন্ডে অতিক্রম করবে?
(a) 16 (b) 15 (c) 12 (d)10

93. $\frac{5+\sqrt{6}}{5-\sqrt{6}} = a + 10\sqrt{6}$ হলে a-এর মান কত?
(a) $\frac{31}{19}$ (b) $\frac{10}{19}$ (c) $\frac{21}{19}$ (d) $\frac{11}{19}$

94. এক ব্যক্তি কলকাতা থেকে বারাকপুর যায় ও অপর ব্যক্তি বারাকপুর থেকে কলকাতা আসে। তারা পরস্পরের সাক্ষাৎ হওয়ার যথাক্রমে 1 ঘণ্টা ও 2 ঘণ্টা পরে মিলিত হলে তাদের গতিবেগের অনুপাত কত?
(a) 2 : 1 (b) $\sqrt{1} : \sqrt{2}$ (c) $\sqrt{2} : 1$(d) 1 : 2

95. এক ব্যক্তি ক্রয়মূল্যের ওপর 20% বেশি চাপিয়ে কোনও জিনিস মুদ্রিত দামে বিক্রি করেন। $\frac{1}{4}$ অংশ মুদ্রিত দামের উপর 20% ছাড়ে বিক্রি করেন ও বাকি অংশ মুদ্রিত দামের উপর 40% ছাড়ে বিক্রি করলে তার মোট শতকরা লাভ কত হত?
(a) 2% (b) 4.5% (c) 13.5% (d) 15%

96. 12% বার্ষিক সরল সুদে 500 টাকা এবং বার্ষিক 10% সরল সুদে আরও কিছু টাকা বিনিয়োগ করা হল। যদি 4 বছর পরে মোট সুদের পরিমাণ 480 টাকা হয়, তবে 10% সরল সুদে কত টাকা বিনিয়োগ করা হয়েছিল?
(a) 450 (b) 750 (c) 600 (d) 550

97. একটি মিশ্র ধাতুতে তামা ও জিঙ্কের অনুপাত 5 : 2। যদি 17 কিলোগ্রাম 500 গ্রাম মিশ্র ধাতুতে 1.250 কিলোগ্রাম জিঙ্ক মেশানো হয়, তবে ওই নতুন মিশ্র ধাতুতে তামা ও জিঙ্কের অনুপাত হবে:
(a) 3 : 2 (b) 2 : 1 (c) 2 : 3 (d) 5 : 2

98. যদি (x-y), (w+z)-এর থেকে 6 বেশি হয় এবং (x+y), (w-z)-এর চেয়ে 3 কম হয়, তবে (x-w) = ?
(a) 0.5 (b) 1 (c) 1.5 (d) 2

99. A-এর হাঁটার গতি B-এর দ্বিগুণ। প্রতিদিন প্রাতঃভ্রমণকালে A, B-এর চেয়ে 3 গুণ বেশি সময় ধরে হাঁটে। 2019 সালে ফেব্রুয়ারি মাসে প্রাতঃভ্রমণকালে A ও B মোট যত পথ হেঁটেছিল তার অনুপাত কত?
(a) 2 : 3 (b) 3 : 1 (c) 2 : 1 (d) 6 : 1

100. একটি পরীক্ষায় 40 জন ছাত্রের গড় নম্বর দাঁড়াল 72, পরে দেখা গেল যে তিনজন ছাত্র যাদের প্রাপ্ত নম্বর ছিল যথাক্রমে 63, 70 ও 82 ভুলক্রমে 73, 78 ও 80 লেখা হয়ে গেছে। ভুল শুধরে নেওয়ার পর ওই 40 জনের গড় নম্বর কত?
(a) 72.4 (b) 72.2 (c) 71.6 (d) 71.8

### উত্তর

1(a), 2(c), 3(b), 4(a), 5(b), 6(d), 7(b), 8(c), 9(b), 10(a), 11(a), 12(a), 13(d), 14(d), 15(c), 16(d), 17(d), 18(b), 19(a), 20(d), 21(b), 22(a), 23(b), 24(a), 25(c), 26(c), 27(c), 28(b), 29(c), 30(a), 31(d), 32(b), 33(a), 34(b), 35(a), 36(c), 37(a), 38(c), 39(a), 40(b), 41(a), 42(c), 43(c), 44(b), 45(d), 46(a), 47(d), 48(b), 49(a), 50(c), 51(a), 52(d), 53(a), 54(c), 55(b), 56(a), 57(a), 58(a), 59(b), 60(d), 61(d), 62(a), 63(c), 64(b), 65(d), 66(d), 67(a), 68(b), 69(c), 70(c), 71(a),72(a), 73(c), 74(b), 75(b), 76(b), 77(c), 78(b), 79(c), 80(d), 81(a), 82(a), 83(a), 84(d), 85(c), 86(b), 87(d), 88(a), 89(b), 90(b), 91(c), 92(c), 93(a), 94(c), 95(a), 96(c), 97(b), 98(c), 99(d), 100(c).

### সমাধান

76(b): 3 বছর আগে মোট বয়স = 17 × 5 = 85 বছর
বর্তমানে মোট বয়স = (85 + 3 × 5) = 100 বছর
প্রথম 6 জনের মোট বয়স = 17 × 6 = 102 বছর
নতুন শিশুর বয়স = (102 – 100) = 2 বছর।

77(c): 8টি সংখ্যার মোট মান = 20 × 8 = 160
পরবর্তী 2টি সংখ্যার মান = $\frac{31}{2} \times 2 = 31$, পরবর্তী 3টি সংখ্যার মান = $\frac{64}{3} \times 3 = 64$, বাকি 3টি সংখ্যার মান = 160 – 95 = 65
মনেকরি ষষ্ঠ সংখ্যা = x; সপ্তম সংখ্যা = x + 4 ও অষ্টম সংখ্যা = x + 7
∴ x + x + 4 + x + 7 = 65 বা, 3x = 65-11 = 54
বা, x = 18 ∴ x + 7 = 18 + 7 = 25

**এরপর সমাধান আগামী সংখ্যায়**

*প্রস্তুত করেছেন: **অভিষেক রায়***

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## রাজ্য সরকারে ক্লার্ক

### পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

(a) 18 (b) 16 (c) 14 (d) 12

83. যথাসময়ে বিদ্যুতের বিল পরিশোধ করলে মোট বিলের ওপর 15% ছাড় পাওয়া যায়। কোনও উপভোক্তা বিলের ওপর ₹ 14 ছাড় পেলে মূল বিলের পরিমাণ:
(a) ₹ 340 (b) ₹ 350 (c) ₹ 360 (d) ₹ 370

84. একজন বিক্রেতা 20% ক্ষতিতে জিনিস বিক্রয় করতে বাধ্য হন। যদি বিক্রয়মূল্য ₹ 100 বৃদ্ধি হয় তবে তাঁর 5% লাভ হয়। জিনিসটির ক্রয়মূল্য:
(a) ₹ 400 (b) ₹ 450 (c) ₹ 480 (d) ₹ 500

85. একজন বই বিক্রেতা বইয়ের লিখিত দামের ওপর 10% ছাড়ে বিক্রি করে 12% লাভ করেন। বইয়ের ক্রয়মূল্য ও লিখিত মূল্যের অনুপাত:
(a) 50 : 61 (b) 52 : 65 (c) 45 : 56 (d) 4 : 3

86. মোট ₹ 1250 তিন ব্যক্তি A, B এবং C-র মধ্যে এমনভাবে ভাগ করা হল যেখানে A-র অংশ B-র $\frac{2}{9}$ ভাগ এবং C-র অংশ A-র $\frac{3}{4}$ ভাগ। C-এর অংশ:
(a) ₹ 75 (b) ₹ 90 (c) ₹ 135 (d) ₹ 150

87. একটি বাক্সে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সা মুদ্রার মোট সংখ্যা 420; যদি তাদের মূল্যের অনুপাত 2 : 3 : 5 হয় তবে বাক্সে 1 টাকার মুদ্রার সংখ্যা:
(a) 20 (b) 30 (c) 90 (d) 60

88. তিন ব্যক্তি A, B, C যথাক্রমে ₹ 8000, ₹ 4000 এবং ₹ 8000 বিনিয়োগ করে একটি যৌথ কারবার আরম্ভ করলেন। 6 মাস পরে A তার মূলধন তুলে নিলেন এবং আরও 8 মাস পরে মোট লাভ ₹ 4005 হলে, B-র লভ্যাংশ:
(a) ₹ 800 (b) ₹ 890 (c) ₹ 500 (d) ₹ 900

89. 5.5 ডজন পেনের মূল্য ₹ 1287 হলে 16টি পেনের মূল্য হবে:
(a) ₹ 212 (b) ₹ 296 (c) ₹ 312 (d) ₹ 324

90. এক ব্যক্তি মোট 80 কিলোমিটার 7 ঘণ্টায় অতিক্রম করলেন। তিনি অতিক্রান্ত দূরত্বের কিছু অংশ 8 কিমি/ঘণ্টা বেগে হেঁটে এবং বাকিটা 16 কিমি/ঘণ্টা বেগে সাইকেলে গেলেন। তিনি যে দূরত্ব হাঁটলেন তা হল (কিলোমিটার এককে):
(a) 32 (b) 30 (c) 28 (d) 24

91. 16 জন শ্রমিকের একটি কাজ শেষ করতে 10 দিন লাগে। ওই কাজ 40 দিনে করতে শ্রমিকের সংখ্যা:
(a) 6 (b) 5 (c) 4 (d) 3

92. একদল শ্রমিক কোনও কাজ 10 দিনে সম্পন্ন করতে পারেন। কিন্তু 5 জন অনুপস্থিত থাকায় কাজটি 12 দিনে সম্পন্ন হল। প্রথমে দলে শ্রমিকের সংখ্যা:
(a) 20 (b) 30 (c) 35 (d) 25

93. একটি জলাধার 8 ঘণ্টায় পূর্ণ হয়। কিন্তু তলায় একটি ছিদ্র থাকায় পূর্ণ হতে 2 ঘণ্টা অতিরিক্ত লাগে। পূর্ণ জলাধার ওই ছিদ্রপথে সম্পূর্ণ খালি হতে সময় (ঘণ্টায়) লাগবে:
(a) 25 (b) 30 (c) 35 (d) 40

94. একটি ট্রেন প্ল্যাটফর্মে দণ্ডায়মান একজন স্থির ব্যক্তিকে 7 সেকেন্ডে এবং 330 মিটার লম্বা প্ল্যাটফর্মকে 28 সেকেন্ডে সম্পূর্ণ অতিক্রম করে। ট্রেনের দৈর্ঘ্য (মিটারে):
(a) 120 (b) 110 (c) 100 (d) 90

95. একটি আয়তক্ষেত্রের বাহুগুলির দৈর্ঘ্য 10% বৃদ্ধি করলে কর্ণের শতকরা বৃদ্ধি হবে:
(a) 11% (b) 9% (c) 10% (d) নির্ণয় সম্ভব নয়

96. দু'টি সংখ্যার বর্গের সমষ্টি 146 এবং একটি সংখ্যার বর্গমূল $\sqrt{5}$ হলে, দ্বিতীয় সংখ্যার ঘন কত?
(a) 1000 (b) 1331 (c) 1028 (d) 729

97. 60.50 টাকা A, B ও C-র মধ্যে এমনভাবে ভাগ করা হয় যে, A পায় B-র $\frac{5}{8}$ অংশ এবং B পায় C-র $1\frac{1}{2}$ অংশ। মোট টাকা থেকে B পায়:
(a) 17.60 টাকা (b) 16.50 টাকা (c) 26.40 টাকা (d) 20.30 টাকা

98. এক ব্যক্তি স্রোতের প্রতিকূলে 20 মিনিটে যান 2 কিলোমিটার এবং অনুকূলে 15 মিনিটে যান 2 কিলোমিটার। স্রোতের গতিবেগ ঘণ্টায় কত?
(a) 1 কিলোমিটার (b) 0.5 কিলোমিটার (c) 4 কিলোমিটার (d) 5 কিলোমিটার

99. 1 জুলাই 1995 শনিবার হলে, 1 এপ্রিল 1996 কী বার হবে?
(a) শনিবার (b) রবিবার (c) শুক্রবার (d) সোমবার

100. A, B ও C-র গড় বেতন 400 টাকা এবং B, C ও D-এর গড় বেতন 275 টাকা হলে, D-র বেতন কত?
(a) 575 টাকা (b) 475 টাকা (c) 525 টাকা (d) 350 টাকা

#### উত্তর

1(b), 2(a), 3(d), 4(b), 5(a), 6(d), 7(b), 8(d), 9(b), 10(b), 11(b), 12(a), 13(d), 14(b), 15(a), 16(a), 17(b), 18(b), 19(d), 20(b), 21(b), 22(a), 23(c), 24(b), 25(a), 26(c), 27(b), 28(a), 29(b), 30(a), 31(a), 32(b), 33(d), 34(a), 35(c), 36(b), 37(c), 38(c), 39(a), 40(b), 41(b), 42(a), 43(b), 44(b), 45(a), 46(a), 47(b), 48(a), 49(b), 50(b), 51(a), 52(a), 53(b), 54(a), 55(b), 56(a), 57(b), 58(b), 59(a), 60(b), 61(a), 62(c), 63(b), 64(d), 65(b), 66(b), 67(c), 68(c), 69(a), 70(c), 71(d), 72(a), 73(c), 74(d), 75(d), 76(c), 77(b), 78(a), 79(b), 80(d), 81(b), 82(c), 83(c), 84(a), 85(c), 86(d), 87(b), 88(b), 89(c), 90(a), 91(c), 92(b), 93(d), 94(b), 95(c), 96(b), 97(c), 98(a), 99(d), 100(a).

#### সমাধান

71(d): কোনও সংখ্যা 11 দ্বারা বিভাজ্য হবে যদি (অযুগ্ম স্থানের অঙ্কগুলির সমষ্টি) – (যুগ্ম স্থানের অঙ্কগুলির সমষ্টি) = 0

বা, 11 দ্বারা বিভাজ্য হয়
(5 + 9 + * + 7) – (4 + 3 + 8) = 6 + *
যদি * = 5 হয় তবে 6 + * = 11 যেটি 11 দ্বারা বিভাজ্য।

72(a): অঙ্কগুলির সমষ্টি = 6 + 1 + 3 + 5 + n + 2 = 17 + n ⇒ n = 1.
[কোনও সংখ্যার অঙ্কগুলির সমষ্টি 9 দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটিও 9 দ্বারা বিভাজ্য হবে।]

73(c): সংখ্যাদু'টির গুণফল $= \frac{1}{4}$ [(সমষ্টি)$^2$ – (অন্তর)$^2$]
$= \frac{1}{4}[14^2 - 10^2] = \frac{1}{4}(196 - 100) = \frac{1}{4} \times 96 = 24.$

74(d): (2, 4, 6, 8, 10, 12) সেকেন্ডের ল.সা.গু. = 120 সেকেন্ড = 2 মিনিট
প্রত্যেক 2 মিনিট অন্তর 1 বার বাজবে
30 মিনিটে বাজবে $\frac{30}{2}$ + প্রথমবার = 15 + 1 = 16 বার।

75(d): জুন মাস 30 দিনের তার মধ্যে 5টি রবিবার এবং বাকি 25টি অন্য দিন
গড় পাঠকের সংখ্যা $= \frac{510 \times 5 + 240 \times 25}{30} = \frac{2550 + 6000}{30} = \frac{8550}{30} = 285.$

76(c):
উত্তীর্ণ 52 — [43] — অনুত্তীর্ণ 16
43 – 16 = 27    52 – 43 = 9
উত্তীর্ণ : অনুত্তীর্ণ = 27 : 9 = 3 : 1
অনুত্তীর্ণের সংখ্যা $= \frac{1}{3+1} \times 60 = 15.$

77(b): অনুত্তীর্ণের হার = (100 – 65)% = 35%
$35\% = 420 \Rightarrow 100\% = \frac{420}{35} \times 100 = 12 \times 100 = 1200.$

78(a): প্রতি কিলোগ্রাম চালের গড় ক্রয়মূল্য $= ₹\left(\frac{32 \times 25 + 36 \times 15}{25 + 15}\right)$
$= ₹\left(\frac{800 + 540}{40}\right) = ₹\left(\frac{1340}{40}\right) = ₹\ 33.50$
লাভের শতকরা হার $= \left(\frac{40.20 - 33.50}{33.50} \times 100\right)\% = \left(\frac{670}{3350} \times 100\right)\%$
$= \left(\frac{1}{5} \times 100\right)\% = 20\%.$

79(b): গড় দাম $= ₹\frac{500}{12}$
টেবিল 50 — [গড় ₹ $\frac{500}{12}$] — চেয়ার 40
$\frac{500}{12} - 40 = \frac{20}{12}$    $50 - \frac{500}{12} = \frac{100}{12}$
অনুপাত (টেবিল : চেয়ার) $= \frac{20}{12} : \frac{100}{12} = 20 : 100 = 1 : 5$
চেয়ারের সংখ্যা $= \frac{5}{1+5} \times 12 = 10.$

80(d): P ও Q-র মূলধনের অনুপাত = (2 × 1) : (3 × 2) = 1 : 3
Q-এর লভ্যাংশ $= ₹\left(\frac{3}{1+3} \times 26000\right) = ₹\ (6500 \times 3) = ₹\ 19500.$

81(b): A-র বয়স $= \frac{6}{6+5} \times 44 = 24$ বছর
B-র বয়স = 44 – 24 = 20 বছর
8 বছর পরে A ও B-র বয়সের অনুপাত $= \frac{24+8}{20+8} = \frac{32}{28} = 8 : 7.$

82(c): দামের হ্রাস = ₹ (8400 এর $3\frac{1}{2}$ % – 8400 এর $3\frac{1}{3}$ %)
$= \left(\frac{1}{2} - \frac{1}{3}\right)$ % এর ₹ 8400 = ₹(8400 এর $\frac{1}{6}$)%
$= ₹\left(8400 \times \frac{1}{6} \times \frac{1}{100}\right) = ₹14.$

83(c): বিল = ₹ 100 হলে ছাড় ₹ 15
ছাড় ₹ 15 → বিল ₹ 100, ₹1 → ₹ $\frac{100}{15}$
₹ 54 → $₹\left(\frac{100}{15} \times 54\right) = ₹\left(\frac{20}{3} \times 54\right) = ₹\ (20 \times 18) = 360.$

84(a): ক্রয়মূল্য = ₹100, 5% লাভে বিক্রয়মূল্য = ₹105
20% ক্ষতিতে বিক্রয়মূল্য = ₹ 80, বিক্রয়মূল্যের অন্তর = ₹100 (প্রদত্ত)
⇒ ₹(105 – 80) = ₹100 ⇒ ₹ 25 = ₹100
$\Rightarrow ₹\ 100 = ₹\left(\frac{100}{25} \times 100\right) = ₹\ 400.$

85(c): লিখিত মূল্য = ₹100
বিক্রয়মূল্য = ₹ (100 – 10) = ₹ 90
ক্রয়মূল্য $= ₹\left(\frac{100}{100+12} \times 90\right) = ₹\left(\frac{100}{112} \times 90\right) = ₹\frac{4500}{56}$
ক্রয়মূল্য : লিখিতমূল্য $= \frac{4500}{50} : 100 = \frac{45}{56} : 1 = 45 : 56.$

86(d): $A \to \frac{2}{9}B \Rightarrow B \to \frac{9}{2}A,\ C \to \frac{3}{4}A$
$A : B : C = A : \frac{9}{2}A : \frac{3}{4}A = 1 : \frac{9}{2} : \frac{3}{4} = 4 : 18 : 3$
C-র অংশ $= \frac{3}{4+18+3} \times (₹\ 1250) = \frac{3}{25} \times (₹\ 1250) = ₹\ 150.$

87(b): মুদ্রার সংখ্যার অনুপাত $= 2 \times \frac{100}{100} : 3 \times \frac{100}{50} : 5 \times \frac{100}{25}$
[50 P = ₹ $\frac{50}{100}$ মূল্যের অনুপাত থেকে সংখ্যার অনুপাতে পরিবর্তনের জন্য $\frac{50}{100}$ দ্বারা ভাগ অর্থাৎ $\frac{100}{50}$ দ্বারা গুণ হবে।] = 2 : 6 : 20 = 1 : 3 : 10
1 টাকা মুদ্রার সংখ্যা $= \frac{1}{1+3+10} \times 420 = 30.$

88(b): A, B, C-র লভ্যাংশের অনুপাত = A, B, C-র বিনিয়োগের অনুপাত = (8000 × 6) : (4000 × 8) : (8000 × 8) = 48 : 32 : 64 = 3 : 2 : 4
B-র লভ্যাংশ $= ₹\left(\frac{2}{3+2+4}\right) \times 4005 = ₹\left(\frac{2}{9} \times 4005\right) = ₹\ 890.$

89(c): 5.5 ডজন = 5.5 × 12 = 66টি
66টির মূল্য ₹ 1287 ⇒ 1টির মূল্য $₹\frac{1287}{66} = ₹\frac{117}{6}$
16টির মূল্য $₹\left(\frac{117}{6} \times 16\right) = ₹\ (39 \times 8) = ₹\ 312.$

90(a): গড় বেগ $= \frac{80}{7}$ কিমি/ঘণ্টা
হেঁটে 8 — [$\frac{80}{7}$] — সাইকেলে 16
$16 - \frac{80}{7} = \frac{32}{7}$    $\frac{80}{7} - 8 = \frac{24}{7}$
সময় হেঁটে : সাইকেলে $= \frac{32}{7} : \frac{24}{7} = 4 : 3$
হাঁটার সময় $= \frac{4}{4+3} \times 7 = 4$ ঘণ্টা
হাঁটার দূরত্ব = বেগ × সময় = 8 × 4 = 32 কিমি।

91(c):

| দিনের সংখ্যা | শ্রমিকের সংখ্যা |
|---|---|
| 10 | 16 |
| 1 | 16 × 10 বেড়ে যায় |
| 40 | $\frac{16 \times 10}{40}$ কমবে = 4. |

92(b): যদি প্রথমে x জন শ্রমিক থাকেন তবে x × 10 = (x – 5) × 12
10x = 12x – 60 ⇒ 12x – 10x = 60 ⇒ 2x = 60 x = 30.

93(d): ভর্তি করার নল দ্বারা খালি জলাধার 8 ঘণ্টায় পূর্ণ হয়
আবার ভর্তির নল ও ছিদ্র উভয়ই খোলা থাকলে খালি জলাধার ভর্তি হয় (8 + 2) = 10 ঘণ্টায়
পূর্ণ জলাধার ছিদ্র পথে খালি হওয়ার সময় $= \frac{8 \times 10}{10 - 8} = 40$ ঘণ্টায়।

94(b): ট্রেন তার নিজের দৈর্ঘ্য 7 সেকেন্ডে এবং (প্ল্যাটফর্ম + নিজের) দৈর্ঘ্য 28 সেকেন্ডে অতিক্রম করে
শুধু প্ল্যাটফর্ম (দৈর্ঘ্য 330 মিটার) অতিক্রম করতে সময় = (28 – 7) = 21 সেকেন্ড
গতিবেগ = দূরত্ব/সময় $= \frac{320}{21}$ মিটার/ সেকেন্ড
ট্রেনের দৈর্ঘ্য = গতিবেগ × সময় $= \frac{320}{21} \times 7 = 110$ মিটার।

95(c): যে কোনও চতুর্ভুজের প্রতিটি বাহু x% বৃদ্ধি/হ্রাস করলে (i) কর্ণ ও (ii) পরিসীমার বৃদ্ধি/হ্রাস x% হয়।

96(b): একটি সংখ্যার বর্গমূল $= \sqrt{5}$ হলে, সংখ্যাটি $= (\sqrt{5})^2 = 5$
∴ অপর সংখ্যা $= \sqrt{146 - 5^2} = \sqrt{121} = 11$ ∴ 11-এর ঘন $= 11^3 = 1331.$

97(c):
A ← $\frac{5}{8}$ — B ← $1\frac{1}{2} = \frac{3}{2}$ — C
A : B → C
5 : 8 → 8
×3 ×3 ×2
15 : 24 : 16
∴ B পায় $= \frac{24 \times 60.50}{(15 + 24 + 16)} = 26.40$ টাকা।

98(a): প্রতিকূলে $= \frac{2 \times 60}{20} = 6$ কিমি/ঘণ্টা/অনুকূলে $= \frac{2 \times 60}{15} = 8$ কিমি/ঘণ্টায়
∴ স্রোতের গতিবেগ $= \frac{\text{অনুকূলে} - \text{প্রতিকূল}}{2} = \frac{8 - 6}{2} = 1$ কিমি/ঘণ্টায়

99(d): 1 জুলাই 1995 থেকে 1 এপ্রিল 1996
দিনে পার্থক্য = (30 + 31 + 30 + 31 + 30 + 31 + 31 + 29 + 31 + 1) = 275 দিন
∴ 7 দিয়ে ভাগ করে অবশিষ্ট = 7 ) 275 ( 39
21
65
63
2 → odd day
∴ 1 এপ্রিল 1996 ⇒ (শনিবার + 2) = সোমবার।

100(a): A + B + C = 3 × 400 = 1200 টাকা
∴ B + C-এর বেতন = (1200 – 275) = 925 টাকা,
B + C + D = 3 × 500 = 1500 টাকা
∴ D-এর বেতন = (1500 – 925) = 575 টাকা।

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল, ও ডঃ শক্তিপদ নন্দ*

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলে ২৫৯০

*প্রথম পাতার পর*

তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ৯০টি (সাধারণ ৫৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৩)। **লাইনম্যান:** ২৮টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৪৯টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)।

**ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: কার্পেন্টার:** ৪২টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। **ম্যাসন:** ৮৫টি (সাধারণ ৪৩, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৩)। **পেইন্টার:** ৭০টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)।

মোট আসনের মধ্যে ১৩টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৪৪টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন রঙ্গিয়া: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: ওয়েল্ডার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)। **ফিটার:** ৫৫টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ইলেক্ট্রিশিয়ান:** ১২টি (সাধারণ ২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ৬৫টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১৫, ও বি সি ১২)। **লাইনম্যান:** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৩৯টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)।

**ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: ম্যাসন:** ১১২টি (সাধারণ ৫৭, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৩১)।

মোট আসনের মধ্যে ১২টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৫০টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন লামডিং: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: মেশিনিস্ট:** ২২টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, ও বি সি ৬)। **ওয়েল্ডার:** ৩৭টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)। **ফিটার:** ২৪০টি (সাধারণ ১৩২, তফসিলি জাতি ৩৬, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৭)। **ডিজেল মেকানিক:** ২৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৯)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৪০টি (সাধারণ ৭০, তফসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩৮)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ৩১টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ২৯টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৩, ও বি সি ৯)। **লাইনম্যান:** ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৮৩টি (সাধারণ ৪৫, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২১)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ওয়ার্কশপ: ফিটার:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **মেশিনিস্ট:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **ইলেক্ট্রিশিয়ান:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **ওয়েল্ডার:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **কার্পেন্টার:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **পেইন্টার:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)।

**ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: ম্যাসন:** ১২৮টি (সাধারণ ৬৪, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৫)। **পেইন্টার:** ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)।

মোট আসনের মধ্যে ৩৭টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১২৬টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন তিনসুকিয়া: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: মেশিনিস্ট:** ২টি (তফসিলি জাতি)। **ওয়েল্ডার:** ২৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, ও বি সি ২)। **ফিটার:** ১৩৪টি (সাধারণ ৭২, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩২)। **ইলেক্ট্রিশিয়ান:** ৩৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ১১)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ২৮টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)।

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ৪২টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, ও বি সি ৩)। **লাইনম্যান:** ১৮টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স:** ৪৩টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২)।

মোট আসনের মধ্যে ১৩টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৪৪টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন নিউ বঙ্গাইগাঁও ওয়ার্কশপ: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: মেশিনিস্ট:** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ওয়েল্ডার:** ৬৫টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২১)। **ফিটার:** ২৯টি (সাধারণ ১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। **কার্পেন্টার:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ডিজেল মেকানিক:** ৯টি (তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৬টি (তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৭)। **পেইন্টার:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **টার্নার:** ৩টি (তফসিলি জাতি ১, ও বি সি ২)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

**ডিপার্টমেন্ট ই ডব্লু এস/বি এন জি এন: ওয়েল্ডার:** ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। **মেশিনিস্ট:** ৪২টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৪)। **ফিটার স্ট্রাকচারাল:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **ফিটার:** ১৬টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **মেশিনিস্ট (গ্রাইন্ডার):** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **ইলেক্ট্রিশিয়ান:** ২টি (তফসিলি জাতি ১, ও বি সি ১)।

মোট আসনের মধ্যে ৭টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৪৪টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন ডিব্রুগড় ওয়ার্কশপ: ডিপার্টমেন্ট মেকানিক্যাল: মেশিনিস্ট:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ওয়েল্ডার:** ৩৬টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ফিটার:** ৪০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, ও বি সি ৮)। **কার্পেন্টার:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিশিয়ান:** ২৫টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **পেইন্টার:** ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **টার্নার:** ১টি (তফসিলি জাতি)। **রেফ্রিজারেটর অ্যান্ড এ সি মেকানিক:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

মোট আসনের মধ্যে ৬টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১৯টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১৮-৯-২০১৯ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ন্যূনতম ৬,৯৬০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nfr.indianrailways.gov.in পূরণ করবেন যথাযথ ভাবে। যে-কোনও একটি ইউনিটের জন্য আবেদন করবেন।

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓দু'কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটো দু'টি গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত করে আবেদনপত্র ও কল লেটার কাম অ্যাডমিট কার্ডের (অ্যানেক্সচার এ ও বি) নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন।
- ✓ফি বাবদ ১০০ টাকার ক্রসড পোস্টাল অর্ডার বা ডিমান্ড ড্রাফট। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। পোস্টাল অর্ডার 'Principal Financial Adviser, N.F. Railway, Maligaon'-এর অনুকূলে 'GPO/ Guwahati'-তে প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফট 'F.A. & C.A.O., N.F. Railway'-এর অনুকূলে 'SBI/Maligaon Branch'-এ প্রদেয় হতে হবে।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓যথাযথভাবে পূরণ করা কল লেটার-কাম-অ্যাডমিট কার্ড।
- ✓নিজের নাম ও ঠিকানা লেখা ১১×৫ ইঞ্চি মাপের একটি খাম। খামের উপর ৫ টাকার ডাকটিকিট সেঁটে দেবেন। তফসিলিদের ডাকটিকিট সাঁটতে হবে না।

আবেদনপত্র ভরা খামের উপর লিখবেন: 'Application for engagement as Act-Apprentices & Designated trades applied for ________ and ________ Division/Workshop.

৩১ অক্টোবরের মধ্যে রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে আবেদনপত্র পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। আলিপুরদুয়ারের ক্ষেত্রে: Divisional Personnel Officer (I/C), Office of the Divisional Railway Manager (P), P.O. Alipurduar Junction, Dist. Alipurduar, West Bengal-736 123. রঙ্গিয়ার ক্ষেত্রে: Senior Personnel Officer, Office of the Divisional Railway Manager (P), N.F. Railway, Rangia P.O. Rangia, Dist Kamruo (Assam), Pin No. 781 354. লামডিংয়ের ক্ষেত্রে: Divisional Personnel Officer (I/C), Office of the Divisional Railway Manager (P), P.O. Lumding, Pin-782 447 Dist. Hojai, Assam. তিনসুকিয়ার ক্ষেত্রে: Divisional Personnel Officer (I/C), Office of the Divisional Railway Manager (P), Tinsukia, N.F. Railway, Tinsukia PIN No. 786 125, P.O. Hijuguri, Dist. Tinsukia (Assam). নিউ বঙ্গাইগাঁও এবং ই ডব্লু এস/বি এন জি এন-এর ক্ষেত্রে: Asstt. Personnel Officer, Office of the Chief Workshop Manager/N.F. Railway Carriage & Wagon Workshop/New Bongaigaon, Pin-783381. ডিব্রুগড়ের ক্ষেত্রে: Senior Personnel Officer, NF Railway Workshop, Dibrugarh, Pin-786 001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আলিপুরদুয়ারে প্রাইমারি স্কুল কাউন্সিলে চাকরি

লোয়ার ডিভিশন ক্লার্ক, সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার এবং নাইট গার্ড পদে ৫ জনকে নেবে আলিপুরদুয়ারের ডিস্ট্রিক্ট প্রাইমারি স্কুল কাউন্সিল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/DPSC/APD.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.alipurduar.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৮ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



# স্কলারশিপের খোঁজখবর

## এস টি এফ সি মেরিটোরিয়াস স্কলারশিপ প্রোগ্রাম

বাণিজ্যিক গাড়ি চালানোর কাজে যুক্ত এবং আর্থিকভাবে অনগ্রসর পরিবারের ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে শ্রীরাম ট্রান্সপোর্ট ফিনান্স কোম্পানি। কোনও পেশাদারি কোর্সে পাঠরত মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীরা আবেদন করতে পারেন।

**আবেদনের যোগ্যতা:** ডিপ্লোমা বা আই টি আই বা পলিটেকনিক কোর্সের প্রথম বর্ষে পাঠরতরা আবেদন করতে পারেন। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এ ছাড়া তিন বছরের স্নাতক কোর্স বা ৪ বছরের ইঞ্জিনিয়ারিং কোর্সে পাঠরতরাও আবেদন করতে পারেন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখের নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** আই টি আই বা পলিটেকনিক বা ডিপ্লোমা কোর্সে পাঠরতদের ক্ষেত্রে প্রতি বছরে ১৫,০০০ টাকা এবং স্নাতক ও ইঞ্জিনিয়ারিং পাঠরতদের ক্ষেত্রে প্রতি বছরের সর্বাধিক ৩৫,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/Karma/SIMT1 আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।

## সেন্ট্রাল সেক্টর স্কিম অব স্কলারশিপ ফর কলেজ অ্যান্ড ইউনিভার্সিটি স্টুডেন্টস

দেশ জুড়ে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ এবং উচ্চশিক্ষায় আগ্রহী মেধাবী ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের উচ্চশিক্ষা দপ্তর।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৮০ শতাংশ নম্বর-সহ এ বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষায় পাশ করে থাকতে হবে এবং স্বীকৃত প্রতিষ্ঠানে কোনও রেগুলার কোর্সে ভর্তি হয়ে থাকতে হবে।

প্রার্থীর পারিবারিক বার্ষিক আয় আট লক্ষ টাকার বেশি হলে চলবে না।

**স্কলারশিপের পরিমাণ:** স্নাতক কোর্সের ক্ষেত্রে প্রতি বছরে ১০,০০০ টাকা (তিন থেকে চার বছরের জন্য), স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের ক্ষেত্রে প্রতি বছরে ২০,০০০ টাকা (দুই বছরের জন্য)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/Karma/CSS11 অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।

## টপ ক্লাস এডুকেশন স্কিম ফর এস সি স্টুডেন্টস ২০১৯-২০

তফসিলি জাতিভুক্ত ১,৫০০ ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকার। পূর্ণ সময়ের স্নাতক বা স্নাতকোত্তর কোর্সে পাঠরতরা আবেদন করতে পারেন।

**আবেদনের যোগ্যতা:** উচ্চমাধ্যমিক পাশ। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখের নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** প্রতি বছরে সর্বাধিক ৩ লাখ ৭৫ হাজার টাকা। এ ছাড়াও বই ও পড়াশোনার খরচ বাবদ প্রতি বছরে ৩,০০০ টাকা, থাকা-খাওয়ার জন্য মাসে ২,২০০ টাকা এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার কেনার খরচ বাবদ এককালীন ৪৫,০০০ টাকা দেওয়া হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/Karma/TCE8 আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# দিল্লি পুলিশে ৫৫৪ হেড কনস্টেবল

*প্রথম পাতার পর*

মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ২৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তফসিলি ও খেলোয়াড়রা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন। এ ছাড়া বিধবা, বিবাহবিচ্ছিন্না এবং আইনত স্বামীবিচ্ছিন্না প্রার্থী ফের বিবাহ না করে থাকলে নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** পুরুষদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮২ সেমি হতে হবে। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেমি। গোর্খা প্রার্থীরা, তফসিলি উপজাতি প্রার্থীরা এবং দিল্লি পুলিশে কর্মরত বা অবসরপ্রাপ্ত বা কর্মরত অবস্থায় মৃতদের সন্তানেরা সব ক্ষেত্রেই ৫ সেমি ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার-বেসড এক্সামিনেশন, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও দৈহিক মাপজোক যাচাই, কম্পিউটার টাইপিং টেস্ট এবং কম্পিউটার (ফর্ম্যাটিং) টেস্টের মাধ্যমে। কম্পিউটার-বেসড এক্সামিনেশনে থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস (২০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২০ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স (২৫ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর), কম্পিউটার-বিষয়ক, যথা এম এস এক্সেল, এম এস ওয়ার্ড, কমিউনিকেশন, ইন্টারনেট, ডব্লিউ ডব্লিউ ডব্লিউ, ওয়েব ব্রাউজার ইত্যাদি (১০ নম্বর)। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ৯০ মিনিট। কোনও নেগেটিভ মার্কিং নেই। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১,৬০০ মিটার দৌড়, লং জাম্প ও হাই জাম্প। বয়স অনুসারে দৌড়ের সময়সীমা ও জাম্পের দৈর্ঘ্য নির্ধারিত হবে। কম্পিউটার টাইপিং টেস্ট ১০ মিনিট ধরে নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.delhipolice.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৩ নভেম্বর পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। এস বি আই চালান বা নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে লাগবে না।

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ভিলাই স্টিল প্ল্যান্টে ২৯৪

*প্রথম পাতার পর*

এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ওয়েল্ডার** ৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ইলেক্ট্রিশিয়ান** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **ড্রিল অপারেটর** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **হার্থ ম্যান** ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **বয়লার অপারেটর** ১৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** বয়লার অপারেটরের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে আই টি আই ট্রেড কোর্স পাশ। এর পাশাপাশি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফার্স্ট ক্লাস বা সেকেন্ড ক্লাস বয়লার অ্যাটেন্ড্যান্ট কম্পিটেন্সি সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক। বাকি ট্রেডগুলির ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। ড্রিল অপারেটরের ক্ষেত্রে যে-কোনও ট্রেডে আই টি আই কোর্স পাশ, সঙ্গে ওপেন কাস্ট মাইনে ড্রিল অপারেশনে ১ বছরের কাজের অভিজ্ঞতা এবং বৈধ হেভি ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। হার্থ ম্যানের ক্ষেত্রে যে-কোনও ট্রেডে আই টি আই পাশ করে থাকলেই আবেদন করা যাবে।

**মাইনিং ফোরম্যান:** মোট শূন্যপদ ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। এর পাশাপাশি ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস সেফটি কর্তৃক স্বীকৃত বৈধ মাইনস ফোরম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে এবং মাইনিং ফোরম্যান পদে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**মাইনিং মেট:** ৩০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১০, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস সেফটি কর্তৃক স্বীকৃত বৈধ মাইনিং মেট কম্পিটেন্সি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি মাইনিং মেট পদে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**সার্ভেয়র:** ৪টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ মাইনিং অ্যান্ড মাইনস সার্ভেয়িংয়ে ৩ বছরের ডিপ্লোমা। এর পাশাপাশি ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস সেফটি কর্তৃক স্বীকৃত মাইনস সার্ভেয়র্স কম্পিটেন্সি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**জুনিয়র স্টাফ নার্স (ট্রেনি):** মোট শূন্যপদ ২১টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি স্টেট নার্সিং কাউন্সিল বা নার্সিং কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে। এছাড়াও সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ফার্মাসিস্ট (ট্রেনি):** ৭টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ফার্মাসিতে স্নাতক অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে ফার্মাসিতে ডিপ্লোমা। সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি ইন্ডিয়ান বা স্টেট ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। এছাড়াও সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**সাব ফায়ার স্টেশন অফিসার (ট্রেনি):** মোট শূন্যপদ ৮টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। শুধু পুরুষরা আবেদন করবেন। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে নাগপুরের ন্যাশনাল ফায়ার সার্ভিস কলেজ থেকে সাব-অফিসার কোর্স পাশ অথবা দ্য ইনস্টিটিউট অব ফায়ার ইঞ্জিনিয়ার্স থেকে গ্র্যাজুয়েটশিপ পরীক্ষা পাশ করে থাকতে হবে। সব ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি বৈধ হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।

**ফায়ারম্যান-কাম-ফায়ার ইঞ্জিন ড্রাইভার (ট্রেনি):** মোট শূন্যপদ ৩৬টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১২, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শুধু পুরুষরা আবেদন করবেন। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে বৈধ হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এর পাশাপাশি অন্তত ১ বছর হেভি মোটর ভেহিক্যল চালানোর অভিজ্ঞতা থাকতে হবে।

**দৈহিক মাপজোক:** অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি, অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি, সার্ভেয়র, মাইনিং ফোরম্যান এবং মাইনিং মেট পদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৫৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৪৩ সেমি) এবং ওজন অন্তত ৪৫ কেজি (মহিলাদের ক্ষেত্রে ৩৫ কেজি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ সেমি ও ৭৯ সেমি (মহিলাদের ক্ষেত্রে ৭০ সেমি ও ৭৩ সেমি) হতে হবে। দৃষ্টিশক্তি: দূরের ক্ষেত্রে চশমা ছাড়া বা চশমা-সহ উভয় চোখে ৬/৯, কাছের ক্ষেত্রে উভয় চোখে জে-১ বা এন-৬ মানের হতে হবে। চশমা থাকলে পাওয়ার প্লাস মাইনাস ২.৫ ডি-র বেশি থাকা চলবে না। স্বাভাবিক রং চেনার ক্ষমতা থাকতে হবে। **জুনিয়র স্টাফ নার্স ট্রেনি ও ফার্মাসিস্ট ট্রেনির ক্ষেত্রে** উচ্চতা হতে হবে অন্তত ১৫০ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৪৩ সেমি) এবং ওজন অন্তত ৪০ কেজি (মহিলাদের ক্ষেত্রে ৩৫ কেজি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ সেমি ও ৭৯ সেমি (মহিলাদের ক্ষেত্রে ৭০ সেমি ও ৭৩ সেমি)। দৃষ্টিশক্তি: দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/১৮, কাছের ক্ষেত্রে জে-২ মানের হতে হবে। চশমা থাকলে পাওয়ার প্লাস মাইনাস ৪ ডি-র বেশি থাকা চলবে না। **সাব ফায়ার স্টেশন অফিসার ট্রেনি এবং ফায়ারম্যান-কাম-ফায়ার ইঞ্জিন ড্রাইভার ট্রেনি** পদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৬৫ সেমি এবং ওজন অন্তত ৫০ কেজি হতে হবে। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ সেমি ও ৮৬.৫ সেমি হতে হবে। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া ৬/৬। বর্ণান্ধতা থাকা চলবে না। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা এবং কোনও রকম প্রতিবন্ধকতা থাকা চলবে না।

সব ক্ষেত্রেই রাতকানা রোগ থাকা চলবে না। স্বাভাবিক শ্রবণক্ষমতা থাকতে হবে।

**বয়স:** ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি, জুনিয়র স্টাফ নার্স ট্রেনি, ফার্মাসিস্ট ট্রেনি এবং সাব ফায়ার স্টেশন অফিসার ট্রেনি পদের ক্ষেত্রে ট্রেনিং চলাকালীন প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ১০,৭০০ ও ১২,২০০ টাকা। ট্রেনিং শেষে বেতনক্রম ১৬,৮০০-২৪,১১০ টাকা। অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি এবং ফায়ারম্যান-কাম-ফায়ার ইঞ্জিন ড্রাইভার ট্রেনি পদের ক্ষেত্রে ট্রেনিং চলাকালীন প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৮,৬০০ ও ১০,০০০ টাকা। ট্রেনিং শেষে বেতনক্রম ১৫,৮৩০-২২,১৫০ টাকা।

মাইনিং ফোরম্যান এবং সার্ভেয়র পদের ক্ষেত্রে ১৬,৮০০-২৪,১১০ টাকা, মাইনিং মেট পদের ক্ষেত্রে ১৫,৮৩০-২২,১৫০ টাকা। সব ক্ষেত্রেই অন্যান্য সুযোগ-সুবিধা পাওয়া যাবে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্ট বা ফিজিক্যাল এবিলিটি টেস্ট বা ড্রাইভিং টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৬ অক্টোবর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে), সই (জে পি জি ফর্ম্যাটে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান, ফায়ারম্যান-কাম-ফায়ার ইঞ্জিন ড্রাইভার (ট্রেনি) ও মাইনিং মেট পদের ক্ষেত্রে ১৫০ টাকা, অন্যান্য পদের ক্ষেত্রে ২৫০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি দিতে লাগবে না। অনলাইনে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর ই-রিসিপ্ট ও রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বর্ডার রোডস অর্গানাইজেশনে ৫৪০ মাল্টি স্কিল্ড ওয়ার্কার

*প্রথম পাতার পর*

ইস্টার্ন হিমালয়ান রিজিয়নের অন্তর্গত পশ্চিমবঙ্গের দার্জিলিং ও কালিম্পং জেলার প্রার্থী ও গোর্খাদের ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেমি। সব ক্ষেত্রেই বুকের ছাতি ৭৫ সেমি, অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন হতে হবে ৫০ কেজি (ইস্টার্ন হিমালয়ান রিজিয়নের প্রার্থী ও গোর্খাদের ক্ষেত্রে ৪৭.৫ কেজি)। জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে কর্মরত বা অবসরপ্রাপ্তদের সন্তানেরা উচ্চতায় ২ সেমি, বুকের ছাতিতে ১ সেমি এবং ওজনে ২ কেজি ছাড় পাবেন। **দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া বা চশমা-সহ ভালো চোখে ৬/১২, খারাপ চোখে ৬/৩৬।

**বেতন:** আনুমানিক ১৮,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, প্র্যাক্টিক্যাল টেস্ট, লিখিত পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ, জেনারেল ইংলিশ, জেনারেল এরিথমেটিক, অ্যানালিটিক্যাল অ্যান্ড কোয়ান্টিটেটিভ স্কিল বিষয়ে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের ৭৫ জি এস এম বন্ড পেপারে ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bro.gov.in পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দু'কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটো দু'টি দরখাস্ত ও অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। দরখাস্তের ফটোটি গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত হতে হবে।
- ✓ফি জমা দেওয়ার ই-রিসিপ্ট কপি। ফি বাবদ দিতে হবে ৫০ টাকা। অনলাইন পদ্ধতিতে ফি 'Commandant, GREF Centre, Pune-411 015'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতা ও ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓যথাযথভাবে পূরণ করা অ্যাডমিট কার্ড।

দরখাস্ত ভরা খামের ওপর লিখবেন: 'APPLICATION FOR THE POST OF _____ CATEGORY UR/SC/ST/OBC/EWSs/ESM/CPL, WEIGHTAGE PERCENTAGE IN ESSENTIAL QUALIFICATION _____.'

২৪ নভেম্বরের মধ্যে রেজিস্টার্ড পোস্টে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Commandant, GREF Centre, Dighi Camp, Pune-411 015. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ম্যাঙ্গালোর রিফাইনারিতে ২১৩

*প্রথম পাতার পর*

**ইনস্ট্রুমেন্টেশন:** ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্ট টেকনোলজি বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড প্রোসেস কন্ট্রোল বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**ট্রেনি অ্যাসিস্ট্যান্ট:** মেটেরিয়ালস: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: সায়েন্স বা কমার্স বা আর্টসে স্নাতক অথবা বি বি এ বা বি বি এম বা বি সি এ অথবা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় ডিপ্লোমা। কম্পিউটারের জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**জুনিয়র কেমিস্ট ট্রেনি:** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মূল বিষয় হিসেবে অ্যানালিটিক্যাল কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি বা পলিমার কেমিস্ট্রি বা অ্যাপ্লায়েড কেমিস্ট্রি বা কেমিস্ট্রি নিয়ে কেমিস্ট্রিতে বি এসসি।

সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। হিন্দি ভাষা জানা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ৯-১১-২০১৯ তারিখে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ৩০,০০০ টাকা। সফলভাবে প্রশিক্ষণ সম্পূর্ণ করে চাকরিতে নিয়োগের পর **বেতনক্রম:** ১১,৯০০-৩২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্ট ও ফিজিক্যাল টেস্টের মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে কর্নাটকের বিভিন্ন শহরে। পরীক্ষায় (১২০ নম্বর) মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস এবং সংশ্লিষ্ট বিষয় থেকে। নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mrpl.co.in দরখাস্তের শেষ তারিখ ৯ নভেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (২০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, ইনকাম অ্যান্ড অ্যাসেট সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (জে পি জি বা পি ডি এফ ফর্ম্যাটে, প্রতিটি ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইনে ইন্টারনেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ই-চালানের মাধ্যমে। চালানের মাধ্যমে ফি দিলে ফি জমা দেওয়ার পর পুনরায় সংশ্লিষ্ট ওয়েবসাইটে লগ-ইন করে চালানের তথ্য জানাতে হবে।

সাবমিট করা দরখাস্ত এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট (প্রযোজ্য ক্ষেত্রে)-এর এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইসরোয় ৩২৩ সায়েন্টিস্ট

*প্রথম পাতার পর*

প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত)। **পোস্ট কোড BE 002: মেকানিক্যাল:** শূন্যপদ ১৩৫টি (৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত)। **পোস্ট কোড BE 003: কম্পিউটার সায়েন্স:** শূন্যপদ ৫৮টি (১৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর (সি জি পি এ ৬.৮৪/১০)-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

**বয়স:** ৪-১১-২০১৯ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষার তারিখ ১২ জানুয়ারি। প্রার্থী বাছাই করবে ইসরো সেন্ট্রালাইজড রিক্রুটমেন্ট বোর্ড।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৪ নভেম্বর। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও কালো কালির সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইন ব্যবস্থায় ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি দেওয়া যাবে। অথবা অফলাইনে চালানের মাধ্যমে নগদে ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৬ নভেম্বর। মহিলা, তফসিলি, আর্থিকভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

KARMAKSHETRA Vol 40 No. 12 Kolkata Wednesday 16 OCTOBER 2019 /16 Member, INDIAN NEWSPAPER SOCIETY R. N. 37120/80

# ইস্টার্ন কোলফিল্ডসে অ্যাকাউন্ট্যান্ট

৫৭ জন কস্ট অ্যাকাউন্ট্যান্ট/অ্যাকাউন্ট্যান্ট নেবে ইস্টার্ন কোলফিল্ডস। এটি কোল ইন্ডিয়ার ভর্তুকিপ্রাপ্ত একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ECL/CMD/C-6/Rectt./Acct-19/36/619.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২৫, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫, আর্থিকভাবে অনগ্রসর ৫। **শিক্ষাগত যোগ্যতা:** আই সি ডব্লু এ বা সি এ-র ইন্টারমিডিয়েট এক্সামিনেশন পাশ করে থাকতে হবে। **বয়স:** ১-৪-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ৩৭,০৬৩.৪১ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস, এরিথমেটিক, জেনারেল ইংলিশ এবং সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশ্ন। নম্বর ৫০। সময় ১ ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.easterncoal.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৩ অক্টোবর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর 'রেজিস্ট্রেশন রেফারেন্স আই ডি' পাওয়া যাবে।

ফি বাবদ চালানের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা। চালানের প্রিন্ট আউট পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। নগদে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই পাওয়ার জ্যোতি অ্যাকাউন্ট নম্বরে: 35228997799 (Sanctoria branch, code 06114). তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও কালো কালির সই (উভয়ই জে পি জি ফর্ম্যাটে ৩০ কেবি সাইজের মধ্যে), চালানের কপি, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট বা ডিসচার্জ সার্টিফিকেট বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (সবক'টিই পি ডি এফ ফর্ম্যাটে ১০২৪ কে বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

# কোস্টগার্ডে নাবিক

*প্রথম পাতার পর*

অবস্থায় মৃত ব্যক্তির সন্তানরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। পার্বত্য এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি: ভালো ও খারাপ উভয় চোখে ৬/৩৬ হতে হবে। স্বাভাবিক শ্রবণক্ষমতা থাকতে হবে।

**বয়স:** ১-৪-২০২০ তারিখে ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৪-১৯৯৮ থেকে ৩১-৩-২০০২-এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

প্রাথমিকভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচন করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও প্রিলিমিনারি মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে এই সব বিষয়ে: কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ম্যাথমেটিক্স, জেনারেল সায়েন্সেস, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স ও জেনারেল নলেজ) এবং রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২-৩ দিন ধরে। পরীক্ষা হবে নভেম্বরের শেষে।

নির্বাচিত প্রার্থীদের ট্রেনিং শুরু হবে ২০২০-র এপ্রিল থেকে। আই এন এস চিলিকায় বেসিক ট্রেনিং হবে। তারপর সি ট্রেনিং ও প্রফেশনাল ট্রেনিং হবে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ হবে নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) পদে। মূল বেতন ২১,৭০০ টাকা। সঙ্গে অন্যান্য সুয়োগ-সুবিধা। ধাপে ধাপে প্রধান অধিকারী র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন বেতন ৪৭,৬০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে উপকূলরক্ষী বাহিনীর এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ অক্টোবর থেকে ৮ নভেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পরে রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। নম্বরটি টুকে রাখুন। অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময় প্রয়োজন হবে। পূরণ করা দরখাস্তের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। এর মধ্যে একটি কপি পরীক্ষাকেন্দ্রে নিয়ে যেতে হবে।

## পরীক্ষাকেন্দ্রে সঙ্গে নিয়ে যাবেন

- ✓দরখাস্তের প্রিন্ট আউট।
- ✓অ্যাডমিট কার্ডের তিন কপি প্রিন্ট আউট। অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে নীল রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা তিন কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন। এক মাসের বেশি পুরনো ফটো চলবে না।
- ✓১০টি রঙিন পাসপোর্ট মাপের ফটো। অবশ্যই নীল রঙের ব্যাকগ্রাউন্ডে ছবি তোলাতে হবে। এক মাসের বেশি পুরনো ফটো চলবে না।
- ✓জন্মতারিখের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓পাসপোর্ট, ভোটার পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, আধার কার্ড, প্যান কার্ড, স্কুলের পরিচয়পত্র বা সমতুল কোনও সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত যাবতীয় নথিপত্রের মূল কপিও সঙ্গে রাখবেন। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে ১৭ নভেম্বর থেকে ২২ নভেম্বরের মধ্যে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ডি আর ডি ও-তে ১১৬

## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

১১৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ। এটি কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি আর ডি ও)-এর একটি সংস্থা। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসশিপ ও টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিসশিপ ক্যাটেগরিতে অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ (সময়ানুসারে সংশোধনী) অনুসারে এক বছরের ট্রেনিং দেওয়া হবে বিভিন্ন শাখায়। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: ITR/HRD/AT/05/2019.

**শাখা অনুসারে আসনবিন্যাস: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং: কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/আই টি:** ২২টি। **ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং:** ২৫টি। **ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ৫টি। **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ৩টি। **সিভিল ইঞ্জিনিয়ারিং:** ১টি। **অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং:** ২টি। **লাইব্রেরি সায়েন্স:** ২টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। লাইব্রেরি সায়েন্সের ক্ষেত্রে স্নাতক ডিগ্রি। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৯,০০০ টাকা।

**টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং: কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/আই টি:** ২৩টি। **ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং:** ২৩টি। **ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ৫টি। **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ৩টি। **সিভিল ইঞ্জিনিয়ারিং:** ২টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা।

তফসিলি, ও বি সি, আর্থিকভাবে অনগ্রসর ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে মনে রাখবেন, প্রার্থীকে অবশ্যই ২০১৭ সাল বা তার পরে উত্তীর্ণ হয়ে থাকতে হবে। উচ্চতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা আবেদন করবেন না। এর আগে এক বছর বা তার বেশি সময়ের জন্য কোনও ট্রেনিং নিয়ে থাকলে বা চাকরি করে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র চাঁদিপুরের ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ।

প্রার্থীকে অনলাইন আবেদন করতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in তার পরে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://rac.gov.in অনলাইন আবেদন করা যাবে ১ থেকে ২০ নভেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদন পূরণের সময় প্রার্থীর প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকলের স্ক্যান্ড কপি আপলোড করতে হবে।

কোনও সমস্যার সম্মুখীন হলে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: ০৬৭৮২-২৭২১৪৪। ই-মেল: hrd@itr.drdo.in

# উচ্চপ্রাথমিকের স্টেট লেভেল সিলেকশন টেস্টের মেধা-তালিকা প্রকাশিত

**নিজস্ব প্রতিনিধি:** আদালতের নির্দেশ অনুসারে উচ্চপ্রাথমিকের প্রথম স্টেট লেভেল সিলেকশন টেস্টের মেধা-তালিকা প্রকাশিত হয়েছে গত ৪ অক্টোবর। পরীক্ষা হয়েছিল ২০১৬-য়। ফলাফল নিয়ে কোনও অভিযোগ থাকলে ২৫ অক্টোবরের মধ্যে স্কুল সার্ভিস কমিশনের সদর কার্যালয়ে সেই অভিযোগ লিখিতভাবে জমা দেওয়া যাবে। প্রার্থীদের অভিযোগ নেওয়ার জন্য শনি-রবিবারেও কমিশনের কার্যালয় খোলা

## অভিযোগ জানানো যাবে ২৫ অক্টোবর পর্যন্ত

থাকছে। সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত অভিযোগ-পত্র জমা দেওয়া যাবে।

চাকরিপ্রার্থীদের একাংশের অভিযোগ, শিক্ষকতার প্রশিক্ষণপ্রাপ্ত নয় এমন প্রার্থীদেরও নাম রয়েছে মেধা-তালিকায়। স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান সৌমিত্র সরকারের দাবি, প্রতিটি ধাপেই প্রার্থীদের নথিপত্র তিনটি স্তরে যাচাই করা হয়েছে। ফলে মেধা-তালিকায় অপ্রশিক্ষিত কোনও প্রার্থীর নাম থাকা সম্ভব নয়।

উল্লেখ্য, আইনি কারণে উচ্চপ্রাথমিকের মেধা-তালিকার প্রকাশ বিলম্বিত হচ্ছিল। অবশেষে, ১ অক্টোবর কলকাতা হাইকোর্ট এক সপ্তাহের মধ্যে মেধা-তালিকা প্রকাশের নির্দেশ দেয় স্কুল সার্ভিস কমিশনকে। বিচারপতি মৌসুমী ভট্টাচার্যের নির্দেশ ছিল, টেট, শিক্ষাগত যোগ্যতা এবং শিক্ষকতার প্রশিক্ষণের জন্য বরাদ্দ নম্বরের ভিত্তিতে মেধা-তালিকা প্রকাশ করতে হবে।

আদালতের নির্দেশ মেনে ৪ অক্টোবর মেধা-তালিকা প্রকাশ করে কমিশন। এস এস সি প্রধান সৌমিত্র সরকার জানিয়েছেন, প্রার্থীর অ্যাকাডেমিক স্কোর এবং টেট ও ইন্টারভিউয়ের নম্বর-সহ মেধা-তালিকা প্রকাশ করা হয়েছে। তাঁর দাবি, এত স্বচ্ছতার সঙ্গে এর আগে মেধা-তালিকা প্রকাশিত হয়নি। সৌমিত্রবাবু জানান, তারপরও প্রার্থীদের কোনও অভিযোগ থাকলে লিখিত আকারে ২৫ অক্টোবরের মধ্যে তা কমিশনের অফিসে জমা দেওয়া যাবে। উল্লেখ্য, অভিযোগপত্র গ্রহণের জন্য পুজোর ছুটির মধ্যেও কমিশনের মূল কার্যালয় খোলা রাখা হয়েছিল।

মেধা-তালিকা দেখা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.westbengalssc.com স্কুল সার্ভিস কমিশনের সদর কার্যালয়ের ঠিকানা: আচার্যসদন, ব্লক-ই ই, সল্টলেক, সেক্টর-টু, কলকাতা-৯১। ফোন: (০৩৩) ২৩২১-৪৫৫০।

# কোচিন শিপইয়ার্ডে সেফটি অ্যাসিস্ট্যান্ট

৭২ জন সেফটি অ্যাসিস্ট্যান্ট নেবে কোচিন শিপইয়ার্ড। তিন বছরের চুক্তিতে নিয়োগ করা হবে।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৪০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি ১৮, আর্থিকভাবে অনগ্রসর ৭। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সেফটি বা ফায়ারে এক বছরের ডিপ্লোমা। সেফটি সংক্রান্ত কাজে এক বছরের প্রশিক্ষণ বা অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১৮-১০-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা বা প্র্যাক্টিক্যাল টেস্ট বা দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। মোট ১০০ নম্বরের পরীক্ষা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cochinshipyard.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৮ অক্টোবর। অনলাইন দরখাস্ত সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইন পদ্ধতিতে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মালদায় সরকারি হোমে চাকরি

হেল্পার ও কুক পদে ৪ জনকে নেবে মালদার চিল্ড্রেন হোম ফর গার্লস। নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 509/CHG (M).

দরখাস্ত করতে হবে অনলাইনে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.malda.gov.in দরখাস্তের শেষ তারিখ ৪ নভেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# চণ্ডীগড় প্রশাসনে ৩০০ ক্লার্ক, স্টেনো-টাইপিস্ট

*প্রথম পাতার পর*

এল আই টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার বিষয়ক অন্তত ৮০ ঘণ্টা মেয়াদের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। সেই সঙ্গে ক্লার্ক পদের ক্ষেত্রে কম্পিউটারে মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে এবং স্টেনো-টাইপিস্ট পদের ক্ষেত্রে ইংরেজি স্টেনোগ্রাফিতে মিনিটে ৮০টি শব্দের গতি ও কম্পিউটারে মিনিটে ২০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১০,৩০০-৩৪,৮০০ টাকা। সেই সঙ্গে গ্রেড পে ৩,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার টেস্ট, স্টেনোগ্রাফি টেস্ট ও ট্রান্সক্রিপশন টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় দু'টি পত্র থাকবে। প্রথম পত্রের পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১২টা। পরীক্ষায় থাকবে উচ্চমাধ্যমিক স্তরের ইংলিশ (৪০ নম্বর), জেনারেল নলেজ (৪০ নম্বর), কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট (২০ নম্বর)। দ্বিতীয় পত্রের পরীক্ষা হবে দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। পরীক্ষায় থাকবে মাধ্যমিক স্তরের অঙ্ক (৪০ নম্বর) ও স্ট্যাটিস্টিক্স (৩০ নম্বর), অ্যাপ্টিটিউড (রিজনিং ভার্বাল ও নন-ভার্বাল) (৩০ নম্বর)। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://chdrectt2019.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ অক্টোবর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও কালো কালির সই (জে পি জি ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর-সহ অ্যাকনলেজমেন্ট স্লিপের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি জাতি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। অনলাইন রেজিস্ট্রেশনের ২৪ ঘণ্টা পর নগদে চালানের মাধ্যমে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৫ অক্টোবর।

কোনও সমস্যার সম্মুখীন হলে ফোন করতে পারেন এই নম্বরে: ০১৭২-২৭৪০২০০, ২৭৪০৫৯১। ই-মেল: chdrectt2019@gmail.com

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
**প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad